

মাসিক

سم الله الرحمن الرحيم

আত-তাহ্যীক

مجلة "التحريك" الشهرية علمية أدبية و دينية

ধর্ম, সমাজ ও মাহিত্য বিষয়ক গবিষ্ণা পত্তিকা

त्रिष्टिः त**्**ताक ५५८

৪র্থ বর্ষঃ	১০ম সংখ্যা
রবীঃ ছানী ও জুমাঃ উলা	১৪২২ হিঃ
আষাঢ় ও শ্রাবণ	১৪০৮ বাং
জুল।ই	২০০১ ইং

সম্পাদক মণ্ডলীর সভাপতি ডঃ মুখাম্মাদ আসাদুল্লাহ আল-গালিব	•••
সম্পাদক মুহামাদ সাখাওয়াত হোসাইন	
সার্কুলেশন ম্যানেজার আবুল কালাম মুহামাদ সাই ফুর রহমান	
বিজ্ঞাপন ম্যানেজার মুহাম্মদ যিল্লুর রহমান মোল্লা	200.0

কম্পোজঃ হাদীছ ফাউণ্ডেশন কম্পিউটার্স

যোগাযোগ8

নির্বাহী সম্পাদক, মাসিক আত-তাহরীক নওদাপাড়া মাদরাসা (বিমান বন্দর রোড), পোঃ সপুরা, রাজশাহী। মাদরাসা ফোনঃ (০৭২১) ৭৬১৩৭৮, কেন্দ্রীয় 'যুবসংঘ' অফিস ফোনঃ ৭৬১৭৪১, সম্পাদক মণ্ডলীয় সভাপতি ফোন ও ফ্যাক্সঃ (বাসা) ৭৬০৫২৫।

ঢাকাঃ

তাওহীদ ট্রাষ্ট অফিস ফোন ও ফ্যাক্সঃ ৮৯১৬৭৯২। 'আন্দোলন 'ও 'যুবসংঘ' অফিস ফোনঃ ৯৫৬৮২৮৯।

शिमग्राः ५० টोका याज ।

হাদীছ ফাউণ্ডেশন বাংলাদেশ কাজলা, রাজশাহী কর্তৃক প্রকাশিত এবং দি বেঙ্গল প্রেস, রাণীবাজার, রাজশাহী হ'তে মুদ্রিত।

সূচীপত্র

🔾 সম্পাদকীয়	૦ ૨
এবদঃ	
🔲 বাংলাদেশে ইসলামঃ আগমন ও প্রতিষ্ঠা	୦୯
্ব ু - মুহাম্মাদ আব্দুল্ ওয়াকীল	_
🔰 🗇 সিজদাঃ আল্লাহ্র নৈকট্য লাভের অন্যতম	উপায় ০৬
 মুহাদাদ আসুর রহমান 	[편 소노·
🙎 - पार्यमङ ছाমान সালাফী	भ ०५
💆 🔲 এক শতাব্দীর বাঙালি হিন্দু-মুসলমান	٥٥
ু সুরজিৎ দাশগুপ্ত	
🗇 চিকিৎসা বিজ্ঞান ও ইস্পাম	38
- মুহাম্মাদ আব্দুল মালেক ☐ প্রচলিত যঈফ ও জাল হাদীছ সমূহ	S.I.
- बाजूद वायवाक विन रेडिजूक - बाजूद वायवाक विन रेडिजूक	70
🔾 ছাহাবা চরিতঃ	
্র বাধনা সারভঃ া বাধনা বিন্তু যাম আহ (রাঃ)	
- यूराचाम कारीकल टॅम ला म	39
1	
*	_ 、
🔲 মুহাম্মাদ বিন ছালেহ আলে উছাইমীন (ব	ारः) २०
-আহমাদ আব্দুল্লাহ ছাক্ট্বিব	
🔾 অর্থনীতির পাতাঃ	
💈 🔲 পুঁজিবাদী আগ্রাসনের কবলে মুসলিম বিশ্ব ও আমাদের ক	রণীয় ২৩
- भार् गृहाचान शरीवृत तर्मान	
🕻 🔾 নবীনদের পাতাঃ	২৯
📮 🔲 পবিত্র কুরুআন ও ছহীহ হাদীছের মানদতে সোনামণি সংগঠ	নের মূলমন্ত্র
ও তণাবলী - মুযাঞ্চর বিন মুর্হাসন	
্ব 🖸 হাদীছের গল্পঃ	২৯
🔲 মহানবী (হ:১)-ই একমাত্র সুপ্নারিশকারী	
🖁 - भूकांड्डय विन भूटिंगन	
🖁 🔾 চিকিৎসা জগৎঃ	২৯
🗍 ভায়াবেটিস -ভাঃ মুহাম্মাদ হাফীযুদ্দীন	
🖁 🔾 কবিতা	<i>د</i> ی
🕻 ০ খোকন এলিনা -মোলা আবুল মাজেদ 🔑 নীতি -মুহাগান অ	দ্বস সান্তার
👂 ০ আহলেহাদীছ আন্দোলন চলছে সারা বিশ্বে -মুহান্বাদ মামুনুর 🕾	rs 1
ু ০ পাত্মঅহংকার -ত্মানরান্তুল ইস্লাম	
🖁 🖸 সোনামণিদের পাভা	98
🖁 🔾 चटमम-विटमम	৩৭
 মুসলিম জাহান 	83
🔾 বিজ্ঞান ও বিস্ময়	89
अ गर्गठेन गरवाप	
S of the state of	98

বিস্মিল্লা-হির রহমা-নির রহীম



এ লজ্জা ঢাকব কি দিয়ে?

বাংলাদেশ বিশ্বের সবচেয়ে দুর্নীতিগ্রস্ত দেশ।' ক্ষমতাসীন সরকারের একেবারে ক্রান্তিলগ্নে এসে ক্ষ্যান্ত পেয়েছে ইতিহাসের এই লজ্জাজনক উপহারটি। জার্মান ভিত্তিক দুর্নীতি বিরোধী বেসরকারী আন্তর্জাতিক সংস্থা দ্রান্সপারেশি ইন্টারন্যাশনাল' (টিআই) -এর ২০০১ সালের 'দুর্নীতির ধারণা সূচকে' (Corruption Perceptions Index) এ তথ্য প্রকাশ করা হয়েছে। গত ২৭শে জুন ২০০১ বুধবার প্যারিসে 'টিআই' -এর পক্ষ থেকে আনুষ্ঠানিকভাবে এ সংক্রান্ত প্রতিবেদন ও সূচক প্রকাশ করা হয়। ১৯৯৫ সাল থেকে চালু হয়ে সপ্তমবারের মত প্রকাশিত 'টিআই'-এর এ সূচকে বিশ্বের ৯১ টি দেশকে অন্তর্ভুক্ত করা হয়। গত ও বছর ধরে ৭টি স্বাধীন সংস্থা পরিচালিত সর্বোচ্চ ১৪টি জরিপের ফলাফলের ভিত্তিতে এবারের সামগ্রিক সূচক নির্ধারণ করা হয়েছে। এবারের সূচক অনুযায়ী ইতিপূর্বেকার বিশ্বের সেরা দুর্নীতিগ্রস্ত দেশ নাইজেরিয়া তাদের কলঙ্ক কিছুটা ঘুচিয়ে দ্বিতীয় স্থানে উঠে এসেছে। যুগাভাবে ভৃতীয় স্থান অধিকার করেছে উগান্তা ও ইন্দোনেশিয়া। উপমহাদেশের চির প্রতিহন্দ্বী পাকিস্তান ও ভারত যথাক্রমে সন্তর্ম ও দশম স্থান লাভ করেছে। অন্যদিকে বিশ্বের সবচেয়ে কম দুর্নীতিগ্রস্ত দেশ হিসাবে অবস্থান করছে ফিনল্যান্ত। দ্বিতীয় ও তৃতীয় কম দুর্নীতিগ্রস্ত দেশ হিসাবে স্থান লাভ করেছে (ফনমার্ক ও নিউজিল্যান্ত। প্রকাশিত এই সূচকে সর্বাধিক দুর্নীতিগ্রস্ত দেশের জন্য শূন্য (০) এবং সবচেয়ে কম দুর্নীতিগ্রস্ত দেশের জন্য দশ (১০) স্কোর নির্ধারণ করা হয়। বাংলাদেশের ক্ষের ছিল মাত্র ০.৪। যা ৯১ টি দেশের মধ্যে সর্ব নিম্নে।

উল্লেখ্য যে, ১৯৯৬ সালে যখন বর্তমান সরকার ক্ষমতায় আসে, তখন 'টিআই' সূচকে বিশ্বের ৫৪টি দুর্নীতিগ্রস্ত দেশের মধ্যে বাংলাদেশের অবস্থান ছিল চতুর্থ। অতঃপর গত চার বছর স্বাধীন সংস্থা কর্তক পরিচালিত পর্যাপ্ত জরিপের অভাবে বাংলাদেশের নাম সূচকে অন্তর্ভুক্ত ছিলনা। কিন্তু এ বছর বিশ্বব্যাংক কর্তৃক পরিচালিত 'বিজনেস এনভায়রনমেন্ট সার্তে ২০০১' (Business Environment Survey 2001) বিশ্ব অর্থনীতি ফোরামের 'গ্লোবাল কন্পিটিটিভনেস রিপোর্ট ২০০১' (Global Competitiveness Report 2001) এবং 'ইকোনমিন্ট ইন্টেলিজেন্স ইউনিট ২০০১' (Economist Intelligence Unit 2001) এই তিনটি জরিপের ফলাফলের উপর ভিত্তি করে 'টিআই' সূচকে বাংলাদেশের নাম অন্তর্ভুক্ত হয়েছে বিশ্বের সর্বাধিক দুর্নীতিগ্রস্ত দেশ হিসাবে। ফলে আন্তর্জাতিক বিশ্বে বাংলাদেশের ভাবমূর্তি ক্ষুন্ন করে, ইতিহাসের একটি কলঙ্কিত অধ্যায় জাতির ঘাড়ে চাপিয়ে দিয়ে বিদায় নিতে হচ্ছে ক্ষমতাসীন সরকারকে। জানিনা জাতি এ লচ্জা ঢাকবে কি দিয়ে?

অবশ্য সরকারের পক্ষ থেকে তাৎক্ষণিকভাবে উপরোক্ত রিপোর্টকে প্রত্যাখ্যান করা হয়েছে। আমরা মনে করি দুর্নীতিতে আমরা চ্যাম্পিয়ন, না রানার আপ এ নিয়ে তর্ক-বিতর্ক হওয়া অস্বাভাবিক কিছু নয়। কিছু ক্রনেই বেড়ে যাওয়া দুর্নীতি যে সারা দেশকে ছেয়ে ফেলেছে, এই রয়় বাস্তবতা আমরা অস্বীকার করব কিভাবে? ভেজাল খাদ্য থেকে শুরু করে পানি-বিদ্যুৎ ও গ্যাসের জন্য 'সার্ভিস ফী', ব্যবসার জন্য 'প্রটেকশন মানি' ফাইল নড়ানোর জন্য 'ফুয়েল', ক্ষমতাবানদের নেক নজরে াজার জন্য 'ডোনেশন', বড় কাজ পাওয়ার জন্য 'অনুদান', প্রকল্প অনুমোদনের জন্য 'কমিশন' কেটে নেওয়া নতুন কিছু নয়। এতদ্বাতীত ছেলেকে স্কুলে ভর্তি করতে, দ্রাইভিং লাইসেঙ্গ পেতে, টেলিফোন কানেকশন নিতে, শহরে-গ্রামে এক খন্ড জমি রেজিষ্ট্রি করতে, এমনিতরো হাযারো কাজে দিতে হয় ঘুষ বা বখশিশ। অন্যথায় সবকিছুই পড়ে থাকে স্থবির হয়ে। দিনের পর দিন মাসের পর মাস ফাইল আটকে থাকে একশ্রেণীর দুর্নীতিবাজের হাতে। এমনকি মুমূর্বু রোগীকে হাসপাতালে ভর্তি করতে গেলেও পড়তে হয় দুর্নীতিবাজের খপ্পরে। দীর্ঘ ছাত্র জীবনের সমাপ্তির পর কর্মজীবনের নতুন অধ্যায়ের শুভ সূচনাতেও চাই মোটা অংকের ঘুষ বা ডোনেশন। আর সে কারণ ছেলেকে বিশ্ববিদ্যালয়ে পাঠিয়ে দিয়েই পিতাকে নেমে পড়তে হয় তথাকথিত 'ডোনেশন' এর টাকা সংগ্রহ করতে। মেধার মূল্য একেবারেই ক্ষণ। 'যার টাকা ও ক্ষমতা আছে তার সবকিছু আছে' এ নীতি যেন আজ সর্বত্র বিরাজমান। এক কথায় হেন ক্ষেত্র নেই, যেখানে নিয়ম বহির্ভূত কাজ হচ্ছে না। চলছে না দুর্নীতির হিংস্র ছোবল। এরপরও কি সরকার বলবেন যে, আমরা সুনীতিবাজ্যং সুনীতিতে আমরা বিশ্ব চ্যাম্পিয়ন হওয়ার অধিকার রাখিং

দুর্ভাগ্য আমাদের। পৃথিবীর দ্বিতীয় বৃহত্তম মুসলিম রাষ্ট্রের যে গৌরবময় সীলমোহর আমাদের ছিল, তা আজ 'বিশ্বের সবচেয়ে দুর্নীতিগ্যন্ত দেশ' -এর সীলমোহরে যেন ঢাকা পড়ে গেছে। মুসলমানদের গৌরবময় ইতিহাস যেন দ্লান হ'তে চলেছে। এহেন অবস্থা থেকে উত্তরণের জন্য দেশের প্রতিটি নাগরিককে প্রথমতঃ ব্যক্তিগত ভাবে সকল দুর্নীতিকে প্রত্যাখ্যান করতে হবে। নিজেকে নীতিবান হ'তে হবে। অতঃপর জনমত গঠনের মাধ্যমে সামাজিকভাবে প্রতিরোধ গড়ে তুলতে হবে। আল্লাহ আমাদের তাওফীকু দিন। আমীন!!

বাংলাদেশে ইসলামঃ আগমন ও প্রতিষ্ঠা

-यूशचाम आयुन ওয়াকীन*

ভূমিকাঃ

ইসলাম হ'ল শান্তির ধর্ম এবং সত্যনিষ্ঠ, বান্তবসমত ও শাশ্বত জীবন ব্যবস্থা। ভৌগলিক সংকীর্ণতা ও জাতীয়তাবাদের সীমাবদ্ধতা ছিন্ন করে সার্বজনীন জীবনাদর্শ। এর আদর্শের অমৃত সুধা পান করে সকলেই হোক উজ্জীবিত। একত্বাদের সার্বভৌমত্বে অকপট বিশ্বাসী হয়ে বিশ্বনবী হযরত মুহাম্মাদ (ছাঃ)-এর প্রদর্শিত পথের যথাযথ অনুসরণের মাধ্যমে সকলেই হৌক কৃতার্থ, দো-জাহানের অশেষ কল্যাণের অধিকারী, এটাই ইসলামের কাম্য। সহিংসতা ও জিঘাংসা পরিহার করে ভ্রাতৃত্ব, সৌহার্দ্য ও সম্প্রীতির বন্ধনে আবদ্ধ করবার বিশ্বজনীন মানবতার ধর্মই হ'ল ইসলাম। বিত্তবানের আকাশচুমী সুরম্য অট্টালিকা হ'তে বিত্তহীনের পর্ণটি পর্যন্ত ইসলাম কর্তৃক আলোকিত হৌক, ব্যক্তি জীবন হ'তে শুরু করে আন্তর্জাতিক জীবন পর্যন্ত সুমহান ইসলামী আদর্শ প্রতিষ্ঠিত হৌক সেই লক্ষ্যেই মহানবী (ছাঃ)-এর শাশ্বত বাণী-

بَلِّغُوا عَنِّي وَلَوْ آيَةً

'পৌছিয়ে দাও, আমার পক্ষ হ'তে। যদি (আমার) একটি বাণীও জানো'।^১

বিশ্বনবী (ছাঃ)-এর এই উদান্ত আহ্বানে তাঁর ছাহাবায়ে কেরাম ও তৎপরবর্তী তাবেঈগণ ইসলামের মশাল হাতে প্রাচ্য হ'তে প্রতীচ্য, উদীচী থেকে জ্বাচী দিশ্বিদিক ছুটে চলেছিলেন জাহেলিয়াতের ঘোর অমানিশা দূর করতে। আর এই মিশন থেকে পাক-ভারত উপমহাদেশে বঙ্গোপসাগর বিধৌত সবুজ-শ্যামল ব-দ্বীপটিও বাদ পড়েনি; বরং ইসলামের সূচনালগ্নেই এর সুমহান আদর্শ এখানে পৌছে যায়।

বেসামরিকভাবে বাণিজ্যিক পথ পরিক্রমায় আগমনঃ আধুনিক শিক্ষিত ও অনেক পণ্ডিতগণ সামরিকভাবে ইসলামের আগমনের সাথে পরিচিত হ'লেও তাঁরা এটা জানেন না বেসামরিকভাবে বাণিজ্যের কাফেলার মাধ্যমে আরব বণিকগণের প্রচেষ্টায় কিভাবে ইসলামের আগমন ঘটেছিল।

এক্ষেত্রে আমরা উল্লেখ করতে পারি, ইসলাম সর্বপ্রথম আরব বণিকগণের মাধ্যমেই এসেছিল। সেই সময়ে ইন্দোনেশিয়ার মশলা কেন্দ্র মালাক্কা, সুমাত্রা, জাভা এইসব স্থানে আরব বণিকগণের যাতায়াত ছিল খুব বেশী। আর বণিকগণ যাত্রার প্রাক্কালে মাঝে মধ্যে চট্টগ্রাম বন্দরেও

আসতেন। ইসলাম যেহেতু একটি পূর্ণাঙ্গ জীবন ব্যবস্থা। বিধায় এর দা'ওয়াত দেওয়া মুসলমানগণ ফরয (فرض) হিসাবেই গণ্য করেন। বণিকগণও তাই যাত্রা বিরতির প্রাক্কালে দা'ওয়াত ও তাবলীগের কাজ যথাযথভাবে আঞ্জাম দিতেন। এইভাবে তাঁরা দ্বীন ও দুনিয়ার সমন্বয় করতেন। অনেকে স্থায়ীভাবে বসবাস, বন্ধুত্ব এবং বৈবাহিক বন্ধনে আবদ্ধ ও আত্মীয়তার বন্ধনে সম্পৃক্ত হয়ে এই দেশে ইসলামের বুনিয়াদ তৈরি করেছিলেন। সেই ক্ষেত্রে 'চট্টগ্রাম' হ'ল বাংলাদেশের 'দারুল ইসলাম' বা ইসলামের দ্বার।

०में नरना, मनिक <mark>बाक बाक्टीन अर्थ वर्ष अध्य करता,</mark> मानिक घाष-काक्टीक अर्थ वर्ष ३०में नरना, बानिक बाक वाक्टीक अर्थ वर्ष

বিশ্বনবী (ছাঃ)-এর সময়েই ছাহাবায়ে কেরামের মাধ্যমে ইসলামের দা'ওয়াত বাংলাদেশে পৌছেছিল। তার প্রমাণ স্বরূপ 'মুস্তাদরাকে হাকেম' হাদীছ গ্রন্থে (৪/১৩৫ পৃঃ) সংকলিত বর্ণনা মতে- বাংলার শাসক রাহমী বংশের রাজা শেষ নবীর আগমনের সংবাদে খুশী হয়ে আরব বিনিকগণের মাধ্যমে রাসূল (ছাঃ)-এর দরবারে এক কলসি আদা উপঢৌকন হিসাবে পাঠিয়েছিলেন। রাসূল (ছাঃ) তা সানন্দে গ্রহণ করতঃ নিজে খেয়েছিলেন ও তা টুকরো করে ছাহাবায়ে কেরামের মাঝে বন্টন করে দিয়েছিলেন।

এথেকে অনুধাবন করা যায় যে, রাসূল (ছাঃ)-এর জীবদ্দশাতে ইসলাম বাংলাদেশে এসে পৌছেছিল। মহানবী (ছাঃ)-এর তিরোধানের পর ছাহাবায়ে কেরাম ও তাবেঈগণের যুগে বণিকগণের মাধ্যমে ইসলাম প্রচারিত হয়েছে। তাঁদের আদর্শ ও চরিত্র অনেককে ইসলাম গ্রহণে উদ্বুদ্ধ করেছে। আরব বণিকগণের তাবলীগে দ্বীনের মাধ্যমে বাংলাদেশ অঞ্চলে ইসলামের অনুসারী ও সমর্থক বৃদ্ধির প্রেক্ষিতে ভবিষ্যতে মুসলিম রাজ কায়েমের ক্ষেত্র তৈরি ও পরিবেশ সৃষ্টি হয়েছে।

ছাহাবায়ে কেরাম ও তাবেঈগণের মাধ্যমে ইসলামঃ

ভারত উপমহাদেশে ছাহাবায়ে কেরাম ও তাবেঈনে ইযামের মাধ্যমে ইসলামের আগমন ঘটে। যাঁরা শুধুই দ্বীন ইসলামের প্রচার ও প্রসারের লক্ষ্যে এই উপমহাদেশে আসেন। ভারতবর্ষে ১৮ জন মতান্তরে ২৫ জন ছাহাবীসহ উমাইয়া খিলাফতের শেষ পর্যন্ত ২৪৫ জন তাবেঈ ও তাবে-তাবেঈর ভভাগমন ঘটে। যদিও উল্লেখিত সংখ্যার ছাহাবায়ে কেরাম এবং তাবে ও তাবেঈ-তাবেঈনে ইযাম বর্তমান ভৌগলিক সীমার পাকিস্তান ও ভারতে এসেছিলেন; কিছু ঐতিহাসিক সূত্রে এই কথা প্রমাণিত এবং নিরীক্ষিত যে, কয়েকজন ছাহাবা ও বেশ কিছু তাবেঈন বা তাবে-তাবেঈনে ইযাম ইশা'আতে দ্বীনের জন্য বাংলাদেশ অঞ্চলেও ভভাগমন করেন। তাঁদের দা'ওয়াতী কার্যক্রম, চারিত্রিক মাধুর্য ও বৈশিষ্ট্য এবং অক্লান্ত প্রচেষ্টায় বাংলাদেশেও ইসলামের সোনালী আলোকচ্ছটায় নতুন

^{*} সুপারিনটেনডেন্ট, ভারাডাংগী দারুস-সুনাহ দাখিল মাদরাসা, বিরল, দিনাজপুর।

১. বুখারী, মিশকাত হা/১৯৮ 'ইলম' অধ্যায়।

২. ডঃ মহাপার্গ পান্তালিব, দা'গুয়াত ও জিহাদ (মুবসংঘ একাশনী), পৃঃ ৬-৭।
৩. তা ভাইন জ আন্যানুল্লাহ আল-গালিব, আহলেহাদীছ আন্দোলন
উৎপত্তি ও ক্রমবিকাশ দক্ষিণ এশিয়ার প্রেক্ষিত সহ (পি.এইচ.ডি
থিসিস) হাদীছ ফাউণ্ডেশন বাংলাদেশ, অধ্যায় ৭, পৃঃ ২০৬।

দিগত্তের দ্বার উন্যোচিত হয়।

বিশেষতঃ তাবেঈ বা তাবে-তাবেঈনের যুগে ইসলামের আদর্শ বাংলাদেশের অভ্যন্তরে ব্যাপকভাবে না হ'লেও মোটামুটি যে প্রচার লাভ করেছিল এবং বৌদ্ধ ও হিন্দু সভ্যতার প্রধান কেন্দ্রগুলিতে ইসলাম পৌছেছিল তা প্রবস্ত্য। এই ক্ষেত্রে প্রমাণ স্বরূপ বলা যায়, জয়পুরহাটের পাহাড়পুর বৌদ্ধবিহারে খলীফা হারূনুর রশীদের আমলের (১৭০-১৯৩ হিঃ) ১৭২ হিজরীতে মৃদ্রিত প্রাচীন আরবী মুদার প্রাপ্তি।⁸

উপরোক্ত আলোচনার প্রেক্ষিতে আমরা অনুধাবন করতে পারি যে, সামরিক অভিযান ও রাজনৈতিক বিজয়ের ছয় শভাষী পূর্ব হ'তেই ইসলাম বাংলাদেশের বিভিন্ন ভানে ছাহাবায়ে কেরাম, তাবেঈ ও তাবে-তাবেঈন ইযামের বাণিজ্যিক কান্দেলার মাধ্যমে কিংবা তাবলীগে দ্বীনের জন্য ভাদের আগমনে আবির্ভৃত হয়। শতাব্দী ভুধু নয় সহস্রাব্দেরও অধিক সময় পূর্ব হ'তে ইস্লামী শিক্ষা-সভ্যতার ঐতিহ্যমণ্ডিত সাংস্কৃতিক ইতিহাস সৃষ্টি হয় ও সমৃদ্ধি লাভ করে।

রাজনৈতিক বিজয়ের পূর্বে ইসলামঃ

স্বর্ণযুগের পরেও রাজনৈতিক বিজয় ও সামরিক অভিযানের পূর্বে ইসলাম ছুফী-সাধক ও 'উলাফায়ে দ্বীন এবং মুজাদ্দিদগণের মাধ্যমে প্রচারিত হয়। অনেক রাজা-বাদশাহ ও জনসাধারণ তাঁদের প্রচেষ্টায় দলে দলে ইসলাম গ্রহণ করেন। উল্লেখ্য যে, 'কোচ রাজার আমলে ১০৫৩ খ্ট্রান্দে শাহ মুহাম্মাদ সুলতান রুমী ময়মনসিংহ-নেত্রকোনা যেলার মদনপুরে আগমন করেন ও রাজাসহ স্থানীয় সকলে ইসলাম গ্রহণ করেন। ১১১৯ খৃষ্টাব্দের দিকে রাজা বল্লাল সেনের আমলে ঢাকার বিক্রমগুর এলাকায় 'বাবা আদম' নামে একজন ধর্ম প্রচারক আন্দেন এবং অনুচরবৃন্দসহ বল্লাল সেনের হাতে নিহত হন। মূর্তিনাশক শাহ নে মাতৃল্লাহ এই সময় ঢাকার দিলকুশাকৈ কেন্দ্র করে ইসলাম প্রচার করেন। লক্ষণ সেনের রাজত্ত্বের শেষ দিকে জালালুদ্দীন তাবরিয়ী বাংলাদেশে ইসলাম প্রচার করেন।^৫

উল্লেখিত আলোচনা সমূহের প্রেক্ষিতে এই কথা প্রতীয়মান হয় যে, উচ্চবর্ণ হিন্দুদের দান্তিকতা বা বৌদ্ধ ধর্মাবলম্বীদের বিভিন্ন সংকীর্ণ মানসিকতার কারণে অসংখ্য সাধারণ ও নিরীহ মানুষ ইসলামকে একমাত্র শান্তির নীড় এবং মুক্তির পথ হিসাবে আন্তরিকভাবে বিশ্বাস করে দলে দলে তাওহীদের দা'ওয়াত গ্রহণ করে। এতদ্ব্যতীত বগুড়ার মহাস্থানের শাহ সুলতান মাহিসাওয়ার এবং পাবনার শাহজাদপুরের মখদুম শাহ দৌলা শহীদ বখতিয়ারের পূর্বে এসেছিলেন। অবশ্য ছুফীগণের কারো আগমন বখতিয়ারের পরেও হ'তে পারে। তবে অধিকাংশই তুর্কী বিজয়ের পূর্বে এসেছিলেন। ছুফীদের বিষয়টি নিয়ে আব্দুল করীম লিখিত

আলোচনা থেকে বোঝা যায়, সামরিক অভিযানের বহু পূর্ব হ'তে বিশেষতঃ রাজনৈতিক বিজয়ের পূর্ব মুহুর্তে উল্লেখযোগ্য অংশ भूসলমান হয়েছিলেন। यिनिও বাংলাদেশের বৃহদাংশ বন্তিয়ারের রাজ্যের বাইরে ছিল কিন্তু এই কথা দিবালোকের মত ৰঙ্গু যে, একটি রাজ্য বিনা প্রতিরোধে জয় করার গেছনে অবশ্যই কিছু কারণ নিহিত तसर्ह। आगानुत्रथ मूजनमान ७ जमर्थक जामित्रक অভিযানের পূর্বেই সৃষ্টি হয়েছিল বিধায় নির্বিঘ্নে বাংলা বিজয় সম্ভব হয়েছিল। তথু পেশীশক্তি কিংবা অত্র দিয়ে কোন জাতিকে নিয়ন্ত্রণ ও পরিচালনা করা যায় না, বরং বাংলায় মুসলিম শাসন প্রতিষ্ঠিত হওয়ার পর তা টিকে থাকায় এই কথা সুস্পষ্ট হয়ে যায় যে, বাংলাদেশ নহ বাংলায় এমন একটি মুসলিম পরিবেশ তৈরি হয়েছিল যখন ওধুই রাজনৈতিক বিজয় অর্জন ও ক্ষমতা গ্রহণ অবশিষ্ট

সামরিক বিজয়ঃ

ভারতবর্ষে প্রথম সামরিক অভিযান ও রাজনৈতিক বিজয়ের প্রায় ৪৯২ বছর পর কুতুবুদ্দীন আইবেকের নির্দেশে তাঁর বিশ্বস্ত সেনাপতি ইখতিয়ারুদ্দীন মুহামাদ বখতিয়ার খলজী वाश्ना विजय करतन। ^७ वाश्ना विजरत्नत मन, তातिच निरा মতভেদ থাকায় সঠিক তারিখ, সন উল্লেখ করা সম্ভব নয়। তবে ১২০২/১২০৩ অথবা ১২০৪ খৃষ্টাব্দে তথা ত্রভ্রোদশ শতান্দীতে বাংলায় বিজয় অর্জন হয়। বাংলা বিজয়ের সামরিক অভিযানে বুখতিয়ারের সেনাধ্যক্ষদের মধ্যে তিনজনের নাম পাওয়া যায়। তাদের মধ্যে আলী মর্দান খলজী বরসৌলের ও হুসামুদ্দীন ইওজ খলজী গঙ্গতরীর শাসনকর্তা নিযুক্ত হন। অপর সেনাধ্যক্ষের নাম শীরান খলজী। 'বরসৌল'কে দিনাজপুর যেলার অন্তর্গত ঘোড়াঘাট এলাকায় निर्দেশ করা হয়। বরসৌল-এর অধীনে বগুড়া, রংপুর ও দিনাজপুরের বৃহত্তর অঞ্চল ছিল।^৭ ১২০৬ খৃষ্টাব্দে বখতিয়ার খলজী মৃত্যুমুখে পতিত হন। প্রকৃতপক্ষে বখতিয়ারই ছিলেন বাংলায় মুসলিম শাসনের প্রতিষ্ঠাতা।

বখতিয়ার খলজীর বীরতেৢ বাংলায় (বাংলাদেশের কিয়দংশ সহ) মুসলিম শাসন প্রতিষ্ঠিত হওয়ার মাধ্যমে ইসলাম এতদঞ্চলের মানুষের চির সাথীতে পরিণত হ'ল। পরবর্তীতে শাসনের হাত বদল হ'লেও মুসলমানগণই সময়ের আবর্তন ও বিবর্তনে সমগ্র বাংলাদেশ বা বাংলা

History of the Muslims of Bengal এর ৮৬ প্রায় আলোকপাত হয়েছে। আমরা সেদিকে যেতে চাইনা। এতদ্ব্যতীত অনেকে মনে করেন দশম শতাব্দীতে চট্টগ্রাম অঞ্চলে মুসলিম রাজ্য ছিল। অবশ্য রাজ্যের কথা 'বাংলাদেশের ইতিহাস' (নওরোজ কিতাবিস্তান ৫. বাংলা *বাজার, ঢাকা)* গ্রম্থের প্রণেতাগণ স্বীকার করেননি।

^{8.} श्रीञ्चक, व्यथास ५०, शृः ४०७।

৫. थो७ङ, जयारा ১०, नेः ८०७-८०८।

৬. ডঃ সৈয়দ মাহমুদুল হাসান (গ্লোব লাইঃ প্রাঃ লিঃ ঢাকা) পঞ্চম षशास, 9३ ৯०।

৭. বাংলাদেশের ইতিহাস, (নুওরোজ কিতাবিস্তান ৫, বাংলা বাজার, ঢাকা) দ্বিতীয় পর্বঃ প্রথম পরিচ্ছেদ, পঃ ১৩৬।

তাদের নিয়ন্ত্রণে পরিচালনা করার সৌভাগ্য অর্জন করেন। ১৭৫৭ খ্ট্টাব্দের ২৩শে জুন পলাশীর পরাজয়ের পর সমগ্র উপমহাদেশের ইতিহাস ভিনু হ'তে শুরু করল। সৃষ্টি হ'ল অন্য প্রেক্ষাপটের।

ইসলামের প্রকৃত প্রতিষ্ঠাঃ

বখতিয়ার খলজীর বাংলা বিজয়ের প্রাক্কালে বা তৎপরবর্তী সময়ে যে ইসলাম প্রচারিত হয় তা বহুলাংশে ইসলামী আদর্শ হ'তে বিচ্যুত। তুর্কী ও পারসিক এবং হিন্দুস্তানী বা অন্যান্য ধর্মের বহুবিধ কুসংস্কার দ্বারা প্রভাবিত। যার ফলে ইসলামের আদিকাল হ'তে সেই আদর্শ ও বৈশিষ্ট্যের সাথে বাংলাদেশের মুসলমান পরিচিত ছিলেন। পরবর্তীতে ত্রয়োদশ শতাব্দী হ'তে রাজনৈতিক বিজয়ের পর পূর্ণাঙ্গ ইসলামের রূপ বা নীতির বিপরীতে তাঁরা কিংবা তাঁদের উত্তরসূরীগণ শিরক ও বিদ'আতযুক্ত তথা কুসংস্কারাচ্ছনু ইসলামের সাথে পরিচিত হ'লেন। ছুফী ও দরবেশদের অনেকেই ভ্রান্ত নীতিতে থাকার ফলে তাঁরা মুসলমানগণকে যথাযথ শিক্ষা প্রদানে ব্যর্থ হন।

রাজনৈতিকভাবে শাসকগণ ইসলামের বিভিন্নভাবে খিদমত করলেও ইসলামের প্রকৃত আদর্শ তাঁরা প্রতিষ্ঠিত করতে পারেননি। খলজী বংশ হ'তে শুরু করে স্বাধীন সুলতানী ব্যবস্থায় বলবনী শাসন কিংবা ইলিয়াস শাহী, হুসেন শাহী অথবা বাংলার আফগান, মুগল শাসন থেকে শুরু করে নবাবী শাসনামল পর্যন্ত ইসলামের প্রকৃত শিক্ষার যথাযথ বিকাশ হয়নি। আর তাঁদের অনেকেই ইসলামের মূর্ত প্রতীকও ছিলেন না।

তবুও এহেন প্রচেষ্টায় উত্তরোত্তর মুসলিম জনসংখ্যা বৃদ্ধি পেলেও ইসলাম যথাযথভাবে মুসলমানদের মাঝে প্রতিষ্ঠিত না হয়ে জাহেলিয়াতকেই তারা সযতনে লালন করেন। বিভিন্ন উলামা ও পীর-মাশায়েখদের মস্তিষ্ক প্রসূত চেতনা এবং ফিক্বুইা বিষয়ের প্রধান্যতায় পবিত্র কুরআন ও ছুহীহ সুন্নাহ অনেকটা নির্বাসিত হয়ে যায়। তারপরেও প্রকৃত সত্য টিকে ছিল। মানুষ যাতে পবিত্র কুরআন ও ছহীহ সুনাহুর যথাযথ শিক্ষা অর্জন করে সমাজ ও জাতির মাঝে অবস্থিত ইসলামের নামে পূঞ্জীভূত আবর্জনাগুলো পরিষ্কার করতঃ নিখাদ মুসলমান হ'তে পারে সেই প্রচেষ্টাও লক্ষ্যণীয় ছিল। এই ক্ষেত্রে ত্রয়োদশ শতাব্দীতে সোনারগাঁও হাদীছ শিক্ষা কেন্দ্রের প্রতিষ্ঠাতা আল্লামা শরফুদ্দীন আবু তাওয়ামা বুখারীর নাম সর্বাগ্রে শ্রদ্ধাভরে স্মরণ করতে হয়। তিনিই সর্বপ্রথম 'বুখারী-মুসলিম' ভারত বর্ষে নিয়ে আসেন। সোনারগাঁও বিশ্ববিদ্যালয়ে দীর্ঘ তেত্রিশ বৎসর (৬৬৭-৭০০ *হিঃ/১২৬৮-১৩০০ খৃঃ)* যাবত ছহীহায়নের দরস দানের ফলে এদেশের বহু মানুষ পবিত্র কুরআন ও ছহীহ সুনাহ অনুযায়ী জীবন গড়তে উদ্বুদ্ধ হন।

এতদ্বাতীত আলাউদ্দীন আলাউল হকও (মৃঃ ১৩৯৮ খৃঃ) সোনারগাঁয়ে ইসলাম প্রচার করেন। ^৮ এইভাবে সামরিক বিজয়ের পরও ইসলামের প্রচার ও শিক্ষা প্রদান মুসলিম মনীষীগণ কর্তৃক অব্যাহত থাকে। উল্লেখিত দিকগুলো পর্যালোচনা করলে দেখা যাবে যে, ইসলামের প্রকৃত আদর্শ যথাযথভাবে প্রতিষ্ঠিত না হ'লেও হক্টের প্রচার থাকায় বহুক্ষেত্রে সঠিক ধ্যান-ধারণা যথাযোগ্য মর্যাদা লাভ করে।

অয়োদশ শতাব্দীর পরেও বহু মুসলিম জ্ঞানী-গুণী এবং তাপস-সাধক বাংলাদেশে ইসলাম প্রচারের জন্য আগমন করেন। তাঁদের প্রচেষ্টা ও পাশাপাশি রাজকীয় ব্যবস্থাপনায় ও সহযোগিতায় ইসলাম প্রসার লাভ করলেও তার প্রকৃত আদর্শ বাস্তবায়িত হয়নি। অদ্যাবধিও সেই অবস্থা বিদ্যমান। তবে এখন অবশ্য প্রগতির কথিত স্রোতে আমাদের অবস্থা আরো ভয়াবহ।

অবশ্য বাংলাদেশ বা বাংলার অনেক শাসক ইসলামকে মনেপ্রাণে গ্রহণ করতঃ বহু দ্বীনি প্রতিষ্ঠান প্রতিষ্ঠা করেছিলেন এবং শরী'আতের গবেষণার লক্ষ্যে তাঁদের পৃষ্ঠপোষণ বিশেষ উল্লেখের দাবী রাখে। ইসলামী শিক্ষা ও কৃষ্টির আলোকে বাংলা বা বাংলাদেশের মুসলিম সমাজ যাতে ইহলৌকিক শান্তি প্রতিষ্ঠা ও পারলৌকিক জীবনের কন্টকযুক্ত পথকে কন্টকমুক্ত করতে পারে সেজন্য অনেক শাসক তদানীন্তন সময়ের জগদ্বিখ্যাত উলামাদের বিদেশ থেকে নিয়ে আসতেন এবং তাঁদের উপযুক্ত পষ্ঠপোষণ করতেন। এভাবে ইসলামী আদর্শ, রীতি-নীতি অনুশীলন ও চর্চার পথ সুগম হয় এবং রাষ্ট্রীয় জীবনে পুরোপুরি না হ'লেও সামাজিক জীবনে অনেকাংশেই ইসলামী পরিবেশ প্রতিষ্ঠিত হয়।

সৌভাগ্যের কথা হ'লঃ স্বাধীন সুলতানী যুগের শাসনামলে বাংলার মুসলিম রাজ্য সমগ্র বাংলাদেশে বিস্তৃতি লাভ করে এবং ইলিয়াস শাহ সর্বপ্রথম সারা বাংলাদেশকে একক শাসনাধীনে আনেন। সুলতানী শাসনামলে ইসলামী শাসনপদ্ধতি অনুযায়ী বাংলাদেশ পরিচালিত হ'ত বলে ঐতিহাসিকগণ অভিমত পোষণ করেন। বিভিন্ন শিলালিপি এবং মুদ্রায় প্রাপ্ত সুলতানদের উপাধি দৃষ্টে মনে হয়, সে সুলতানেরা ইসলামের বিধি বহির্ভূত কোন আইন প্রণয়ন করতেন না। এতদ্ব্যতীত মুসলমান ও ইসলামের উনুতি সাধন সুলতানদের দায়িত্ব হিসাবে বিশ্বাস করে তাঁরা দেশ পরিচালনা করতেন 🔊

উল্লেখিত আলোচনার প্রেক্ষিতে আমরা অনুধাবন করতে পারি সমগ্র বাংলাদেশে কিভাবে ইসলামের আবির্ভাব ও বিকাশ ঘটেছিল। তাইতো বহু পথ পরিক্রমা পাড়ি দিয়ে বাংলাদেশ আজ মুসলিম বিশ্বের দ্বিতীয় বৃহত্তম রাষ্ট্র।

৯. বাংলাদেশের ইতিহাস (নওরোজ কিতাবিস্তান), অষ্টম পরিচ্ছেদঃ সুলতানী যুগের শাসন ব্যবস্থা, পৃঃ ২৩৫। সুপার, ভারাডাংগী দারুস-সুনাই দাখিল মাদ্রাসা, বিরল, দিনাজপুর।

সিজদাঃ আল্লাহ্র নৈকট্য লাভের অন্যতম উপায়

-মুহাম্মাদ আব্দুর রহমান*

আল্লাহ তা'আলার নিকট সম্পূর্ণরূপে আত্মসমর্পণসহ বিনয়াবনত হওয়ার অন্যতম মাধ্যম হচ্ছে সিজদা। মহান আল্লাহ বলেন.

إِنَّمَا يُؤْمِنُ بِايِتِنَا الَّذِيْنَ إِذَا ذُكِّرُواْ بِهَا خَرُواْ سُجُّدًا وُسْنَبُحُوا بِحَمْدِ رَبِّهِمْ وَهُمْ لاَيسْتَكْبِرُونَ -

'কেবল তারাই আমার নিদর্শনাবলী বিশ্বাস করে, যারা উহার দারা উপদিষ্ট হ'লে সিজ্দায় লুটিয়ে পড়ে এবং তাদের প্রতিপালকের সপ্রশংস পবিত্রতা ও মহিমা ঘোষণা করে এবং অহংকার করে না' (সিজদাহ ১৫)।

সিজদা যে কৃত গুরুত্বপূর্ণ তা কুরআন মাজীদ অধ্যয়ন করলে উপলব্ধি করা যায়। নবী-রাসূলগণ সিজদার ব্যাপারে অত্যন্ত সজাগ ও তড়িৎকর্মা ছিলেন। স্বর্গ-মর্ত্য, ভূমণ্ডল ও নভোমগুলে যা কিছু আছে সবাই আল্লাহ্কে সিজদা করছে। وَالنَّجُمُ وَالشَّجَرُ يَسْجُدُان - अशन जान्नार वर्णन, 'তারকারাজি এবং বৃক্ষরাজি আল্লাহ্কে সিজদা করছে' (আর-রহমান ৬)।

আল্লাহ তা'আলার এমন বান্দাও আছে, যারা নির্ধারিত ফ্রয ছালাত ছাড়াও তাঁর গুণকীর্তন করে থাকেন শেষ রাতে। আল্লাহ্র এইসব একনিষ্ঠ বান্দা গদগদচিত্তে দাঁড়িয়ে, বসে এবং সিজদায় সমস্ত রাত্রি অতিবাহিত করেন। এদের সম্পর্কে পবিত্র কুরআনে বলা হয়েছে,

'তাদের মুখমণ্ডলে সিজদার চিহ্ন থাকবে' *(ফাতহ ২৯)*। সিজদার ফ্যীলত সম্পর্কে হাদীছে অনেক বর্ণনা এসেছে। যেমন-

(১) রাস্ল (ছাঃ) এরশাদ করেন, 'ক্রিয়ামতের দিন রাসূলুল্লাই (ছাঃ) ঈমানদারদের চিনে নিবেন তাদের সিজদার স্থান ও ওয়ূর অঙ্গ সমূহের ঔজ্জ্বল্য দেখে'।

(২) রাসূল (ছাঃ) বলেন, 'আল্লাহ জাহান্নামীদের মধ্য থেকে কিছু লোকের উপরে অনুগ্রহ করবেন এবং ফেরেশতাদের বলবেন, যাও ঐসব লোকদের বের করে নিয়ে এসো, যারা আল্লাহ্র ইবাদত করেছে। অতঃপর ফেরেশতাগণ তাদের সিজদার চিহ্ন দেখে চিনে নিবেন ও বের করে আনবেন। বনু আদমের সর্বাঙ্গ আগুন খেয়ে নিবে, সিজদার চিহ্ন ব্যতীত। কেননা আল্লাহপাক জাহান্নামের উপর হারাম

अभ, (ब्राह्वेविक्कान), সाधुब स्माफ, वामठन्तुव, (धाफामाता, वाकनारी।

করেছেন সিজদার চিহ্ন খেয়ে ফেলতে'।২

(৩) হযরত মা'দান বিন ত্বালহা (তাবেঈ) বলেন, একদিন আমি রাসৃল (ছাঃ)-এর আযাদ করা ক্রীতদাস হ্যরত ছাওবান (রাঃ)-এর সাথে সাক্ষাত করলাম এবং বললাম, আমাকে এমন একটি আমলের সন্ধান দিন যার দ্বারা আল্লাহ আমাকে জান্নাতে প্রবেশ করাবেন। তিনি চুপ থাকলেন। আমি পুনরায় তাঁকে এত২ প্রশ্ন করলাম। উত্তরে তিনি বললেন, আমি নিজে এ ব্যাপারে রাসূল (ছাঃ)-কে প্রশ্ন করেছিলাম। তখন তিনি আমাকে বলৈছেন, আল্লাহ্কে বেশী বেশী সিজদা করতে থাকবে। কেননা তুমি আল্লাহকে যত সিজদা করতে থাকবে, আল্লাহ তদ্ধারা তোমার মর্যাদা তত বৃদ্ধি করতে থাকবেন এবং তোমার ততটা গোনাহ মোচন করবেন। মা'দান বলেন, অতঃপর আমি হ্যরত আবুদারদা (রাঃ)-এর সাথে সাক্ষাত করি এবং তাঁকেও এই প্রশু করি। তিনিও আমাকে হ্যরত ছাওবান (রাঃ) যা বলেছেন তার অনুরূপই বললেন'।^৩

সিজদা ছালাতের সিঁড়ি স্বরূপ। সিজদা মানুষের মানসিক দৈহিক ভাব ব্যক্ত বা ক্ষুরণের পথ। ইহা মানুষকে সামাজিক বন্ধনে বেঁধে দেয় এবং সামাজিক ন্যায়বিচারের পথ প্রশস্ত করে। সিজদা মানুষকে আল্লাহ্র নৈকট্যলাভে সহায়তা विवा । এই নৈকট্য প্রাপ্ত বান্দাগণকে آلُمُقَرَّبُونَ নৈকট্যশীল বলা হয় (ওয়াক্ট্য়াহ ১১)। অন্য জায়গায় মহান আল্লাহ বলেন, 'অবশ্যই পুণ্যবানদের আমলনামা ইল্লিয়্যীনে রয়েছে। আপনি কি জানেন ইল্লিয়্যীন কি? এটা লিপিবদ্ধ খাতা। যারা আল্লাহ্র নৈকট্যপ্রাপ্ত তারা উহা দেখে। পুন্যবানগণ তো থাকবে পরম স্বাচ্ছন্দ্যে, তারা সুসজ্জিত আসনে বসে অবলোকন করবে। আপনি তাদের মুখমগুলে স্বাচ্ছন্মের দীপ্তি দেখতে পাবেন। তাদেরকে মোহরাঙ্কিত বিভন্ধ পানীর হ'তে পান করানো হবে। তার মোহর হবে কস্কুরী। এ বিষয়ে প্রতিযোগীদের প্রতিযোগিতা করা উচিত। তার মিশ্রণ হবে তাসনীমের পানি। এটা একটি প্রস্রবণ, যার পানি পান করবে নৈকট্যশীলগণ'(মুতাফ্ফিফীন ১৮-২৮)। মহান আল্লাহ বলেন, 'তোমাদের ধন-সম্পদ ও সম্ভান-সম্ভতি তোমাদেরকে আমার নিকটবর্তী করবে না....' (সাবা ৩৭)। এক্ষণে সিজদা আল্লাহ্র নৈকট্য লাভের অন্যতম উপায়। এ সম্পর্কে রাসূল (ছাঃ) বলেন

أَقْرَبُ مَايكُونُ الْعَبْدُ مِنْ رَّبِّه وَهُوَ سَاجِدٌ فَأَكْثِرُواْ الدُّعَاءُ-

'বান্দা স্বীয় প্রভুর সর্বাধিক নিকটে পৌছে যায়, যখন সে সিজদায় রত হয়। অতএব তোমরা ঐ সময় বেশী বেশী দো'আ কর'।8

১. আহমাদ, আশবানী, ছিফাড় ছালাভিন নাবী পুঃ ১৩১, ছালাড়ুর রাসূল পুঃ ৭১।

২. ছিফাতু ছালাতিন নাবী, পৃঃ ১৩১; ছালাতুর রাসূল পৃঃ ৭১ ।

भूत्रिम्य, यिगकाण श/४ के १ 'त्रिकमा ७ जात्र मोराष्ट्रो' अनुत्कम । 8. यूमनिय, यिमकाठ श/৮৯৪।

ইমাম গাযালীর মতে, যে ব্যক্তির মধ্যে চারটি গুণ বিদ্যমান থাকবে, তদ্বারা সে আল্লাহ তা'আলার নিকটবর্তী হ'তে পারবে। সেগুলি হচ্ছে - (ক) আধ্যাত্মিক জ্ঞান (খ) কর্তব্য জ্ঞান (গ) রিপু দমন ও (ঘ) ন্যায়বিচার। এগুলিকে আয়ত্ত্ব করতে হ'লে নিম্নোক্ত পদ্ধতিগুলি অবলম্বন করতে হবে-

- (১) আল্লাহর সাহায্য ও নির্দেশ কামনা।
- (২) সর্বাত্মক প্রচেষ্টা করা।
- (৩) আল্লাহ্র বিধি-নিষেধকে মেনে চলা।^৫

আমরা কেবলামুখী হয়ে সিজদা করি। কেননা এটিই মুসলিম বিশ্বের আধ্যাত্মিক দিক নির্দেশক পরিধি সীমা। পৃথিবীর কেন্দ্র হচ্ছে মক্কা, যা পৃথিবীকে চতুর্দিক থেকে পরিবেষ্টন করে আছে। এজন্য মক্কা নগরীকে পবিত্র কুরআনে 'উমুল কুরা' বা আদি জনপদ বলা হয়েছে (শুরা)। সাধারণ পরিভাষায় ইহাকে 'পৃথিবীর নাভিকুণ্ড' বলা হয়। কা'বা হচ্ছে সমস্ত পৃথিবীর কেন্দ্রবিন্দু।

এ সম্পর্কে ডাঃ ইবরাহীম কাযিম বলেন, "The kaba is now not only placed in the centre of the earth, according to the Navel Theory, but it forms the central point of the whole universe".

সিজদায় কপাল (ললাট) স্পর্শ করানো সম্বন্ধে বৈজ্ঞানিক ও চিকিৎসা বিজ্ঞানের কিছু তথ্যঃ

কা'বা গৃহে অবস্থিত হাজরে আসওয়াদ (কালো পাথর) কি জানাত হ'তে পতিত উদ্ধাপিও-ধাতব খণ্ডং যদি তা না হয় তাহ'লে ইহা বিদ্যুত চুম্বক গুণসম্পন্ন পাথর ৷ যার কেন্দ্র হ'তে বিচ্ছরিত আলোকরশার ঢেউ নির্গত হচ্ছে। ডাঃ ইবরাহীম কাযিম বলেন, "It is difficult to determine the real nature of the composition of the Black Stone of the kaba, whethere it was originally a meteorite or not and if so, whether any electro magnetic waves are emitted from it in a radia direction".9

মন্তিকে যে পিনিয়াল গ্লাণ্ড অবস্থিত তাকে বলা হয় তৃতীয় চক্ষু। এটা দিকানুভৃতি অর্জনে এক গুরুত্বপূর্ণ ভূমিকা পলান করে থাকে। যদি কোন কারণে পিনিয়াল গ্লাণ্ড নষ্ট হয়ে যায় তাহ'লে ক্রেটিপূর্ণ দিকানুভূতির কারণ ঘটতে পারে এবং তা কার্যসাধনের চুম্বকীয় ব্যবস্থাকেও প্রভাবিত করতে পারে। মানুষের মাথার খুলির নিমাংশের হাড়ে গাঢ় ঘনতুবিশিষ্ট ম্যাগনেটাইট (লোহার চুম্বকীয় অক্সাইড) থাকে। মানুষের শরীরে যে বিলিয়ন বিলিয়ন লৌহ নিহিত লোহিত কণিকা ঘুরে বেড়াচ্ছে, তা শরীরে একটি চুম্বকীয় প্রবাহ সৃষ্টি করতে পারে। এটা এখনো বের করা সম্ভব হয়নি যে, লৌহ নিহিত লোহিত কণিকাণ্ডলি মস্তিষ্কের সংস্পর্শে এসে এমন কি অবস্থার তৈরী করে, যার ফলে পালাক্রমে নার্ভ অথবা বাহুর উর্দ্ধাংশের হাড় অথবা বৈদ্যুতিক চুম্বকীয় গতিপথের মাধ্যমে

E. Dr. Ebrahim Kajim, Essays on Islamic Topics, P.117. & Essays on Islamic Topics, P. 118.

9. Ibid.

তা পিনিয়াল গ্লাণ্ডে পৌছে দিকানুভূতিকে স্বাভাবিক করে। উপরোল্লিখিত ঘটনার প্রেক্ষিতে এটা কল্পনা করা অসম্ভব নয় যে. আমরা প্রতিদিন যখন সিজদার মাধ্যমে অসংখ্যবার আমাদের কপাল মাটিতে ঠেকাই, তখন কা'বা শরীফ থেকে কিছু তড়িৎ চুম্বকীয় তরঙ্গরশাি বিকিরণের মাধ্যমে আমাদের পিনিয়াল গ্লাণ্ডে এসে পৌছে এবং আমাদের সঠিক দিকানুভূতি অর্জনে (সরল সোজা পথ প্রাপ্তিতে) সাহায্য করে। এমন যদি হয় তবে সিজদা হচ্ছে মুসলমানদের এমন একটি ব্যবস্থা যার মাধ্যমে কা'বার দিকে মুখ করে সিজদার মাধ্যমে তারা সরল পথের সন্ধান করে থাকে। আমরা অলিম্পিক চ্যাম্পিয়নশীপে কোন স্বর্ণপদক না পেতে পারি কিন্তু আধ্যাত্মিক দৌড়ে যদি আমরা ছিরাতুল মুম্ভাকীমের পথে দ্রুত দৌড়াতে পারি তবে জীবনের সঠিক দিক নির্দেশনা অর্জনে সামনের সারিতে থাকতে পারব সন্দেহ নেই ৷^৮

অপাত্রে সিজ্বদাঃ আমরা অহরহ দেখতে পাল্ছি যে, বিপথগামী লোকেরা মৃত ব্যক্তি সহ ফকীর-দরবেশদের কবরের উপর সিজদায় মাথা লুটিয়ে দিচ্ছে। লালসালু দ্বারা কল্পিত কবর নির্মাণ করে সেখানে নযর-নিয়ায পেশ করছে সিন্নি বিতরণ করছে। ন্যাংটা পীর, পাগলা পীর, লাটিয়াল পীরদের ভূয়া মাযার তৈরী করে সেখানে ওরসের জালসা বসিয়ে খাসি, মুরগীর নযর-নিয়ায গ্রহণ করে, জমকালো গান-বাজনার আসর জমিয়ে তুলছে যিন্দা পীরেরা। এগুলি সবই শিরক, যা জঘন্যতম অপরাধ।

তাদের উচিত ছিল তাদের সৃষ্টিকর্তা আল্লাহ্র নিকট সিজদা করা। তারা তা না করে আল্লাহ্র সৃষ্ট জীবের নিকট স্বীয় मखक जवनीनाय युंकिरय मिर्ह्ह। विशेषगामीया मृठ ककीय. পীর, সাধকদের কবরের নিকট গিয়ে ধর্ণা দিচ্ছে। তাদের নিজ নিজ মনোবাসনার জন্য আকুলি-বিকুলি করছে। 'দে বাবা', 'দে বাবা', 'দে খাজা বাবা' বলে ফানা ফিল্লাহ হয়ে যাচ্ছে। অথচ কবরে শায়িত ব্যক্তি সে যত বড়ই কামেল পীর হোক না কেন তার তো শক্তি নেই যে, নিজের জন্য আল্লাহর নিকট কোন সুফারিশ করতে পারে। তাহ'লে সে অন্যের জন্য কি আদৌ কোন কল্যাণ করার ক্ষমতা রাখে?

কোন কোন দেশে চাঁদ ও সূর্যকে সিজদা করার প্রথাও চাল আছে। এর স্বপক্ষে তাদের যুক্তি হ'ল- চাঁদ, সূর্যও মহাশক্তিশালী আল্লাহ্র অংশ (নাউযুবিল্লাহ)। অথচ পবিত্র কুরআনে ইরশাদ হচ্ছে 'তোমরা চাঁদ এবং সূর্যকে সিজদা করো না' *(হা-মীম সাঞ্জদাহ ৩৭)*।

সিজদা খুবই মর্যাদাপূর্ণ এবং সংবেদনশীল। কেননা সিজদা একমাত্র আল্লাহ্র পাওনা। কোন মানুষ ও জিন যদি সিজদার প্রত্যাশী হয়, তাহ'লে সে শিরকের দোষে দুষ্ট। এক আল্লাহ ছাড়া মানুষের ললাট কোন জড় ও জীবের নিকট জ্ঞাতসারে অবনমিত হোক, আল্লাহ তা কিছুতেই বরদাশত করবেন না। তবুও আমাদের মধ্যে কদমবুসি

নামে কুপ্রথা চালু আছে। এ প্রথায় ধর্মভীরু ও ধর্মের যারা ধার ধারে না, সবাই জ্ঞাত কিংবা অজ্ঞাতসারে কদমবুসি করতে গিয়ে নিজ মস্তক ঝুঁকিয়ে কদম (পা) চুম্বন করে। এটা খুবই অশালীন কাজ। অথচ তথাকথিত ভদু সমাজে এটা শালীন কাজ বলেই বিবেচিত ও পালিত হয়। কিন্ত একজন খাঁটি তাওহীদপন্থী কখনো একাজ করতে পারে না।

জায়নামাযঃ নিয়মিত ও অনিয়মিত ছালাতীদের ঘরে এবং মসজিদে ইমামের স্থানে ছালাতের জন্য যে জায়নামায ব্যবহার করা হয়, তাতে ফুল, পাতা, মসজিদের মেহরাব. চাঁদ, তারা ইত্যাদি অংকিত থাকে। এছাডা কিছ জায়নামাযে কা'বা ঘরের মধ্যে 'হাজরে আসওয়াদ'-এর ছবি সম্বলিত জায়নামাযও পাওয়া যায়। বেশীর ভাগ ছালাতীহ এই জায়নামায ক্রয়ে খুবই উৎসাহী। সিজদার জায়গায় 'হাজরে আসওয়াদ'-এর উপর সিজদা দিয়ে খুবই পরিতৃপ্ত হন। এটা সম্পূর্ণ তাওহীদ পরিপন্থী সন্দেহ নেই। মহান আল্লাহ বলেন, 'আপনি বলে দিন, আমার প্রতিপালক সুবিচারের নির্দেশ দিয়েছেন এবং তোমরা প্রত্যেক সিজদার সময় স্বীয় মুখমণ্ডল সোজা রাখ এবং তাঁকে খাঁটি আনুগত্যশীল হয়ে ডাক...' (আ'রাফ ২৯)।

তেলভেটের (কাপড়) উপর 'হাজরে আসওয়াদ'-এর ছবি অংকিত এসব জায়নামায তুরম্ব ও ইরানের তৈরী। শি'আ মতাবলম্বী ইরান হ'তে কিছু কিছু জায়নামায রপ্তানী করা হয়। সেগুলিতে একদিকে (ডানে) হযরত আলী (রাঃ)-এর কবর এবং বামে কা'বা শরীর্ফের ছবি থাকে। এথেকে ইরানীদের দর্শন বুঝতে বাকী রইল কি? ইরান মুসলমান দাবীদার হয়েও নবী করীম (ছাঃ)-কে প্রাধান্য না দিয়ে হ্যরত আলী (রাঃ)-কে প্রাধান্য দিয়ে থাকে। হজ্জ মওসমে সউদী আরবে এসব জায়নামায 'হট কেক'-এর মত বিক্রি হয়ে থাকে। এতে ইরান প্রচুর বৈদেশিক মুদ্রাও আয় করে থাকে। আমাদের দেশের হাজী ছাহেবগণ কিছু কিনতে না পারলেও মক্কা শরীফের ছবি সম্বলিত জায়নামায় কিনতে ভুল করেন না। হজ্জ শেষে দেশে ফিরে এসব জায়নামাযে নামায পড়ে 'হাজরে আসওয়াদ'-এর উপর চোখের পানি ফেলে জায়নামাযকে সিক্ত করেন।

এ সম্পর্কে ১৯৫২ সালে প্রফেসর হাশেমী (যুক্তপ্রদেশ, ভারত) রাজশাহী কলেজে ইসলামের ইতিহাসের ক্লার্শে প্রাণবন্ত বক্তব্য রাখেন। তিনি তাঁর বক্তব্যের এক পর্যায়ে বলেন, আমরা তো মসজিদের মধ্যে গিয়েও অজান্তে শিরক করে চলেছি : মসজিদের মধ্যে ইমামের জায়নামাযে কা'বা শরীফের ছবি, মাথার উপরে الله লিখিত ফলক

এগুলির স্বকিছুই ছালাত আদায়কারীর কিছু না কিছু রেখাপাত করে থাকে। এগুলি এখুনি পরিত্যাজ্য। মহান আল্লাহ বলেন, 'আল্লাহর হেদায়াতের পরিবর্তে যে ব্যক্তি নিজ প্রবৃত্তির অনুসরণ করে, তার চেয়ে অধিক পথভ্রষ্ট আর কে হ'তে পারে' (কাছাছ ৫০)?

হে আল্লাহ! মুসলিম সমাজ থেকে সব রকম শিরকী ধ্যান-ধারণা দূর করে দিন এবং নির্ভেজাল তাওহীদকে জনগণের মধ্যে প্রচার, প্রসার ও প্রকাশের তাওফীক দিন। আমীন!!

জ্ঞানের কথা জ্ঞানীদের জন্য হারানো সম্পদ (الكلمة الحكمة ضالة الحكيم)

-আবদুছ ছামাদ সালাফী*

- (١) خَيْرُ الْجِيْرَانِ عِنْدَ اللّه خَيْرُهُمْ لجَارِه
- (১) আল্লাহ্র নিকট উত্তম পড়শি সে. যে তার পড়শির নিকট উত্তম।
 - (Y) خَمْسُ فِيْ خَمْسٍ
- (২) পাঁচটি বস্তুর ভেতরে পাঁচটি বস্তু লুকিয়ে থাকেঃ
 - (١) اَلْحُبَّةُ في الْقُرْان
- (ক) কুরআনুল কারীমে দলীল।
 - (ب) وَالْعِزُّ فِي الْقَنَاعَة
- (খ) অল্পতে তুষ্ট থাকার মধ্যে সন্মান
- (ج) وَالذُّلُّ فِي الْمَعْصِية (গ) পাপে লাঞ্ছনা।
- (د) وَالْهَيْبَةُ فِي قِيَامِ اللَّيْلِ ا তাহাজ্জুদে ভয়-ভীতি ا
 - (هـ) وَالْغَنِّي فَيْ تُرُّكِ الطُّمُعِ
- (%) লোভ-লালসা পরিত্যাগ করায় ধনবান হওয়া।
 - (٣) إِنَّمَا يَرْحَمُ اللَّهُ مِنْ عِبَادِهِ الرُّجَماءِ
- - (٤) اَلْخَيْرُ كَثيْرُ قَليْلُ فَاعلُهُ
- (8) ভাল কাজ অনেক আছে, কিন্তু সেণ্ডলি অল্প লোকই করে।
 - (٥) أطْلُبُوا الْمَعْرِفَةَ مِنْ حَسَّانِ الْوُجُوْهِ
- (৫) উত্তম লোকদের নিকট হ'তে জ্ঞান অর্জন কর।
 - (٦) لأحسن كَحُسن الْخُلُق
- (৬) বংশীয় মর্যাদা উত্তম চরিত্রের সমমানের নয়।
 - (٧) اَلنَّاسُ مَعَادنُ كَمَعَادن الذَّهَب وَالْفضَّة
- (৭) 'সোনা-রূপার খনিরাজির ন্যায় মানবজাতিও (নানা গোত্রের) খনিরাজি' (মুসলিম, মিশকাত হা/২০১ 'ইলম' অধ্যায়)। অর্থাৎ যার বংশ ভাল সে প্রায় ভালই হয়ে থাকে।
 - (٨) عَثْرَةُ الْقَدَم أَسْلَمُ منْ عَثْر اللِّسَانِ
- (৮) জিহ্বা পিছলে যাওয়ার চেয়ে পা পিছলে যাওয়া অনেক নিরাপদ।
 - (٩) مَنْ زَرَعَ الْعُدُوانَ حَصِدَ الْخُسْرَانَ
- (৯) যে শক্রতার বীজ বপন করবে, সে ক্ষতির সমুখীন হবে।
- * অধ্যক্ষ, ज्ञान-भातकायुन रैभनाभी ज्ञान-भानाकी, नगुनाभाषा, भभुता, त्राक्षनारी।

निक राज्य समित्र । इस गर्व ३६० जन्मा, व्यक्ति प्राप्त सामीन

(١٠) تَنْقَسمُ أَحْوَالُ مَنْ دَخَلَ في عَدَدِ الْإِخْوَانِ إِلَى أرْبَعَة أقسام

(১০) যারা ভ্রাতৃত্বের বন্ধনে আবদ্ধ হয় তারা চার প্রকারঃ

(۱) يُعِيْنُ وَ لاَيَسْتَعِيْنُ (क) অন্যকে সাহায্য করে কিন্তু কারো সাহায্য চায় না। (ب) لاَيُعينُ وَلاَيَسْتَعيْنُ

(খ) কাউকে সাহায্য করে না আর কারো সাহায্যও চায় না ।

(ج) يُستعين وَلاَيعين

(গ) নিজে অন্যের সাহায্য চায় কিন্তু অন্যকে সাহায্য হরে না।

(د) يَسْتَعيْنُ وُيَعيْنَ

(ঘ) নিজে অন্যের সাহায্য চায় এবং অন্যকে সাহায্য করে ;

(١١) مَنْ قَنَعَ بِالرِّزْقِ إِسْتَغْنَى عَنِ الْخَلْق

(১১) যে ব্যক্তি অল্প রুষীতে তুষ্ট থাকে, সে কোন মাখলুকের মুখাপেক্ষী থাকে না।

(١٢) إِذَا نَطَقَ السَّفِيْهُ فَلاَ تُجِبْهُ

فَخَيْرٌ مِّنْ إِجَابَتِهِ السُّكُونَّتُ

فَانْ كَلَّمْتُهُ فَرَّجْتَ عَنْهُ

وَإِنْ خَلَيْتُهُ كَمَداً يَمُونَ ا

(১২) বোকা লোক কথা বললে তার উত্তর দিওনা। তার কথার উত্তর দেওয়ার চেয়ে চুপ থাকা অনেক ভাল। যদি তার সাথে কথা বল, তাহ'লে তাকে বিপদমুক্ত করলে। আর যদি তার সাথে কথা বলা হ'তে বিরত থাক, তাহ'লে সে রাগে-দুঃখে মারা যাবে (ইমাম শাফেঈ)।

(١٣) من أَخْلَدَ إِلَى التَّوَاني حَصلَ عَلَى الْأَمَاني

(১৩) যে সর্বদা চিন্তা-ভাবনা করে কাজ করে. সে নিরাপদে থাকে।

(١٤) مَنْ نَصَعَ اَخَاهُ جَنَّبُهُ هَوَاهُ

(১৪) যে তার ভাইকে উপদেশ দিল, সে তাকে প্রবৃত্তির অনুসরণ থেকে বাঁচাল ।

(١٥) مَنْ يَذَلَ فُلُسَهُ صِبَانَ يَفْسَهُ

(১৫) যে তার পয়সা খরচ করল, সে তার নম্পকে বাঁচিয়ে নিল।

(١٦) قَالَ بَعْضُ الْحُكَمَاء: إِنَّنَانَ ظَالَمَانَ

(১৬) জ্ঞানীগণ বলেন, অত্যাচারী দ'প্রকারঃ

(أ) رَجُلُ أَهْدِيَتْ لَهُ النَّصِيْحَةُ فَاتَّخَذَهَا ذَنْبًا-

(ক) একজন এমন ব্যক্তি যাকে কিছু উপদেশ প্রদান করা হ'ল কিন্তু সে উহাকে পাপ মনে করল।

(ب) وَرَجُلُ وُسُعَ لَهُ فَيْ مَكَانِ ضَيِّقٍ فَجَلَسَ مُتَرَبِّعًا-

(খ) এমন ব্যক্তি যাকে সংকীর্ণ জায়গায় বসতে দেয়া হ'ল কিন্তু সে চার জানু হয়ে (লেটা মেরে) বসল।

(١٧) مَنْ دَامَ كَسْلَهُ خَابَ أَمَلُهُ

(১৭) যে সর্বদা অলসতা করবে, তার আশা কোনদিন পূর্ণ হবে ना। (١٨) قَالَ لُقْمَانُ: إِذَا أَرَادَ اللَّهُ بِقَوْمٍ سُنُوءًا سَلُّطَ

عَلَيْهِمِ الْجَدَلَ وَقَلَّةَ الْعَمَلِ- يَابُنَيُّ قَدْ نَدَمْتُ عَلَى الْكَلاَم وَلَمْ أَنْدُمْ عَلَى السُّكُونت-

(১৮) লোকমান বলেন, আল্লাহ যখন কোন সম্প্রদায়কে বিপদগ্রস্ত করতে চান, তখন তাদেরকে ঝগড়া-বিবাদে লিঙ করে দেন এবং কাজ কম করে দেন। হে বৎস! কথা বলে লজ্জিত হয়েছি। কিন্তু চুপ থেকে লজ্জিত হয়নি।

(١٩) مَنْ أَطَالَ الْأَمَلَ أَسِنَاءَ الْعُمَلُ

(১৯) যার আশা-আকাংখা বেশী হয়ে যায়, তার আমল খারাপ হয়ে যায়।

(٢٠) مَنْ لَزِمَ الرُّقَادَ عَدمَ الْمُرَادَ

(২০) যে সর্বদা ভয়ে থাকে, তার আশা অপূর্ণ রয়ে যায়।

(٢١) نُصِّرُةُ الْحَقِّ شَرَّفُ

(২১) হক্ট্রের সাহা**য্য করা সম্মানের** কাজ।

(٢٢) خَيْرُ الْمَوَاهِبِ ٱلْعَقْلُ

(২২) জ্ঞানই উত্তম উপঢৌকন

(٢٣) قِيلً فِي الرَّجُلِ الْعَظِيْمِ- اَلرَّجُلُ الْعَظِيْمُ: مَنْ اذَ أ وُعظَ اتَّعَظَ

(२७) महर वाकि का व मन्निक वना इसाह- महर वाकि তিনি যাকে উপদেশ দিলে তিনি তা গ্রহণ করেনঃ

(٢٤) وَقِيبُلَ: مَنْ يُصلِحِ الْمُعَوَّجَ وَيَهُدِى إِلَى الصرراط المستقيم

(২৪) কেউ বলেন, মহৎ ব্যক্তি সে যে বাঁকাকে সোজা করে এবং সোজা-সুদৃঢ় পথের দিশা দেয়।

(٢٥) وَقَيْلُ: مَنْ إِذَا قَالَ فَعَلَ وَإِذَا وَعَدَ أَوْفَى

(২৫) কেউ বলেন, মহৎ ব্যক্তি তিনি, যিনি কোন কথা বললে তা কার্যকর করেন এবং অঙ্গীকার করলে তা পূর্ণ করেন।

(٢٦) وَقَيْلُ: مَنْ إِذَا تَكَلُّمَ أَفَادَ وَإِذَا خَطَبَ أَجَادَ

(२७) किए वर्णन, मर् वाकि जिन, यिनि क्या वलाल শ্রোতারা উপকৃত হয় এবং বক্তব্য রাখলে উত্তম বক্তব্য রাখেন।

(٢٧) شُرُّ الْمَصائبِ اَلْجَهْلُ

(২৭) মূর্খতা জঘন্যতম বিপদ।

এক শতাব্দীর বাঙালি হিন্দু-মুসলমান

-সুরজিৎ দাশগুপ্ত

একশ বছর আগে ১৩০০ বঙ্গাব্দে অর্থাৎ ১৮৯৩ খ্রিস্টাব্দে শিকাগো ধর্মসভায় স্বামী বিবেকানন্দের আবির্ভাব বাঙালির ইতিহাসে এক অবিশ্বরণীয় ঘটনা। এর আগে ১৮৩১-৩৩ পর্বে রামহোন রায় ইংল্যাণ্ড ও ফ্রান্সের বুদ্ধিজীবী মহলে গভীর আলোড়ন সৃষ্টি করেছিলেন। কিন্তু বিবেকানন্দের প্রভাব বিস্তৃত হয় বৃদ্ধিজীবী মহলের বাইরে মার্কিন সমাজের ব্যাপকতর ক্ষেত্রে, সাধারণ মানুষের মধ্যে। বিবেকানন্দের প্রভাব আরও একটা কারণে গুরুত্বপূর্ণ যে, যে উদ্দেশ্যে শিকাগোতে ১৯৮৩-এর বিশ্বধর্ম মহাসভার আয়োজন করা হয়েছিল সেই উদ্দেশ্যটাই ব্যর্থ হয়ে যায় বিবেকানন্দের বক্তৃতার ফলে। উদ্দেশ্যটা ছিল খ্রিস্টান ধর্মকে বিশ্বধর্মরূপে প্রতিষ্ঠা করা। 'বিলি সানডে' নামে ঐ মহাসভার একজন উদ্যোক্তা পরবর্তী কালে বলেছিলেন যে, বিশ্বধর্ম মহাসভা আমেরিকার ইতিহাসে ভয়ঙ্কর অভিশাপ ডেকে এনেছে।

বিবেকানন্দ শিকাগো ধর্মসভার উদ্বোধনী ভাষণের উপসংহারে বলেছিলেন যে, 'ধর্মোনাত্ততা এই সুব্দর পৃথিবীকে বহুকাল ধরে বহুবার নরশোণিতে সিক্ত করেছে এবং সভ্যতা ধ্বংস করেছে'। সব শেষে বললেন, 'আমি সর্বতোভাবে আশা করি যে, এই ধর্মসমিতির সন্মানার্থে আজ যে ঘন্টাধ্বনি নিনাদিত হইল, উহা সর্ববিধ ধর্মোনাত্ততার, তরবারি অথবা লেখনীমুখে অনুষ্ঠিত সর্ববিধ নির্যাতন পরম্পরার এবং একই লক্ষ্যের দিকে অগ্রসর ব্যক্তিগণের মধ্যে সর্ববিধ অসদ্ভারের সম্পূর্ণ অবসান বার্তা ঘোষণা করিবে।' স্বভাবতই প্রশু ওঠে যে, কারো নাম উল্লেখ না করে স্বামী বিবেকানন্দ সভ্যতা ধ্বংসকারী ও নরহত্যাকারীরূপে কোন ধর্মোনাত্তদের প্রতি ইঙ্গিত করেছেনঃ

কাদের প্রতি ইঙ্গিত করেছেন তা অনুমানের বিষয়রূপে রেখে কাদের প্রতি ইঙ্গিত করেননি তা স্বামী বিবেকানন্দ স্পষ্ট করে পরবর্তীকালে বলেছেন। ১৮৯৭ সালে আমেরিকা ও ইংল্যাণ্ড হিন্দুধর্ম সম্বন্ধে বক্তৃতাদি করে দেশে ফিরলে তাঁকে বহু সংবর্ধনা দেওয়া হয়। মাদ্রাজে প্রদত্ত সংবর্ধনাগুলির মধ্যে শেষ সংবর্ধনাটি ছিল খুব বড় এবং বিবেকানন্দ যে বক্তৃতাটি দেন তা 'ভারতের ভবিষ্যৎ' নামে বিখ্যাত। এই বক্তৃতায় ভারতের অতীত সম্বন্ধেও তিনি অনেক কথা বলেছিলেন। তিনি বলেছিলেন যে, এক সময়ে ভারতে ব্রাক্ষণের একচেটে অধিকার ছিল এবং ব্রাক্ষণের সেই একচেটে অধিকার ভেঙেছে মুসলমানরা। 'মুসলমানের ভারতাধিকার দরিদ্র পদদলিতদের উদ্ধারের কারণ হয়েছিল। এ জন্যই আমাদের এক-পঞ্চমাংশ ভারতবাসী মুসলমান হয়ে গিয়েছিল। কেবল তরবারির বলে ইহা সাধিত হয়নি। কেবল তরবারির বলে ইহা সাধিত হয়েছিল, একথা মনে করা নিতান্ত পাগলামি মাত্র।

কথায় আছে, চোরের মায়ের বড় গলা। যারা গায়ের জোরে আমেরিকা-আফ্রিফা-অস্ট্রেলিয়া-নিউজিল্যাণ্ডে স্থানীয় অধিবাসীদের ধর্ম-সংস্কৃতি ধ্বংস করেছে তারাই সবচেয়ে বেশি প্রচার করেছে যে, এক হাতে অন্ত্র অন্য হাতে শাস্ত্র निएय रेमलाम धर्म श्रात कता रुखाए। कान कान মুসলমান শাসক নিশ্চয়ই বলপূর্বক অনেককে মুসলমান করেছিল। কিন্তু কতজনকে করেছিলঃ "বে করেছিলঃ এবং কোন কোন অঞ্চলে করেছিল? কডটা ইতিহাস কডটা

যখন ১৯৪৭ সালে দেশভাগ ও দেশ স্বাধীন হয় তখন বাংলায় বিভিন্ন অঞ্চলে ধর্মভিত্তিক জনবিন্যাসের রূপ কী রকম ছিলং ১উগ্রাম, নোয়াখালি, বরিশাল, ফরিদপুর, খুলনা প্রভৃতি সমুদ্রোপকলবর্তী অঞ্চলগুলিতে অধিকাংশ মানুষই ছিল মুসলমান। বিশেষভাবে সমুদ্রোপকূলবর্তী বাংলার সংখ্যাগরিষ্ঠ মানুষ কী কারণে, কীভাবে এবং কোন হারে মুসলমান হয়ে কোন্ কোন্ মুসলিম শাসক সমুদ্রোপকূলবর্তী বাঙালিকে বলপূর্বক ধর্মান্তরিত করেছিল? সাধারণভাবে লক্ষণীয় যে, প্রাক-ব্রিটিশ যুগে চট্টগ্রাম, নোয়াখালি. বরিশালের স্থানীয় অধিবাসীদের বলপূর্বক ধর্মান্তরিত করার কোন ঐতিহাসিক বা সাহিত্যিক প্রমাণ নেই।

চতর্দশ শতাব্দীর দিল্লির বাদশাহ মুহম্মাদ বিন তুঘলকের দৃত হিসাবে ইবনে বতুতা কালিকট থেকে সমুদ্রপথে চীনে যাওয়ার সময় চট্টগ্রামে মুসলমানদের বহু ধর্মস্থান ও কবরস্থান দেখেছিলেন এবং সেই সঙ্গে লক্ষ্য করেছিলেন যে, বাংলায় জিনিস পত্রের দাম অসম্ভব সস্তা। পরোক্ষ প্রমাণ থেকে মনে হয় যে, ফখরুদ্দিন মুবারক শাহ চট্টগ্রাম জয় করার অনেক আগে থেকে সেখানে সমৃদ্ধ মুসলিমদের কিংবা আরও স্পষ্ট করে বলা যায় যে, মুসলিম সওদাগরদের বসতি ছিল। এর জুলনীয় পরিস্থিতি ভারতের দক্ষিণ-পশ্চিম উপকূলেও দেখা যায়। শারব মুসলমানরা মুহস্মাদ বিন কাসিমের নেতৃত্বে ৭১২ খ্রিস্টাব্দে সিন্ধু জয় করেছিল বটে, কিন্তু তারও অর্ধশতাধিক বছর আগে ৬৩৬ শ্রিস্টাব্দে মালাবার উপকূলে বর্তমান কোচিন থেকে প্রায় ৩৫ মাইল দূরে ক্যান্নানোরের কাছে মুসলিম বণিকরা বসতি স্থাপন করেছিল এবং মসজিদ নির্মাণ করেছিল। এটাই ভারতের প্রাচীনতম মসজিদ। প্রকৃতপক্ষে মুসলিম সওদাগ্ররা ভারতের বিভিন্ন বন্দরে বসতি ও বাজার স্থাপন করেছিল এবং এইভাবে বাণিজ্যপথেই ইসলাম ধর্ম নিঃশব্দে ভারতে তথা বাংলায় প্রবেশ করেছিল। সে জন্যেই কেরলের বা বাংলার সমুদ্রোপকূলবর্তী অঞ্চলে মুসলিম উপস্থিতি এত স্পষ্ট। কিন্তু কবে থেকে এত স্পষ্ট হ'ল?

১৭৫৭ সালে বাংলায় কার্যত মুসলিম শাসনের অবসান এবং ব্রিটিশ শাসনের সূচনা হয়। ভারতে বিধিবদ্ধভাবে জনগণনা শুরু হয় ১৮৭১ খ্রিস্টাব্দে। আর 'বেঙ্গল প্রপারে' ধর্মভিত্তিক জনসংখ্যার নির্ভরযোগ্য গণনা পাওয়া যায় ১৮৮১ খ্রিস্টাব্দ থেকে। ১৮৮১ সালে 'বেঙ্গল প্রপারে' হিন্দুর সংখ্যা ছিল ১৭২৫৪১২০ জন এবং মুসলমানের সংখ্যা ছিল

১৭৮৬৩৪১১ জন অর্থাৎ হিন্দুর চেয়ে মুসলমানের সংখ্যা ছিল ৬০৯২৯১ জন বেশি। দশ বছর পরে অনুষ্ঠিত জনগণনায় ১৮৯১ সালে হিন্দুর সংখ্যা দাঁড়াল ১৮০৬৮৬৫৫ জন, অন্যদিকে মুসলমানের সংখ্যা দাঁড়াল ১৯৫৮২৩৪৯ জন অর্থাৎ হিন্দুর চেয়ে মুসলমানের সংখ্যা দাঁড়াল ১৫১৩৬৪৯ জন বেশি। পরবর্তী জনগণনাগুলি থেকে দেখতে পাই যে, প্রত্যেক দশ বছর অন্তর অন্তর হিন্দুর থেকে মুসলমানের সংখ্যা বড় বড় লাফ দিয়ে বেড়ে যাচ্ছে। অর্থাৎ মুসলমান জনসংখ্যার ক্রমবৃদ্ধিটাই হচ্ছে প্রবণতা এবং এই প্রবণতার ভিত্তিতে আমরা এটাও মানতে বাধ্য যে. কয়েক দশক আগে হয়ত ১৮৫৭-র অভ্যুত্থানের আগে যখন ভারত কাগজে-কলমে মুঘল শাসনের অধীনে ছিল তখন বাংলায় মুসলমানরাই সংখ্যালঘু ছিল। ব্রিটিশ শাসনের যুগেই মুসলমানরা সংখ্যাগরিষ্ঠতা লাভ করে।

এ ক্ষেত্রে সবচেয়ে কৌতুহলোদীপক ঘটনা এই যে. মার্কিন যুক্তরাষ্ট্রে, ইংল্যাণ্ডে, জার্মানিতে এবং ভারতের বড় বড় শহরগুলিতে যখন প্রবল কলরোলে হিন্দু জাগরণ হচ্ছে তখনই প্রদীপের নিচে অন্ধকারে নিমজ্জিত গ্রামবাংলায়. পাশ্চাত্য শিক্ষিত ভদ্রলোক মধ্যবিত্তদের অগোচরে এবং হয়ত অজ্ঞাতে, মুসলমানদের সংখ্যা বিপুল হারে, দারুণ দ্রুতগতিতে বেডে যা**চ্ছে**।

কোন বিশেষ ধর্মাবলম্বীদের সংখ্যা কী কী ভাবে বৃদ্ধি অথবা হ্রাস পায়ঃ গত একশ বছর ধরে বাঙালি হিন্দু-মুসলমানের সম্পর্কের স্বরূপ নির্ধারণের প্রসঙ্গে সম্প্রদায় বিশেষের সংখ্যার হ্রাস-বৃদ্ধির কারণটা বোঝা নিতান্ত যরূরী। হ্রাস-বৃদ্ধির একটা কারণ হ'ল জন্ম-মৃত্য। আর একটি কারণ হ'ল ধর্মান্তরণ। অধিবাসীদের একাংশ যদি হিন্দু ধর্ম থেকে ইসলাম ধর্ম গ্রহণ করে তাহ'লেই হিন্দুর সংখ্যা হ্রাস পাবে এবং মুসলমানের সংখ্যা বৃদ্ধি পাবে। আবার ধর্মান্তরণও দু-ভাবে হ'তে পারে। বলপূর্বক এবং স্বেচ্ছাপ্রণোদিতভাবে। কে বলপূর্বক ধর্মান্তরিত করতে পারে? যার অর্থবল ও অস্ত্রবল আছে। ১৮৯১ থেকে ১৯৪১ পর্যন্ত ব্রিটিশ শাসনের অধীনে বাংলার অর্থবল ও অস্ত্রবল দু'টোই ছিল হিন্দু জমিদার ও মহাজনদের হাতে। সুতরাং বলপূর্বক ধর্মান্তরণ করা হিন্দু জমিদার-মহাজনদের পক্ষেই সম্ভব ছিল। সহজ বুদ্ধির বিচারেই বলপূর্বক ইসলামে ধর্মান্তরণের তত্ত্ব মিথ্যে হয়ে যায়। আর জন্ম-মৃত্যুর কারণে হিন্দুদের জনসংখ্যা মুসলমানদের চেয়ে তুলনামূলকভাবে বেশি হ্রাস পেয়েছে অথবা হিন্দুদের জনাহার কম, এ রকম তত্ত্বের সমর্থনে কোন সত্য পাওয়া যায় না। দেখা গেছে যে, একই আর্থিক স্তরের দুই সম্প্রদায়ের দুই পরিবারের মধ্যে জন্মহার এবং মৃত্যুহার একই রকম। অর্থাৎ জন্ম ও মৃত্যুর হারের উপর ধর্মের কোন প্রভাব নেই, যা আছে তা হ'ল আর্থিক অবস্থার ও সেই সঙ্গে শিক্ষার প্রভাব। তাহ'লে বাকি থাকে একটি কারণ, স্বেচ্ছায় অন্য ধর্ম গ্রহণ। আর এই শেষোক্ত কারণেই একশ' বছরে বাংলাভাষীদের মধ্যে হিন্দুর সংখ্যা হ্রাস পেয়েছে এবং মুসলমানের সংখ্যা বৃদ্ধি

পেয়েছে। প্রকাশ থাকে যে, স্বেচ্ছায় ধর্মগ্রহণ এক জিনিস এবং ধর্মান্তরীকরণ সম্পূর্ণ অন্য জিনিস।

১৮৭৩ খ্রিস্টাব্দে ডঃ জেমস ওয়াইজ ঢাকাতে সিভিল সার্জেনের পদে নিযুক্ত হন। তখন তিনি পূর্ববাংলার সমাজ ও জাতিভেদ প্রথা নিয়ে প্রচুর তথ্য সংগ্রহ করেন যেগুলির কিছু অংশ তিনি ১৮৮৩ খ্রিস্টাব্দে 'নোটস অন দি রেসেজ. কান্টমস অ্যান্ড ট্রেডস অব ইন্টার্ন বেঙ্গল' নামক লগুন থেকে প্রকাশিত গ্রন্থে প্রকাশ করেন এবং বাকি অংশ ডঃ ওয়াইজের মৃত্যুর পরে তাঁর স্ত্রী দেন হার্বার্ট রিজলিকে। ডঃ ওয়াইজের তথ্যাবলির ভিত্তিতে ১৮৯৪ খ্রিস্টাব্দে 'জার্নাল অব দি এশিয়াটিক সোসাইটি অব বেঙ্গল'-এর তৃতীয় খণ্ডে 'দ্য মহামেডানস অব ইস্টার্ন বেঙ্গল' নামে এক প্রবন্ধে স্যার রিজলি লেখেন যে, উচ্চবর্ণীয় হিন্দুরা সামাজিক সমতা লাভের জন্য ইসলাম ধর্ম গ্রহণ করে মুসলমান হয়ে যায়। ওয়াইজ এবং স্যার রিজ্ঞালর মতামতকে আমরা বেসরকারি মত বলতে পারি। এখানে সত্যের খাতিরে এটাও উল্লেখ করা প্রয়োজন যে, ডঃ ওয়াইজ ত্রয়োদশ ও চতুর্দশ শতাব্দীতে বলপূর্বক ইসলামীকরণের কথা বলেছেন এবং স্বীকার করেছেন যে, তাঁর কালে পূর্ব বাংলায় হিন্দু-মুসলমান সংখ্যা সমান সমান হ'লেও অষ্টাদশ শতাব্দীতে হিন্দুদের সুষ্পষ্ট সংখ্যাগরিষ্ঠতা ছিল।

এবার ১৮৭১ সালে প্রথম জনগণনার উপর এইচ বেভেরলির এবং ১৯০১ খ্রিস্টাব্দের জনগণনার উপর ই এ গেইটের প্রতিবেদন পরীক্ষা করা যাক। দু'টি জনগণনার দু'জন দায়িতুশীল কর্তাই লিখেছেন যে, হিন্দু সমাজের নিম্নবর্ণ ও দরিদ্র মানুষেরাই হ'ল পূর্ব বাংলার মুসলমানদের প্রধান অংশ। এখানে একদা হিন্দুসমাজের অন্তর্গত নিম্নবর্ণ ও দরিদ্র শ্রেণীর উল্লেখ থেকে এটা স্পষ্ট যে, বাংলায় বিশেষত পূর্ববাংলায় মুসলমান জনসংখ্যার চমকপ্রদ বৃদ্ধির প্রকৃত কারণ বাঙালি হিন্দুসমাজের উচ্চবর্ণ ও উচ্চশ্রেণীর বিচার ও মানসের মধ্যেই নিহিত এবং তাদেরই অত্যাচারে ও আচরণে বাঙালি হিন্দুসমাজের নিম্নবর্ণ ও নিম্নশ্রেণী হিন্দুসমাজ ত্যাগ করে মুসলমান সমাজে আশ্রয় গ্রহণ করে। আবার ১৯৪৭ সালে এই ঘটনারই উলটপুরাণ কাহিনী শুরু

কিন্তু সে অনেক পরের কথা। এখন আমরা বিংশ শতাব্দীর প্রথম দশকের দিকে ফিরে আসি। ১৯০১ খ্রিস্টাব্দের মধ্যে ধর্মের ভিত্তিতে বাংলার জনবিন্যাসের রূপটা স্পষ্ট হয়ে গেছে। শহরে শিক্ষিত মানুষদের মধ্যে হিন্দুরাই প্রধান এবং থামের নিরক্ষর দরিদ্র মানুষদের মধ্যে মুসলমানরাই সংখ্যাগরিষ্ঠ। বাঙালি সমাজের এই দ্বিখণ্ড রূপের ভিত্তিতেই লর্ড কার্জন 'বঙ্গভঙ্গ' আইনকে কার্যকর করলেন। কার্জন প্রণীত বঙ্গভঙ্গের প্রতিক্রিয়াতে বাঙালি জাগরণের প্রথম পর্যায়ে 'এবার ফোর মরা গাঙে বান এসেছে- জয় মা বলে ভাসা তরী' গেয়ে স্বয়ং রবীন্দ্রনাথ কর্ণধারের ভূমিকায় এগিয়ে এসেছিলেন।

অচিরে রবীন্দ্রনাথ বঙ্গভঙ্গ আন্দোলনের গভীরে নিহিত শোচনীয় সমস্যাটাকে তথা সত্যটাকে প্রত্যক্ষ করে আন্দোলনের আয়োজনে উনাত্ত না হয়ে সরে গেলেন মহানগরীর কোলাহল থেকে শান্তিনিকেতনে। রবীন্দ্রনাথের মত পরিপূর্ণ অন্য কোন শিল্পীর কথা আমার জানা নেই। তাঁকে তথু নিভূতের শিল্পী বলে ভাবলে আমাদেরই অনুধাবনার দৈন্য প্রকাশ পাবে। 'যদি তোর ডাক ভনে কেউ না আসে তবে একলা চলো রে'। যখন বয়কট নীতিতে বাংলার হাটে হাটে সম্ভার বিদেশী কাপড় পোড়ানোর উৎসব চলছে তখন রবীন্দ্রনাথের পরিকল্পনা হ'ল কুষ্টিয়ার বয়ন বিদ্যালয় প্রতিষ্ঠা। তাছাড়া গ্রামীণ অর্থনীতি উনুয়নের জন্যে সমবায়ের আদর্শে পতিসর কৃষি ব্যাংক স্থাপন করলেন। আশ্রয় বিদ্যালয়ের পরিচালনার ব্যাপারে প্রবর্তন করলেন নির্বাচন প্রথা। উচ্চতর কৃষিবিজ্ঞান শিক্ষার জন্যে বিদ্যালয়ের প্রথম দলের দু'জন ছাত্রকে আমেরিকায় পাঠালেন। আসল কথা, বাংলার অর্থনীতিকে নতুন করে সৃষ্টি করতে হবে। আবার এসবের পাশাপাশি লিখছেন. 'রাজাপ্রজা', 'সমূহ' প্রভৃতি গ্রন্থের প্রবন্ধগুলি, 'এখন আর দেরি নয় ধর গো তোরা হাত হাতে ধর গো, আজ আপন পথে ফিরতে হবে, সামনে মিলন স্বর্গ' প্রভৃতি গান এবং 'গোরা', 'ঘরে-বাইরে' প্রভৃতি উপন্যাস।

১৯০৯ খ্রিস্টাব্দে লেখা 'তপোরন' প্রবন্ধে রবীন্দ্রনাথ লিখলেন, 'ভারতবর্ষের অন্তরের মধ্যে যে উদার তপস্যা গভীরভাবে সঞ্চিত হয়ে রয়েছে, সেই তপস্যা আজ হিন্দু, মুসলমান, বৌদ্ধ এবং ইংরেজকে আপনার মধ্যে এক করে নেবে বলে প্রতীক্ষা করছে, দাসভাবে নয়, জড়ভাবে নয়, সান্ত্রিকভাবে, সাধকভাবে'। সমসময়ে সমাপ্ত করলেন 'গোরা' উপন্যাস রচনা। সমগ্র উপন্যাস ধরে গোরা খুঁজে বেড়িয়েছে ভারতবর্ষকে। জটিল সুদীর্ঘ ভারত-সন্ধানের শেষে পরেশবাবুর কাছে ফিরে এসে গোরা বলল, 'আপনি আমাকে আজ সেই দেবতারই মন্ত্র দিন, যিনি হিন্দু-মুসলমান-খৃষ্টান-ব্রাহ্ম সকলেরই, যাঁর মন্দিরের দ্বার কোন জাতির কাছে, কোন ব্যক্তির কাছে কোনদিন অবরুদ্ধ হয় না। যিনি কেবলই হিন্দুর দেবতা নন, যিনি ভারতবর্ষের দেবতা'। স্পষ্টতই রবীন্দ্রনাথ এখানে হিন্দুর দেবতা এবং ভারতবর্ষের দেবতার মধ্যে পার্থক্য করেছেন। একজনকে সারাক্ষণ 'দূর' 'দূর' করলে দোষ নেই, কিন্তু সে যদি সত্যিই দূরে যেতে চায় তাহ'লে তাকে ঘাড় ধরে টেনে আনা হবে জমিদারি মেজাজের প্রমাণ। কিন্তু ১৯১৫-১৬ খ্রিস্টাব্দে লেখা 'ঘরে-বাইরে'-র জমিদার 'নিখিলেশ' সেরকম জমিদারি মেজাজ দেখাবার পরামর্শকে গ্রাহ্য করেনি বলে তার কুশপুত্তলিকা দাহ করা হয়েছে। তার মতে 'দেশের জন্যে অত্যাচার করা দেশের উপরেই অত্যাচার করা'। সন্দীপ ও তার আদর্শে অনুপ্রাণিত 'বন্দেমাতরম' ঘোষণাকারী হিন্দু বাবুবাহিনীও নিখিলেশের বোধবৃদ্ধির বিরুদ্ধে গেছে। ফলে এলাকায় মৌলবীর আনাগোনা ওক হ'ল, দুই এক জায়গায় গৰু-জবাই দেখা দিল। স্পষ্টতই রবীন্দ্রনাথ 'বঙ্গভঙ্গ' আন্দোলনের যুগে

মুসলিম সাম্প্রদায়িকতার আবির্ভাবের ক্রিয়া-প্রতিক্রিয়ার পরম্পরা অথবা কার্য-কারণ সম্পর্ক দেখেছেন। যখন গরু জবাই নিয়ে অভিযোগ উঠেছে তখন নিখিলেশের বক্তব্য, 'নিজের ধর্ম আমরা রাখতে পারি পরের ধর্মের উপর আমার হাত নেই'। এ পর্বেই 'হে মোর দুর্ভাগা দেশ যাদের করেছ অপমান', 'এই ভারতের মহামানবের সাগরতীরে' প্রভৃতি কবিতা রচিত হয়।

প্রকৃতপক্ষে ১৯০৬-১৬ পর্বে রবীন্দ্রনাথ 'সৃষ্টি' শব্দটার তাৎপর্যকে সাহিত্য থেকে কৃষি-ব্যবস্থা ও কৃষক-জীবনের বাস্তবতা পর্যন্ত বহু বিস্তৃত করলেন এবং একই সঙ্গে বাঙালি **टिन्द-** मुजनमान जम्मदर्केत विषयः आमारमत अनुधावनारक সম্পূর্ণ নতুন রূপ ও নতুন মাত্রা দিলেন। স্বভাবতই বাঙালি বাবু সম্প্রদায় রবীন্দ্রনাথের দৃষ্টিকোণ থেকে দেশজ সত্যকে বোঝবার চেষ্টা করেনি এবং সম্ভবত অধিকাংশেরই সেরকম ভাবে বোঝবার ক্ষমতাও ছিল না। বাঙালি বাবুরা সাধারণভাবে রবীন্দ্রনাথকে অস্বীকার করেছিল। এই অস্বীকারের প্রতিফলন দেখা যায় রবীন্দ্রনাথের গ্রন্থাবলি প্রকাশের জন্যে বিশ্বভারতী গ্রন্থালয় প্রতিষ্ঠার প্রয়াসে বারবার ব্যর্থতায়। তাঁর রচনাবলি, বিশেষত 'ঘরে-বাইরে' বারবার প্রচণ্ড প্রতিকৃদ সমালোচনার দক্ষ্য হয়। বাঙালি মুসলমানের এক গুরুত্বপূর্ণ অংশ তাঁকে হিন্দুপক্ষীয় বলে বর্জন করেছে এবং বাঙালি হিন্দু বাবু সম্প্রদায় তাঁকে পরিহার করেছে দেশবিরোধী ও সমাজদ্রোহী বলে। পরে অসহযোগ আন্দোলনের কালেও রবীন্দ্রনাথ আবার দেশবিরোধী ও সমাজদ্রোহী বলে অভিযুক্ত হয়েছেন। কারণ তিনি কখনও নেতিবাচক আন্দোলনের অর্থহীন উত্তেজনা দিয়ে নিজেকে অভিভূত হ'তে দেননি, সর্বদা স্থির ও স্থিত থেকেছেন নিজের দূরপ্রসারী কর্মসূচিতে।

অবশ্য 'গোরা', 'ঘরে-বাইরে' প্রভৃতি উপন্যাসের বিচার সর্বাগ্রে সাহিত্যবিচারের মানদণ্ডেই হওয়া বাঞ্ছনীয়, কিছু সমাজবান্তবতার মানদণ্ডও সাহিত্যবিচারের অন্যতম মানদও। সাহিত্য তথা শিল্পে বাস্তবের তাৎপর্য নির্ধারণ করতে গিয়ে ১৯১৪ সালে 'বাস্তব' শীর্ষক প্রবন্ধে লেখেন, 'গোরা উপন্যাসে কী বস্তু আছে না আছে উক্ত উপন্যাসের লেখক তাহা সবচেয়ে কম বোঝে'। তারপর অভিযোগের উত্তরে লেখেন, 'বর্তমান সময়ে কতকগুলি বিশেষ কারণে হিন্দু আপনার হিন্দুত্ব লইয়া ভয়ঙ্কর রুখিয়া উঠিয়াছে। সেটা সম্বন্ধে তাহার মনের ভাব বিশেষ সহজ অবস্থায় নাই। বিশ্বরচনায় এই হিন্দুতুই বিধাতার চরম কীর্তি এবং এই সৃষ্টিতেই তিনি তাঁহার সমস্ত শক্তি নিঃশেষ করিয়া আর কিছুতেই অগ্রসর হইতে পারিতেছেন না, এইটে আমাদের বুলি'। প্রচলিত ইতিহাস অথবা ধারণা যেখানে বিভ্রান্ত, শিল্পী সেখানে পথপ্রদর্শক। 'মহেশ' গল্পের স্রস্টা শরৎচরুই হাওড়া জেলার কংগ্রেসি নেতা শরৎচন্দ্রের অপেক্ষা বেশি নির্ভরযোগ্য। এই জন্যে বিংশ শতাব্দীর প্রথম দু'দশকের বাঙালি হিন্দু-মুসলমান প্রসঙ্গে সাহিত্যের প্রমাণকেই সবচেয়ে গুরুত্ব দিয়েছি।

উল্লিখিত একই পর্বে সমাজবিজ্ঞানের সূত্র থেকে কী ইঙ্গিত

यानिक चाफ अपसीक हर्व में 30म महण, मानिक वाफ अपसीक हर्व नर्व 30म महणा, यानिक चाक सामीक हार्व वर्ष 30म महणा, यानिक चाक सामीक वाफ सामीक वाफ सामीक चाक सामीक वाफ सामीक चाक सामीक सामीक सामीक चाक सामीक चाक सामीक चाक सामीक चाक सामीक चाक सामीक सामीक सामीक सामीक सामीक सामीक साम सामीक साम সম্পদসমৃদ্ধ এশিয়া, ল্যাটিন আমেরিকা ও আফ্রিকার দেশওলোর বিরুদ্ধে কখনো মার্কেইন্টাইলিজম, কখনো বা ফ্রি ট্রেড বা অবাধ বাণিজ্য, আবার কখনও বা সংরক্ষিত বাণিজ্যের খড়গ প্রয়োগ করেছে। আন্তর্জাতিক পর্যায়ে অনুরুত ও উনুয়নশীল দেশগুলোতে শোষণের ধারা অব্যাহত রাখলেও পুঁজিবাদী বিশ্ব তাদের নিজেদের স্বার্থে বেশ কয়েকটি গুরুত্বপূর্ণ আঞ্চলিক জোট গঠন করেছে। এসবের মধ্যে 'ইউরোপীয় ইউনিয়ন' (EU), 'নর্থ আমেরিকান ফ্রি ট্রেড এরিয়া' (NAFTA) এবং 'এশিয়ান প্যাসিফিক ইকনমিক কো অপারেশন' (APEC) বিশেষ উল্লেখের দাবী রাখে। এরা একই সঙ্গে দৈত মানদণ্ড বা ডাবল স্ট্যাণ্ডার্ড অনুসরণ করে চলেছে। একদিকে এই জোটভুক্ত দেশগুলো স্বল্পোন্নত দেশগুলোকে তাদের স্বার্থে 'বিশ্বায়নের' নামে বাণিজ্য সংক্রান্ত সকল ধরনের বাধা-নিষেধ উঠিয়ে দিতে চাপ দেয়। অন্যদিকে তাদের নিজস্ব জোটগুলোর মধ্যে বাইরের কোন দেশ যেন প্রবেশ করতে না পারে সেজন্যে যেমন গুণগত ও পরিমাণগত কঠোর বাধা আরোপ করে থাকে, তেমনি বৈষম্যমূলক শ্রমিক অভিবাসন নীতি ও ভদ্ধবহির্ভুত নানা ধরনৈর বিধি-নিষেধ প্রয়োগের ক্ষেত্রেও এরা লক্ষাহীন ;

একটা উদাহরণ দিলেই ব্যাপারটা স্পষ্ট হয়ে যাবে। বিশ্বব্যাংকের রিপোর্ট অনুসারে মাত্র ডজন দেড়েক শিল্পোন্নত দেশের ১৯৯৬ সালে পণ্য ও সেবা রফতানীর পরিমাণ ছিল ৬৬৮৯ বিলিয়ন মার্কিন ডলার, অথচ ঐ একই বছরে পৃথিবীর বাকী সকল দেশের মোর্ট পণ্য ও সেবা রফতানীর পরিমাণ ছিল ১৬০৮ বিলিয়ন মার্কিন ডলার। উন্নয়নের সিঁড়ি বেয়ে অগ্রসরমান মুসলিম দেশগুলো যেন পুঁজিবাদী দেশগুলোর সমকক্ষ হ'তে না পারে সেজন্যে নেপথ্যে থেকে তারা কলকাঠি নেড়ে যায় সুকৌশলে, অব্যাহতভাবে। একাজে তাদের সহায়তা দিয়ে যায় 'আইএমএফএফ' ও 'বিশ্বব্যাংক'। সাম্প্রতিককালের মালয়েশিয়া ও ইন্দোনেশিয়ার ঘটনাপ্রবাহ এর অত্যুজ্জুল উদাহরণ। এছাড়া রয়েছে পুঁজিবাদী দেশগুলোর ইাতের পুতুল 'জাতিসংঘ'। শিখন্তীর মতো একে দিয়েই এরা সকল বিবৈক ও নীতি-নৈতিকতা বিসর্জন দিয়ে ইরান, ইরাক, লিবিয়া, পাকিস্তান ও আফগানিস্তানের উপর যেসব বাণিজ্যিক ও অর্থনৈতিক বিধি-নিষেধ আরোপ করেছে ও করছে, তা তথু সভ্যতার মুখোশধারী পুঁজিবাদের মোডলদেরই মানায়।

এদেরই স্বার্থ সিদ্ধির জন্যে পর্যায়ক্রমে গঠিত হয়েছে General Agreement for Trade and Tariff (GATT), United Nations Conference on Trade and Development (UNCTAD) প্রভৃতি সংস্থা। এরই সর্বশেষ সংস্কর্ণ বিশ্ববাণিজ্য সংস্থা বা (WTO)। এর তৈরী নিয়মনীতি আপাতঃসুন্দর কিন্তু পরিণামফর্ল বড়ই ভয়াবহ। এই সংস্থার কর্মকৌশল এতটাই দুরভিসুদ্ধিমূলক যে ১৯৯৯ সালের ডিসেম্বর মাসে মার্কিন মুলুকের সিয়াটলে এর তৃতীয় সম্মেলনে খোদ মার্কিনীরাই প্রচণ্ড বিক্ষোভ প্রদর্শন করে। সেজনে, কারফিউ পর্যন্ত জারি করতে হয়েছিল। এখনুও অনেক দেশ এর সদস্য হয়নি। মুসলিম দেশসহ ভৃতীয় বিশ্বের যেসব দেশু এর সদস্য হট্রেছে তারা অনেকটাই চাপে পড়ে এবং বিশ্বব্যাংকের আর্থিক সহায়তা হারাবার

ভয়েই হয়েছে। ইতিমধ্যেই সদস্য দেশগুলোর মধ্যে বিশ্বাস-অবিশ্বাসের দ্বন্দু দেখা দিয়েছে. এর কার্যপদ্ধতির স্বচ্ছতা নিয়েও প্রশ্ন উঠেছে। এমনকি শান্তির জন্যে নোবেল পুরস্কার বিজয়ী ফরাসী সংগঠন Doctors Without Frontiers পর্যন্ত বিশ্ববাণিজ্য সংস্থার নীতিমালার তীব বিরোধিতা করেছে। কারণ এর গৃহীত নীতিমালার ফলে ততীয় বিশ্বের দেশগুলিতে কতকগুলো প্রয়োজনীয় ওষুধের সরবরাহ যেমন হ্রাস পাবে তেমনি দামও বৃদ্ধি পাবে।

অর্থনৈতিক সাহায্য প্রদানের মাধ্যমে পুঁজিবাদী বিশ্ব উন্নয়নশীল বিশ্বকে করে রাখতে চায় শৃংখলাবদ্ধ। গত পঞ্চাশ বছরের ইতিহাস পর্যালোচনা করলৈ দেখা যাবে যেসব দেশ অর্থনৈতিক সাহায্য ও দান গ্রহণে অভ্যস্ত হয়ে পড়েছে, তারা কখনই নিজের পায়ে দাঁড়াতে পারেনি। তারা যেন সে চেষ্টাই না করে, সেটাই এই ধরনের সাহায্য প্রদানের অন্তর্নিহিত দর্শন। পরমুখাপেক্ষী করে তুলতে পারলে তারা পরনির্ভরশীল রয়ে যাবৈ এবং তার ফলে তারা পদলেহী হয়ে থাকবে অবশ্যৱাবীভাবে। বিশ্ব রাজনীতিতে মোড়লীপনা করতে হ'লে এ ধরনের একসল প্রভুভক্ত স্তাবক বা জো হহরের দল থাকা অত্যাবশ্যক। শর্থনীতি রাজনীতি विमुक नम्ने, ताजनीिक ও অर्थनीिक विमुक्त नम्न अरक অপরের হাত ধরাধরি করে চলে, বরং না চললেই বিপদ। অর্থনৈতিক সাহায্য-সহযোগিতার আরেক রূপ হ'ল Consultancy বা পরামর্শক সহামতা এবং Project Assistance বা প্রকল্প সহায়তা। পুঁজিবাদী বিশ্বের বাইরের দেশগুলো যেন জিয়ল মাছের মত জীবিত থাকে সেজন্যে ব্যবস্থা রয়েছে প্রজেষ্ট সহযোগিতা বা Project Assistance-এর। এর মাধ্যমে নানা ধরনের সহযোগিতা দেওয়া হয় এবং এর অধিকাংশই আসে বিশ্বব্যাংকের মাধ্যমে। এর মূল উদ্দেশ্য হ'ল একটা দেশকে খাড়া রাখা. তার কার্যক্রম স্থবির হ'তে না দিয়ে গতিশীল রাখা। কিন্তু কোনক্রমেই যেন দারিদ্রোর দৃষ্ট চক্রের বৃত্ত ভেঙে বেরিয়ে না আসে। অর্থাৎ দেশটি যেন নিজম্ব উপায়ে, কৃচ্ছতা সাধন করে বা দারুণ গোসসা করে উন্নত বিশ্বের সমকক্ষ হবার জন্যে মরিয়া হয়ে উঠে-পড়ে না লাগে। তাহ'লে এক সময়ে

[চলবে]

মৃত্যু সংবাদ

সে হয়তো তাদের সমকক্ষ হয়ে যাবে।

'আহলেহাদীছ আন্দোলন বাংলাদেশ' রংপুর যেলার কর্মপরিষদ সদস্য জনাব মুহামাদ আনোয়ারুল ইসলাম (৫৫) গত ১০ই জুন ২০০১ রোজ রবিবার রক্তচাপদ্ধনিত রোগে আক্রান্ত হয়ে রংপুর মেডিকেল কলেজ হাসপাতালে ইন্তেকাল করেন। ইন্না লিল্লা-হি ওয়া ইন্না ইপাইহে রাজেউন। মৃত্যুকালে তিনি ত্রী, ৩ পুত্র, ২ কন্যা সহ অসংখ্য গুণুঘাহী রেখে যান। তাঁর ছালাতে জ্ঞানাযা পরদিন ১১ জুন বাদ যোহর তার নিজ গ্রাম বুড়াইলে তাওহীদ ট্রাষ্ট (রেজিঃ) কর্তৃক নির্মিত 'বুড়াইল আহলেহাদীছ জামে মসঞ্জিদ' প্রাক্তেণ অনুষ্ঠিত হয় 'আহলেহাদীছ আন্দোলন বাংলাদেশ' রংপুর যেলার সভাপতি, সহ-সভাপতি, সাধারণ সম্পাদক সহ এলাকা ও শাখা কর্মপরিষদ সদস্যগণ জানাযায় অংশগ্রহণ করেন। ছালাতে জানাযায় ইমামতি করেন তাঁর অছিয়তকৃত বুড়াইল জামে মসঞ্জিদের প্রাক্তন ইমাম মাওলানা আবুল মতীন।

[षायता ठाँत ऋएत यांगिकतांठ कायना कदि थिवः गांक मखंड भीतेनादात প্রতি সমবেদনা জ্ঞাপন করছি।- সম্পাদক]

ियानिक वृद्धि मानीक वर्ष वर्ष ५०४ मध्या, मानिक बाद मानीक वर्ष ६० ५०४ मध्या, मानिक बाद मानीक वर्ष ६०० मध्या, मानिक बाद मानीक वर्ष १०४ मध्या

নবীনদের পাতা

পবিত্র কুরআন ও ছহীহ হাদীছের মানদঙ্গে সোনামণি সংগঠনের মূলমন্ত্র ও গুণাবলী

-मूर्याक्षकः विन मूटिनिन*

'আহলেহাদীছ আন্দোলন বাংলাদেশ' সমাজে চারটি ধারায় (বৃদ্ধদের মাঝে 'আন্দোলন', যুবকদের মাঝে 'যুবসংঘ', মহিলাদের মাঝে 'আহলেহাদীছ মহিলা সংস্থা' এবং কচি-কাঁচাদের মাঝে 'সোনামণি') কাজ করে যাছে। তারই একটি অঙ্গ সংগঠনের নাম। ১৯৯৪ ইং সালের ২৩ শে সেপ্টেম্বর রোজ শুক্রবার থেকে এই সংগঠনের অহাযাত্রা শুক্র হয়। সোনামণি নামটি পবিত্র কুরআনের সূরা হজ্জের ২৩ ও ২৪ নম্বর আয়াতের আলোকে রাখা হয়েছে। সোনামণিদের বয়স হবে অনধিক ১৩ বছর। সোনামণি সংগঠনের লক্ষ্য উদ্দেশ্য, মূলমন্ত্র ও ১০টি গুণাবলী রয়েছে। উক্ত মূলমন্ত্র ও গুণাবলী সমূহ যে পবিত্র কুরআন ও ছহীহ হাদীছের আলোকে নির্ণিত হয়েছে, তা বিশুদ্ধ দলীল সহ নিম্নে উপস্থাপন করার প্রয়াস পাব ইনশাআল্লাহ।

মূলমন্ত্রঃ রাস্লুল্লাহ ছাল্লালা-ছ আলাইহি ওয়া সাল্লামের আদর্শে নিজেকে গড়া।

উক্ত মূলমন্ত্র সম্পর্কে নিম্নে দলীল উপস্থাপন করা হ'লঃ

(ক) উপরোক্ত মূলমন্ত্র উন্মতে মুহান্মাদীর সকলের জন্য হওয়াটা আবশ্যক। কারণ আমাদের জন্য রাসূল (ছাঃ)-এর আদর্শে রয়েছে সর্বোত্তম নমুনা। আল্লাহ তা'আলা এরশাদ করেন-

لَقَدْ كَانَ لَكُمْ فِي رَسُولِ اللّهِ أُسُورَةٌ حَسَنَةٌ -

'নিশ্চয়ই তোমাদের জন্য রাস্লুল্লাহ্র মধ্যে রয়েছে সর্বোত্তম আদর্শ' *(আহ্যাব ২১)*।

(খ) সার্বিক জীবনে রাস্লুল্লাহ (ছাঃ)-এর আনুগত্য করা মানেই তাঁর আদর্শে জীবন গড়া। যেমন ছহীহ হাদীছে वर्ণिত হয়েছে- عَنْ أَبِيْ هريرة قَالَ قَالَ رَسُوْلُ الله वर्णिত হয়েছে- صَلَّى اللّهُ عَلَيْه وَسَلَّمَ كُلُّ أُمَّتِيْ يَدْخُلُوْنَ الْجَنْةَ إِلاً مَنْ أَبِي قَلْهُ وَمَنْ أَبِي؟ قَلَلَ مَنْ اَطَاعَنِيْ دَخَلَ الْجَنَّةَ وَمَنْ عَصَانِيْ فَقَدْ أَبِي-

হযরত আবু হুরায়রাহ (রাঃ) হ'তে বর্ণিত, রাস্লুল্লাহ (ছাঃ) এরশাদ করেন, ' অস্বীকারকারী ব্যতীত আমার সকল উন্মত জানাতে প্রবেশ করবে। রাস্লুল্লাহ (ছাঃ)-কে জিজ্ঞেস করা হ'ল, কে অস্বীকার করে! তিনি বলেন, 'যে আমার আনুগত্য করবে সে জানাতে প্রবেশ করবে। আর যে আমার নাফরমানী করবে সেই হ'ল অস্বীকারকারী'। عن انس - করেন এরশাদ করেন (ছাঃ) অন্যত্র এরশাদ করেন قَالَ قَالَ رَسُوْلُ اللّهِ صَلَّى اللّهُ عَلَيْهِ وَسَلَّمَ لاَ يُوْمِنُ السَّهُ كُمْ حَتَّى أَكُوْنَ أَحَبُّ إِلَيْهِ مِنْ وَالدِهِ وَوَلَدِهِ وَالنَّاسِ أَجْمَعَ اللّهِ عَلَيْهِ مِنْ وَالدِهِ وَوَلَدِهِ وَالنَّاسِ أَجْمَعَ اللّهِ عَلَيْهِ مِنْ وَالدِهِ وَوَلَدِهِ وَالنَّاسِ أَجْمَعَ اللّهِ عَلَيْهِ مِنْ وَالدِهِ وَالنَّاسِ أَجْمَعَ اللّهِ عَلَيْهِ مِنْ وَالدِهِ وَالنَّاسِ أَجْمَعَ اللّهِ عَلَيْهِ مِنْ وَالدِهِ وَوَلَدَهِ وَالنَّاسِ أَجْمَعَ اللّهِ عَلَيْهِ مِنْ وَالدِهِ وَاللّهِ وَاللّهَ اللّهُ عَلَيْهُ مِنْ وَاللّهِ وَاللّهِ وَاللّهِ وَاللّهِ وَاللّهُ عَلَيْهُ وَاللّهُ عَلَيْهُ وَاللّهُ عَلَيْهُ وَاللّهُ وَاللّهِ وَاللّهُ وَاللّهُ وَاللّهُ اللّهُ عَلَيْهُ وَاللّهُ وَاللّهُ وَاللّهُ وَاللّهُ اللّهُ عَلَيْهُ وَاللّهُ وَاللّهُ عَلَيْهِ وَاللّهُ وَاللّهُ وَاللّهُ وَاللّهُ اللّهُ عَلَيْهِ وَاللّهُ اللّهُ عَلَيْهِ وَاللّهُ اللّهُ عَلَيْهِ وَاللّهُ اللّهُ عَلَيْهِ وَاللّهُ اللّهُ اللّهُ عَلَيْهُ وَاللّهُ اللّهُ عَلَيْهُ وَاللّهُ اللّهُ عَلَيْهُ وَاللّهُ وَاللّهُ عَلَيْهُ وَاللّهُ اللّهُ اللّهُ عَلَيْهُ اللّهُ عَلَيْهُ وَاللّهُ اللّهُ عَلَيْهُ وَاللّهُ مَا اللّهُ عَلَيْهُ وَاللّهُ اللّهُ اللّهُ اللّهُ اللّهُ عَلَيْهُ وَاللّهُ مَا اللّهُ اللّهُ عَلَيْهُ وَاللّهُ اللّهُ عَلَيْهُ وَاللّهُ اللّهُ اللّهُ

আনাস (রাঃ) থেকে বর্ণিত, রাসূলুল্লাহ (ছাঃ) এরশাদ করেন, 'তোমাদের মধ্যে কেই মুমিন হ'তে পারবে না, যতক্ষণ না আমি তার নিকটে অধিক প্রিয়তর হব তার পিতা-মাতা, সন্তান-সন্ততি ও পৃথিবীর সকল মানুষের চেয়ে'।^২

গুণাবলী সমূহ

১. জামা আতের সাথে আউওয়াল ওয়াক্তে ছালাত আদায় করা।

(क) জামা আতের সাথে ছালাত আদায় করা সর্বশ্রেষ্ঠ আমল। সোনামণিদের এই অন্যতম গুণাবলী সম্পর্কে হাদীছে এসেছে- عن إِبْنِ عُمَرَ قَالَ قَالَ رَسُولُ اللّه صَلَّى اللّه عَلَيْه وسَلَّم صَلاة الْجَمَاعَة تَفْضُلُ صَلاة وسَيْنَ دَرَجَة وَفَى رَواية بِخَمْسٍ وَعَشْرِيْنَ دَرَجَة وَفَى رَواية بِخَمْسٍ وَعَشْرِيْنَ دَرَجَة وَفَى رَواية بِخَمْسٍ وَعَشْرِيْنَ دَرَجَة وَقَى رَواية بِخَمْسٍ وَعَشْرِيْنَ دَرَجَة وَقَى رَواية بِخَمْسٍ وَعَشْرِيْنَ دَرَجَة أَ

ইবনে উমর (রাঃ) হ'তে বর্ণিত, রাসূলুল্লাহ (ছাঃ) এরশাদ করেন, 'একাকী ছালাত আদায়ের চেয়ে জামা'আতের সাথে ছালাত আদায় করায় ২৭ বা ২৫ গুণ বেশী ছওয়াব রয়েছে'।

(খ) আউওয়াল ওয়াতে ালাত আদায়ঃ এ সম্পর্কে আল্লাহ তা'আলা বলেন- إِنَّ الصَّلاَةَ كَانَتُ عَلَى الْمُـؤُ مَنْ المَّابِأَ مَنْ فَقُوْتًا –

'নিশ্চয়ই ছালাতকে মুমিনদের উপর নির্দিষ্ট সময়ের মধ্যে ফর্ম করা হয়েছে' (নিসা ১০৩)। উক্ত আয়াতে ছালাতের সময় নির্ধারণ করা হয়েছে।

১. ছহীহ বুখারী (করাচীঃ ক্বাদীমী কুতুবখানা আরামবাগ, ১৯৬১ ইং/১৩৮১ হিঃ), ২য় খণ্ড, পৃঃ ১০৮১, হা/৭২৮০-৮১ 'ই'ভিছাম' অধ্যায়: ইমাম মৃহিউস সুন্নাহ আবু মৃহাখাদ আল-বাগাজী, মিশকাতুল মাছাবীহ (ঢাকাঃ এমদাদিয়া লাইব্রেরী, তাবি), পৃঃ ২৭, হা/১৪৩ 'কিতাব ও সুন্নাহকে আঁকড়ে ধরা' অনুচ্ছেদ।

 मुंबाकाक आंनाहर, इंशेर मुमलिम ((मंदनकः मुबंजात व्याद काम्लानी, जारि), ১म चंद, १: ८०, रा/८८ 'ममान' जयाातः, इरीर नुवाती ১/৭ ११, रा/১८-১৫ 'ममान' जयाातः, भिमकाजून माहातीर रा/२ 'ममान' जयाातः।

 ত. ছহীহ বুখারী ১ম খণ্ড, পৃঃ ৮৯, হা/৬৪৫-৪৬; ছহীহ মুসলিম ১/২৩৪ পৃঃ, মিশকাত পৃঃ ৯৫, হা/১০৫২ 'ছালাতের জামা'আত ও তার ফ্যীলত' অনুক্ষেদ; ইবনু হাজার আসকালানী, বুল্গুল মারাম মিন আদিক্লাতিল আহকাম হা/৩৮৭-৮৮।

^{*} ज्ञानिम विजीय दर्व, ज्ञान-मातकायून ইসनामी ज्ञान-मानाकी, नुष्माभाषा, ब्राक्तमारी।

(গ) আউওয়াল ওয়াক্তে ছালাত আদায় সম্পর্কে রাসূলুল্লাহ (ছাঃ)-এর বাণীঃ

عن ابن مستعُود قَالَ سَأَلْتُ رَسُولَ اللّه صَلَّم، اللّهُ عَلَيْه وَسَلَّمَ أَيُّ أَلْأَعْمَال أَفْضَلُ قَالَ ٱلصَّلَّاةُ عَلى وَقْتِهَا قُلْتُ ثُمَّ أَيُّ قَالَ بِرُّ الْوَالِدَيْنِ قُلْتُ ثُمَّ أَيُّ قَالَ الْجِهَادُ فِيْ سَبِيْلِ اللّهِ-

ইবনে মাস'উদ (রাঃ) বলেন, একদা আমি রাস্লুল্লাহ (ছাঃ)-কে জিজ্জেস করলাম, আমল সমূহের মধ্যে কোন আমলটি সর্বোত্তমঃ তিনি বললেন, 'আউওয়াল ওয়াক্তে ছালাত আদায় করা। আমি বললাম, তারপর কোনটিং তিনি বললেন. পিতা-মাতার সাথে সদাচরণ করা। আমি আবারো বললাম. অতঃপর কোনটিঃ তিনি বললেন, আল্লাহর রাস্তায় জিহাদ করা'।⁸

(ঘ) অন্যত্র নবী করীম (ছাঃ) আরো স্পষ্ট করে ঘোষণা করেন-

عن ابن مسمعود قال قال رَسُولُ اللّه صَلَّى اللّهُ عَلَيْهِ وَسَلَّمَ أَفْضَلُ النَّاعْمَالُ الصَّلوةُ فِي أُولًا

ইবনে মাস'উদ (রাঃ) হ'তে বর্ণিত, নবী করীম (ছাঃ) এরশাদ করেন, 'সর্বোত্তম আমল হ'ল আউওয়াল ওয়াক্তে ছালাত আদায় করা'।^৫

২. মাতা-পিতা, শিক্ষক ও মুরব্বী, পরিচিত অপরিচিত সকল মুসলমানুকে সালাম দেওয়া ও মুছাফাহা করা এবং মুসলিম-অমুসলিম সকলের সাথে হাসিমুখে কুশল বিনিময় করা

(ক) সালাম পরষ্পরের মাঝে মমত্ববোধ সৃষ্টির অন্যতম উপায়। তাই সকলের মাঝে এই অভ্যাস গড়ে তোলা আবশ্যক। আল্লাহ তা'আলা বলেন-

فَإِذَا دَخَلْتُمْ بُيُوْتًا فَسَلِّمُوا عَلَى أَنْفُسكُمْ تَحيَّةً مِّنْ عند الله مباركة طَيبًا -

'তবে যখন তোমরা গৃহে প্রবেশ করবে, তখন তোমরা তোমাদের স্বজনদের প্রতি সালাম বিনিময় করবে অভিবাদন স্বরূপ, যা আল্লাহ্ তা'আলার পক্ষ হ'তে অতি কল্যাণময় ও মহা পবিত্র' (নুর ৬১)।

8. मूखाकाक जानाहर, ছहीर तुषाती ১/१५ भुः हा/৫२१; ছहीर मूत्रनिम হা/৮৫; মিশকাত হা/৫৬৮. 'ছালাত' অধ্যায়।

(খ) পরম্পরে সালাম বিনিময়ের উপকারিতা সম্পর্কে রাসল্লাহ (ছাঃ)-এর বাণীঃ

عن ابي هريرة قَالَ قَالَ رَسُوْلُ اللَّهُ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ لاَ تَدْخُلُونَ الْجَنَّةَ حَـتَّى تُؤَمْنُواْ وَلاَ تُوْمنُوْ احَتَّى تَحَابُّوا أَوَ لاَ أَدُلُّكُمْ عَلَى شَيْئِ إِذَا فَعَلْتُمُوْهُ تَحَابَبِتُمْ أَفْشُوا السَّلاَمَ بَيْنَكُمْ-

আবু হুরায়রাহ (রাঃ) হ'তে বর্ণিত, তিনি বলেন, রাস্লুল্লাহ (ছাঃ) এরশাদ করেন, 'ভোমরা ততক্ষণ জানাতে প্রবেশ করতে পারবে না. যতক্ষণ না মুমিন হবে। আর ততক্ষণ তোমরা মুমিন হ'তে পারবে না, যতক্ষণ না তোমরা পরষ্পর পরষ্পরকে ভালবাসবে। আমি কি তোমাদের ঐ বস্তু সম্পর্কে বলে দিব না যা তোমরা সম্পাদন করলে পরত্পর পরত্পরকে ভালবাসার প্রক্রিয়া সৃষ্টি হবে? (তাহ'লে বেশী বেশী) তোমাদের মাঝে সালামের প্রচলন কর' ।৬

(গ) কে কাকে সালাম প্রদান করবে এ সম্পর্কে রাসুলুল্লাহ (ছাঃ) বলেন-

عن ابي هريرة قَالَ قَالَ رَسُولُ اللّه صَلَّى اللّهُ عَلَيْهِ وَسَلَّمَ يُسَلِّمُ الرَّاكِبُ عَلَى الْمَاشِيُّ وَالْمَاشِي عَلَى الْقَاعد وَالْقَلِيْلُ عَلَى الْكَشِيْرِ- وفي رواية للبخارى يُسَلِّمُ الصَّغيرُ عَلَى الْكَبيرِ-

আবু হুরায়রাহ (রাঃ) থেকে বর্ণিত, নবী করীম (ছাঃ) বলেন, 'আরোহী পায়ে হাঁটা ব্যক্তিকে সালাম দিবে, পায়ে হাঁটা ব্যক্তি বসা ব্যক্তিকে সালাম দিবে। কম সংখ্যক লোক অধিক সংখ্যক লোককে সালাম প্রদান করবে' ৷ ৭ বুখারী শরীফের অন্য বর্ণনায় রয়েছে. ছোটরা বড়দেরকে সালাম দিবে' _।৮

(ঘ) মজলিস বা বৈঠকে সালাম প্রদানের আদব ও পদ্ধতি সম্পর্কে নবী করীম (ছাঃ) এরশাদ করেন-

ए. घरीर जुनात्न जित्रियरी, जारकीकृश ग्रुशाचाम नाष्ट्रिककीन जामवानी. (विग्रायः भाकणावाजूण जावातिग्रार जान-जातावी, ১৯৮৮ই१), ১/৫৬ পृः, হা/১৪৪; সনদ ছহীহ; হাকেম, বুলুগুল মারাম হা/১৬৮. मिनकाछ श/५०१ फ्रन्छ हामांछ जामाग्न कत्रो' जनुरुहम ।

७. ইমাম আবু যাকারিয়া ইবনে শারফ আন-নববী আদ-দিমাশকী, *बिन्नायुष्ट ष्टाल्यहीन (कृत्युजः खम'श्रयाजू এट्टेग़ाইज जुर्नाष्ट्र* वान-हैंजनायी. विजीय जिल्हातनः ১৯৯৬ हैर/১८১७ हिः), हा/৮८৮ पृः २५% 'नामाम' ष्रथायः; ছरीर मूनमिम रा/५४; हरीर जित्रमियी হা/২৬৮% মিশকাত হা/৪৬৩১ 'আদৰ' অধ্যায়, 'সালাম' অনুচ্ছেদ।

मृज्ञाकाके जानारेंद्र, मिनकाजून माहावीद, जादकीकः मृदाचान नोष्टिककीने जानवानी (रिवक्रफः जान-माक्छाव जान-इंजनामी, जुडीस मश्कर्तवः ১৯৮৫ हर/১८०৫ हिः), ७म ४७, ९ः ১७১७, रा/८७७२ 'সালাম' অনুচ্ছেদ।

৮. इरीर दूर्थाती (विक्रणः माक्रम कूजूर जान-देनियग्नार, जानि) 8/১৬৫ भुः, श/७२७८, 'जनूमिड' विशास; मिमकाङ श/८७७७ 'সালাম' जेनुरव्हमः, रामुख्य मात्रीम हा/১८८८ ।

عن ابي هريرة عن النّبيّ صلَّى اللّهُ عَلَيْه وسَلَّمَ قَالَ إِذَا انْتَهِي أَحَدُكُمُ إِلَى مَجْلسِ فَلْيُسَلِّمُ فَإَنْ بَدَأَ لَهُ أَنْ يَجُلسَ فَلْيَجُلسْ ثُمَّ إِذَا قَامَ فَلْيُسلِّمُ -

আবু হুরায়রাহ (রাঃ) থেকে বর্ণিত, নবী করীম (ছাঃ) এরশাদ করেন, 'তোমাদের কেউ যখন মজলিস বা বৈঠকে উপস্থিত হয় সে যেন সালাম দেয় এবং যদি বসার প্রয়োজন হয় তাহ'লে যেন বসে পড়ে। অতঃপর যখন (চলে যাওয়ার জন্য) দাঁড়ায় তখনও যেন সালাম দেয়'।

উল্লেখ্য যে, সালাম সম্পর্কে অন্য বর্ণনায় আছে, 'যখন বাড়ীতে প্রবেশ করবে তখন পরিবারবর্গকে সালাম দিবে এবং যখন বাড়ী থেকে বের হবে তখনও সালাম দিয়ে বিদায় নিবে।^{১০} অন্য আরেকটি বর্ণনায় বিদায় নেওয়ার সময় হাতে হাত দিয়ে মুছাফাহা করতঃ দো'আ করে বিদায় নেওয়ার কথা রয়েছে।১১

(ঙ) যারা পরিচিত তাদেরকেই শুধু সালাম দিতে হবে এটা রাসূলুল্লাহ (ছাঃ)-এর আদর্শ নয়: বরং পরিচিত-অপরিচিত সকল মুসলিম ভাইকে সালাম দিতে হবে। যেমন হাদীছে এসেছে-

عن عبد الله بن عَمْرو أنَّ رَجُلاً سَأَلَ رَسُولَ الله صَلِّي اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ أَيُّ الْإِسْلاَمِ خَيْرٌ؟ قَالَ تُطْعِمُ الطُّعَامَ وَتَقْرَأُ السَّالَامَ عَلَى مَنْ عَرَفْتَ وَمَنْ لَمْ

আব্দুল্লাহ ইবনে আমর (রাঃ) হ'তে বর্ণিত, জনৈক ব্যক্তি নবী করীম (ছাঃ)-কে জিজেন করল, ইসলামের কোন কাজ সর্বোত্তমঃ উত্তরে রাস্লুল্লাহ (ছাঃ) বললেন, 'তুমি অন্যকে (দরিদ্র) খাওয়াবে এবং পরিচিত ও অপরিচিত সকলকে সালাম প্রদান করবে'।^{১২} অপর এক হাদীছে বর্ণিত হয়েছে, রাসূল (ছাঃ) বলেন, 'আল্লাহ তা'আলার নিকট সর্বোত্তম

৯. ছহীহ সুনানে আবিদাউদ, তাহন্তীকুঃ মুহামাদ নাছিরুদ্দীন আলবানী (বিয়ামঃ মাকভাবাতুল মা'আরিফ, প্রথম প্রকাশঃ ১৯৯৭ ইং/১৪১১ ইং), ৩/২৭৮ পৃঃ, হা/৫২০৮ 'আদব' অধ্যায়; ছহীছ তিরমিয়ী হা/২৮৬১; সনদ হাসান, তাংস্কীক্ মিশকাত হা/৪৬৬০ 'সালাম'

১০. राग्नशकी, ७ जावून ঈमान, উত্তম সনদ, विद्यापूर ছालाशैन रा/४७५-वत्र धीको नः ७, भुः २५७ 'मानाम' जभगोतः मिनकोछ

रो/८७৫১ 'সामाम' जनुरुद्धन है

১১. ছহীহ সুনানে ইবনে যাজাহ, তাহকীকঃ মৃহামাদ নাছিরুদ্দীন আল্বানী (বিয়াযঃ মাঞ্চাবাতুল মা'আরিফ, প্রথম প্রকাশঃ ১৯৯৭ ইং/১৪১৭ হিঃ), ২/৩৯৯ পুঃ, হা/২২৯৫-৯৬; ছহীহ তিরমিয়ী ৩/১৫৫ পৃঃ, হা/২৭৩৮; ছহীহ আরুদাউদ হা/২৬০০-১; সনদ ছহীহ, তাহক্ট্রীকু মিশকাত ২/৭৫৩ পৃঃ, হা/২৪৩৫ সময় সাপেক্ষ দো'আ সমূহ' অনুচ্ছেদ।

১২. युडाकाक बालाहरू, रहीर तथाती ১ম খণ্ড পৃঃ ৬, হা/२৮ क्रेंगान' विशासः, हरीर जार्माछम रा/৫১৯৪; हरीर रॅवन माजार रा/७२४७; भिमकाण रा/८७२५ 'भानाम' अनुरक्षम ।

সেই ব্যক্তি যিনি প্রথমে সালাম প্রদান করেন'।১৩

(চ) মুছাফাহা সম্পর্কে রাসল (ছাঃ)-এর বাণীঃ

عُنِ الْبَرَاءِ إِبْنِ عَازِبٍ قَالَ قَالَ رَسُولُ اللَّهُ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ مَا مِنْ مُسلِّمَيْن يَلْتَ قَيَان فَيَتَصَافَحَان إِلاَّ غُفْنَ لَهُمَّا قَبْلَ أَنْ يَّتَفَرَّقَا -

হ্যরত বারা ইবনে আ্যবি (রাঃ) হ'তে বর্ণিত, নবী করীম (ছাঃ) এরশাদ করেন, 'যখন দুইজন মুসলমান পরষ্পর একত্রিত হয়ে মুছাফাহা করে, তখন তাদের দুইজনের পৃথক হওয়ার পর্বেই উভয়কেই ক্ষমা করে দেওয়া হয়'।১৪

থকাশ থাকে যে, আস্সালা-মু আলাইকুম ওয়া রাহমাভুল্লা-হ' বলে সালাম প্রদান করতে হবে। অর্থঃ 'আপনার বা আপনাদের উপর শান্তি ও আল্লাহর অনুগ্রহ বর্ষিত হৌক'।^{১৫} আর জবাবে বলবেঃ 'ওয়া আলাইকুযুস সালা-মু ওয়া রাহমাতুল্লা-হি ওয়া বারাকা-তুহু'। অর্থঃ আপনার বা আপনাদের উপরেও শান্তি ও আল্লাহর অনুগ্রহ ও দয়া সমূহ বর্ষিত হৌক'।১৬

সালামের ফযীলত সম্পর্কে বর্ণিত হয়েছে যে, 'আসসালা-মু আলাইকুম' বললে ১০ নেকী, 'ওয়া রাহমাতুল্লা-হ' যোগ করলে ২০ নেকী এবং 'ওয়া বারাকা-তুহু' যোগ করলে ৩০ নেকী পাবে ^{১৭} উল্লেখ্য যে, শেষে 'ওয়া মাগফিরাতুহু' যোগ করার হাদীছটি 'যঈফ'।১৮

- ১৬. মৃতাফাক আলাইহ, हरीर মুসলিম হা/২৪৪৭, রিয়াযুছ ছালেহীন रा/४৫२ पृः २৯०-৯১, 'र्कमन करत मानाम मिरव' जनएक्म: মিশকাত হা/৭৯০ ও ৪৬২৮।
- ১৭. ७३ मूराचाम जामामृज्ञार जान-गानिव, ছानाजूत तामृन (ছाঃ) (ताजमारीः रामीचे काउँएणमन वार्शारमम, २ग्ने त्रश्केतर्गः २००० हैं १/১८२० हिंह), पृः ১७৯-८०; इहीर जित्रियी रा/२৮८२; इरीर पार्व मार्फेम रा/৫১ ৭৫; मनम रामान हरीर, তাহক্বীকু মিশকাত হা/৪৬৪৪ 'সাসাম' অনুচ্ছেদ।
- ১৮. যঈফ সুনানে আবিদাউদ, তাহকুীকুঃ মুহাম্মাদ নাছিরুদ্দীন আলবানী (तिग्रायः: भाकडानाडून भा'जातिक, धथभ धकानः ১৯৯৮ रें१/১৪১৯ रिः), रा/৫১৯৬, ๆः ४२८।

১৩. শামসুল হক আযীমাবাদী, আওনুল মা'বৃদ শরহে আবিদাউদ रा/৫১৮५; हरीर जित्रभियी रो/२५৯৫; हरीर जातुमाउन रो/৫১৯৭; সনদ इरीर, जारकीक मिनकांज रा/८५८७ 'সामाम'

১৪. जारापुत त्रस्थान यूरातकभूती, जुरुकाजून जारुखयायी गतरह जार्यः जित्रीयेरी (दिवक्रजेश माक्रम कुज़ेव जान-देमियदेशार, श्रथम श्रकामश ১৯৯० ই१/১৪১० हिः), १/८२৯ नुः, श/२४१৫; जारमान, इरीर जित्रभियी श/२१२५; हरीर जावुमाउन श/৫२>२; हरीर रेवतन माजार रा/७००७; मनम हरीर, जारकीक मिमकाज रा/८७१५ 'মুছাফাহা ও মু'আনাকা' অনুচেছদ।

১৫. तूर्याती, आमातूल मुकताम श्/৯৮৬; ছशैर जातू माउँम श/৫১৯৫, ছरीर जित्रभियी रा/२৮8२, जनम हरीर, जारकीक भिमकाज হা/৪৬৪৪)।

(ছ) সকল বনী আদমের কর্তব্য হ'ল, মুসলিম হোক অমুসলিম হোক সবার সঙ্গে হাসিমুখে আলাপ-আলোচনা করা। যেমনটি নিম্নের হাদীছে শিক্ষা দেওয়া হয়েছে-

عن جابِرِبْن سَمُرَةَ قَالَ كَانَ رَسُوْلُ اللّه صَلَّى اللّهُ عَلَيْهِ وَسَلَّمَ لَا يَقُومُ مِنْ مُصَلَّاهُ الَّذِي يُصَلِّي فيه الصُّبُحَ حَتَى تَطْلَعُ الشَّمْسُ فَإِذَا طَلَعَتِ الشَّمْسُ قَامَ وَكَانُواْ يَتَحَدَّثُونَ فَيَأْخُذُونَ فِي أُمْرِ الْجَاهليَّة فْيَصْحُكُونَ وَيَتَبِسَمُّ صَلَّى الله عَلَيْه وسَلَّمَ -

হ্যরত জাবির ইবনে সামুরাহ (রাঃ) হ'তে বর্ণিত, তিনি বলেন, রাসল (ছাঃ) যে স্থানে ফজরের ছালাত আদায় করতেন, সূর্য সুস্পষ্টভাবে উদয় না হওয়া পর্যন্ত ঐ স্থান থেকে উঠতেন না। অতঃপর যখন সর্য উদয় হ'ত তখন উঠে আসতেন। ইত্যবসরে বিভিন্ন বিষয়ে সাহাবাগণ কথাবার্তা বলতেন এবং জাহেলী যুগের কার্যকলাপের কথা উত্থাপন করে হাসাহাসি করতেন। আর রাসল (ছাঃ) মুচকি হাসতেন ৷১৯

অমুসলিমদের সাথে সুন্দর আলাপ-আলোচনা সম্পর্কে বর্ণিত হয়েছে যে, একদা মুসলিম সৈন্যরা সুমামা ইবনে উসাল নামের মুশরিকদের এক নেতাকে ধরে নিয়ে আসলে মসজিদে নববীর খুঁটির সাথে তিনদিন বেঁধে রাখা হয়। রাস্তুল্লাহ (ছাঃ) পরপর তিনদিনই তার সাথে সন্দরভাবে মতবিনিময় ও আলাপ-আলোচনা করেন। সমাম। ইবনে উসাল রাসূলুল্লাহ (ছাঃ)-এর এই অমায়িক ব্যবহার দেখে সঙ্গে সঙ্গে মুসলমান হয়েছিলেন। २०

১৯. हरीर मुञनिम, मिশकां ७/১७४२ পঃ, रा/४ १४९ 'जानव' जशाग्र 'হাসি-খুশীর বিধান' অনচ্ছেদ।

২০. ছহীহ বুখারী, ছহীহ মুসলিম, মিশকাত ২/১১৫৬ পুঃ, হা/৩৯৬৪ 'किराम' অধ্যায়, 'करग्रेमीरमतं विथान' অनुरूष्टम ।

আবশ্যক

আল-মারকাযুল ইসলামী আস-সালাফী, নওদাপাড়া, রাজশাহী-এর জন্য দাওরা ফারেগ সহ কার্মেল পাশ, আরবী ভাষায় অভিজ্ঞতা সম্পন্ন ২ জন শিক্ষক আবশ্যক।

[৫ বছরের অভিজ্ঞতা সম্পন্ন প্রার্থীকে অগ্রাধিকার দেওয়া হবে] শিক্ষাগত যোগ্যতার সকল সনদপত্রের সত্যায়িত অনুলিপি সহ দরখান্ত মারকাযের প্রিন্সিপাল বরাবরে জমা দেওয়ার জন্য আহ্বান করা হচ্ছে।

আবেদনপত্র জমা দেওয়ার শেষ তারিখ ৩১/৭/২০০১ইং। माक्कारकात्रः ८/৮/२००५ देश त्राज भनिवात मकान ५०টा । বেতনঃ আলোচনা সাপেকে।

আবৃছ ছামাদ সালাফী প্রিন্সিপ্যাল व्यान-मात्रकायुन रेमनामी व्याम-मानाकी, नर्धनाभाषा, मभुता, दाखनारी।

হ্রাদীছের সন্ত্র

মহানবী (ছাঃ)-ই একমাত্র সুপারিশকারী

-মুকাররম বিন মুহসিন*

হ্যরত আনাস (রাঃ) হ'তে বর্ণিত, রাস্লুল্লাহ (ছাঃ) এরশাদ করেছেন, 'কিয়ামতের দিন মুমিনগণকে (হাশরের ময়দানে স্ব স্ব অপরাধের কারণে) বন্দী রাখা হবে। তাতে তারা অত্যন্ত চিন্তিত ও অস্তির হয়ে পড়বে এবং বলবে, যদি আমরা আমাদের প্রতিপালক আল্লাহ তা'আলার নিকট কারো মাধ্যমে সুপারিশ কামনা করি তাহ'লে হয়ত আমরা বর্তমান অবস্থা থেকে মুক্তি পেয়ে সুখ ও আনন্দময় স্থান লাভ করতে পারি। সেই লক্ষ্যে তারা পিতা আদম (আঃ)-এর নিকট উপস্থিত হয়ে বলবে, আপনি সমস্ত মানবজাতির পিতা, আপনাকে আল্লাহ স্বীয় হাতে সষ্টি करत्राह्म, जान्नारा वात्रञ्चान करत पिरम्रहिर्ह्नन ফেরেশতামণ্ডলীদের দিয়ে সিজদা করিয়েছিলেন এবং তিনিই যাবতীয় বস্তুর নাম আপনাকে শিক্ষা দিয়েছিলেন। আপনি আমাদের জন্য আপনার রবের নিকট সুপারিশ করুন, যেন তিনি আমাদেরকে এই কষ্টদায়ক স্থান হ'তে মুক্ত করে প্রশান্তি দান করেন। তখন পিতা আদম (আঃ) বলবেন, আমি তোমাদের এই কাজের মোটেই উপযুক্ত নই।

নবী করীম (ছাঃ) বলেন, তখন তিনি গাছ হ'তে ফল খাওয়ার অপরাধের কথা শ্বরণ করবেন, যা হ'তে তাঁকে নিষেধ করা হয়েছিল। (আদম (আঃ) বলবেন) বরং তোমরা মানবজাতির জন্য আল্লাহ তা'আলার প্রেরিত সর্বপ্রথম নবী নৃহ (আঃ)-এর নিকটে যাও। প্রামর্শ মোতাবেক তারা সকলেই প্রথম প্রেরিত নবী নৃহ (আঃ)-এর কাছে গেলে তিনি তাদেরকে বলবেন, আমি তোমাদের এই কাজের জন্য একেবারেই অক্ষম। সাথে সাথে তিনি তাঁর ঐ অপরাধের কথা শরণ করবেন, যা অজ্ঞতাবশতঃ নিজের (অবাধ্য) ছেলেকে পানিতে না ডুবানোর জন্য আল্লাহর কাছে প্রার্থনা করেছিলেন। (তিনি বলবেন) বরং তোমরা আল্লাহ্র খলীল হ্যরত ইবরাহীম (আঃ)-এর নিকটে যাও।

রাসূলুল্লাহ (ছাঃ) বলেন, এবার তারা হ্যরত ইবরাহীম (আঃ)-এর নিকট যাবে। তখন তিনি বলবেন, আমি তোমাদের এ কাজের জন্য কিছুই করার ক্ষমতা রাখিনা। সাথে সাথে তাঁর তিনটি মিথ্যা উক্তির কথা শ্বরণ করবেন এবং বলবেন, বরং তোমরা মৃসা (আঃ)-এর কাছে যাও। তিনি আল্লাহর এমন এক বান্দা যাঁকে আল্লাহ তাওরাত দান

^{*} नवम द्युनी. नउमाभाषा मापतामा, मभुता, ताकनाशी।

किंद्र बार-वासीन ४९ वर्ष १०व मत्या, शक्ति बाद-बार्कीक १६ वर्ष १०व मत्या, शक्ति बाद-बारकीक १६ वर्ष १०व मत्या, वाकि बाद-बारकीक १६ वर्ष १०व मत्या করেছেন, তাঁর সাথে বাক্যালাপ করেছেন এবং তাঁকে মু'জেযাহ দান করে মর্যাদার অধিকারী করেছেন। স্বী করীম (ছাঃ) বলেন, তখন তারা সকলে হ্যরত মৃসা (আঃ)-এর কাছে আসলে তিনি বলবেন, আমি তোমাদের জন্য সুপারিশের ক্ষেত্রে অপারগ। তখন তিনি সেই প্রাণনাশের অপরাধের কথা স্মরণ করবেন, যা তাঁর হাতে সংঘটিত হয়েছিল এবং বলবেন, বরং তোমরা আল্লাহ্র বান্দা ও তাঁর মনোনীত রাসূল, তাঁর কালেমা ও রূহ হযরত ঈসা (আঃ)-এর কাছে যাও।

নবী করীম (ছাঃ) বলেন, তখন তারা সবাই হ্যরত ঈসা (আঃ)-এর কাছে গেলে তিনি বলবেন, আমি তোমাদের এ কাজের উপযুক্ত নই। বরং তোমরা মুহাম্মাদ (ছাঃ)-এর কাছে যাও। তিনি আল্লাহ তা'আলার এমন এক বান্দা, যার আগের ও পরের সমস্ত গোনাহ আল্লাহ ক্ষমা করে দিয়েছেন। রাসূলুল্লাহ (ছাঃ) বলেন, তারা আমার কাছে আসবে। আমি তখন আমার রবের কাছে তাঁর দরবারে উপস্থিত হওয়ার অনুমতি প্রার্থনা করব। অতঃপর আমাকে তাঁর নিকট যাওয়ার অনুমতি দেওয়া হবে। আমি যখন তাঁকে দেখন, তখনই তাঁর উদ্দেশ্যে সিজদায় পড়ে যাব। আল্লাহ আমাকে যতক্ষণ চাইবেন সিজদা অবস্থায় রাখবেন। অতঃপর বলবেন, হে মুহামাদ! মাথা উঠাও। আর যা বলার বল, তোমার কথা শুনা হবে। তুমি সূপারিশ কর, তোমার সুপারিশ কবৃল করা হবে। তুমি চাও, তোমাকে দেওয়া হবে।

রাসূলুল্লাহ (ছাঃ) বলেন, তখন আমি মাথা উঠাব এবং আমার রবের এমনভাবে প্রশংসা বর্ণনা করব, যা তিনি আমাকে শিখিয়ে দিবেন। অতঃপর আমি শাফা'আত করব। তবে এ ব্যাপারে আমার জন্য একটি সীমা নির্ধারণ করে দেওয়া হবে। তখন আমি আল্লাহ্র দরবার হ'তে উঠে আসব এবং ঐ নির্ধারিত সীমার লোকদেরকে জাহান্নাম হ'তে বের করে জানাতে প্রবেশ করাব। তারপর আমি পুনরায় ফিরে এসে আমার প্রতিপালকের দরবারে হাযির হওয়ার জন্য আল্লাহ্র কাছে অনুমতি প্রার্থনা করব। আমাকে অনুমতি দেওয়া হবে। আমি যখন তাঁকে দেখব, তখনই তাঁর উদ্দেশ্যে সিজদায় পড়ে যাব এবং আল্লাহ যতক্ষণ চাইবেন আমাকে সিজদাহ অবস্থায় থাকতে দিবেন। তারপর আল্লাহ বলবেন, হে মুহামাদ। মাথা উঠাও। আর যা বলার বল, তোমার কথা ওনা হবে. সুপারিশ কর, কবূল করা হবে। তুমি প্রার্থনা কর, যা প্রার্থনা করবে তা দেওয়া হবে। তখন আমি মাথা উঠাব এবং আমার রবের এমন প্রশংসা ও গুণকীর্তন বর্ণনা করব, যা আমাকে শিখিয়ে দেওয়া হবে। এরপর আমি শাফা আত করব। তবে এ ব্যপারে আমার জন্য একটি নির্দিষ্ট সীমা দেওয়া হবে। তখন আমি আমার রবের দরবার হ'তে চলে

আসব এবং ঐ নির্দিষ্ট লোকগুলিকে জাহান্নাম হ'তে বের করে জান্নাতে প্রবেশ করাব। অতঃপর তৃতীয়বার ফিরে আসব এবং আমার প্রতিপালক আল্লাহ্র দরবারে উপস্থিত হওয়ার অনুমতি প্রার্থনা করব। আমাকে তাঁর কাছে উপস্থিত হওয়ার অনুমতি দেওয়া হবে। আমি যখন তাঁকে দেখন, তখনই সিজদায় পড়ে যাব। আল্লাহ যতক্ষণ ইচ্ছা আমাকে সিজদাহ অবস্থায় রাখবেন। তারপর বলবেন, হে মুহাম্মাদ! মাথা উঠাও। তুমি যা বলবে তা ওনা হবে। প্রার্থনা কর, যা প্রার্থনা করবে তা প্রদান করা হবে। রাসূলুল্লাহ (ছাঃ) বলেন, তখন আমি মাথা উঠাব এবং আমার রবের এমন হামদ্ ও ছানা বর্ণনা করব, যা তিনি আমাকে শিখিয়ে দিবেন। নবী করীম (ছাঃ) বলেন, তারপর আমি শাফা আত করব। এ ব্যপারে আল্লাহ তা আলা আমার জন্য একটি নির্দিষ্ট সীমা করে দিবেন। তখন আমি সেই দরবার থেকে বের হয়ে আসব এবং সেখানে গিয়ে তাদেরকে জাহান্নাম হ'তে বের করে জান্নাতে প্রবেশ করাব।

অবশেষে কুরআন যাদেরকে আটকিয়ে রাখবে (অর্থাৎ যাদের জন্য কুরআনের ঘোষণা অনুযায়ী চিরস্থায়ী ঠিকানা জাহান্নামে নির্ধারিত হয়ে গিয়েছে) তারা ব্যতীত আর কেউ দোযখে অবশিষ্ট থাকবে না। বর্ণনাকারী ছাহাবী হ্যরত আনাস (রাঃ) বলেন, অতঃপর রাসূলুল্লাহ (ছাঃ) কুরআনের عَسَى أَنْ يَبْعَثُكَ رَبُّكَ مَقَامًا مَّحْمُوْدًا অই আয়াতটি 'আশা করা যায়, আপনার প্রতিপালক অচিরেই আপনাকে 'মাক্বামে মাহমূদে' পৌছিয়ে দেবেন' (বনী ইসরাঈল ৭৯) মাহমূদ' যার প্রতিশ্রুতি তোমাদের নবীকে দেওয়া হয়েছে। = मूखाकांक् जानारेंर, ছरीर दूधाती 8/৫8७ 9%, काल्झनवाती ১৩/৫১৯ পৃঃ, হা/৭৪৪০ 'ভাওহীদ' অধ্যায়; আলবানী, মিশকাত ৩/১৫৪৬-৪৭ পৃঃ, হা/৫৫৭২ 'কিয়ামত দিবসের অবস্থা ও সৃষ্টির সূচনা' অধ্যায় 'হাওয কাওছারের পানি ও শাফা'আত' অনুচ্ছেদ।

আহলেহাদীছ আন্দোলনের নৈতিক ভিত্তিঃ

মানুষের ७ इरीर গভীর আন্দোল मान उपनीक हर्न रचे 304 तरपा, गानिक जान-जावनिक 8व वर्ष 304 तरमा, ग्रानिक बाक-कावनिक हर्ष वर्ष ३८४ तरपा, ग्रानिक काक-पापनीक 8व वर्ष ३८४ तरपा,

िर्किएमा ज्ञाए

<u>ভায়াবেটিস</u>

-ডাঃ মুহাম্মাদ হাফীযুদ্দীন*

উঁচুতে বাঁধা পানি ভর্তি পাত্র হ'তে নলের সাহায্যে নীচে আপনা-আপনি পানি পড়লে তাকে বলে সাইফন। এই সাইফনের সাথে ডায়াবেটিস-এর প্রধান লক্ষণের তুলনা করা চলে।

প্রাচীন মিসর, থীক ও রোমান দেশে এই রোগের প্রথম বিবরণ পাওয়া যায়। ১৮৬২ সালে এজারেস নামে একজন জার্মান বিশেষজ্ঞ সর্বপ্রথম এই রোগ আবিদ্ধার করেন। সে সময়ে এ রোগকে 'অত্যধিক মূত্র নির্গমন রোগ' বলা হ'ত। অতঃপর ১৯৭২ সালে জোহান পিটার ফ্লাংক নামক জনৈক বিশেষজ্ঞ বলেন যে, ডায়াবেটিস সাধারণতঃ দু'প্রকার। যে ডায়াবেটিসে প্রস্রাবের স্বাদ মিষ্ট, তাকে ডায়াবেটিস মেলিটাস বা শর্করামুক্ত বহুমূত্র এবং অপরটিকে ডায়াবেটিস ইনসিপিডাস বা শর্করামুক্ত বহুমূত্র বলা হয়ে থাকে।

১৮১৫ সালে জনৈক ফরাসী রাসায়নিক মিবেল ইউইজন শেভরুল বহুমূত্র রোগীর প্রস্রাবের স্বাদ গ্রুকোজের মত হয় বলে প্রমাণ করেন। তৎকালীন বিজ্ঞানীরা বহু বছর পর্যন্ত সঠিকভাবে জানতেন না যে, ইনসূলিন অগ্নাশয় হ'তে নিঃসৃত হয় এবং তার অভাবে বহুমূত্র রোগ হয়। ইতিমধ্যে অনেক বিজ্ঞানী বহুমূত্রকে নানাভাবে বর্ণনা করেছেন। কেউ বলেছেন, এটা পাকস্থলীর রোগ। কেউ বলেছেন, কিডনীর রোগ। আবার কারো মতে, এটি অগ্নাশয়ের রোগ। অনেকে আবার অগ্নাশয়কে আংশিকভাবে কেটে ফেলে তার প্রতিক্রিয়াও লক্ষ্য করেছেন।

১৮৯০ সালে ভনমেরিন ও মিনকোন্ধি নামক বিজ্ঞানীগণ বিভিন্ন পরীক্ষার মাধ্যমে বৃঝতে পারেন যে, অগ্নাশয়ে এমন কিছু উপাদান আছে, যার উপস্থিতিতে শরীরে শর্করা ব্যবহৃত হয়।

১৯০০ সালে একজন রাশিয়ান অঙ্গচ্ছেদ বিদ্যাবিশারদ লিউনিদ ওয়াগিলিভিচ জোবোলেভ দৃঢ়তার সাথে বলেন যে, বহুমূত্র যখন অগ্নাশয়ের অসুখের কারণ হয়, তখন আইলেট্স অব ল্যাঙ্গার হ্যানসের আংশিক বা পূর্ণ ধ্বংস প্রাপ্তির কারণেই হয়। তারপর ১৯০১ সালে মেয়ার তার নাম দেন ইনসুলিন নামে একটি প্রাণরসের।

কারণঃ অনিয়মিত ও অত্যধিক স্ত্রী সহবাস, অতিরিক্ত শোক-দুঃখ, অতিরিক্ত ও অনিয়মিত পরিশ্রম ইত্যাদি কারণে দেহের জলীয় অংশ বিকৃত ও স্থানান্তরিত হয়ে প্রস্রাব থলিতে এসে প্রস্রাবে পরিণত হয়। প্রাচীন চিকিৎসকগণ লক্ষ্য করেছিলেন যে, অনবরত পানি পান ও বেশী বেশী প্রস্রাব ত্যাগে সেই পানি বের হয়ে যাওয়া এই রোগের

কারণ। বিভিন্ন বয়সে নানা কারণে এই রোগ জটিল হয়।
অধিকাংশ লোকই বলেন যে, এই রোগ পুরাপুরি সারে না।
খাদ্য নিয়ন্ত্রণকরণ, মিষ্টি পরিত্যাগ এবং নিয়মিত
সকাল-সন্ধ্যায় ব্যায়াম ও হেঁটে বেড়ানোর মাধ্যমে এই
রোগের সাথে আপোষ করে জীবন ধারণ করতে হয়।
বিজ্ঞান ও প্রযুক্তির যুগে মানুষের অভাবনীয় উন্নতি সত্ত্বেও
একটা রোগের সাথে মানুষকে আপোষ করে চলতে হবে
কেনঃ ইনশাআল্লাহ নিয়ন্ত্রণ নয়, পূর্ণ চিকিৎসাই সম্ভব।
যেহেতু মৃত্যুরোগ ছাড়া সকল রোগের চিকিৎসা আছে।

ভায়াবেটিস বা বহুমূত্র সারা জীবনের রোগ হ'লেও সঠিক ও সুষ্ঠু হোমিওপ্যাথ চিকিৎসা দ্বারা রোগী আরোগ্য লাভ করতে পারে। এ হোমিও চিকিৎসায় বহুসংখ্যক রোগী আরোগ্য লাভ করে বর্তমানে সুস্থ হয়েছেন। সত্যিই হোমিওপ্যাথিক মহান আল্লাহর এক অনুপম করুণা।

লক্ষণঃ ভায়াবেটিস বা বছ্মূত্র রোগীর প্রধান লক্ষণ হ'ল ঘনঘন প্রস্রাব, অতিরিক্ত পিপাসা, অত্যন্ত ক্ষিদে, যথেষ্ট আহারাদি অথবা মেদ-ভূড়ির বৃদ্ধি সত্ত্বেও ওযন কমে যাওয়া, শারীরিক দুর্বলতা ও ক্লান্তিবোধ, খোসপাচঁড়া প্রভৃতি চর্মরোগ, হাত-পা অবস, অনুভৃতিহীনতা, দৃষ্টিশক্তি কমে যাওয়া, চামড়া টিলা হওয়া, প্রচুর আহারাদি সত্ত্বেও শরীর দিন দিন ভকিয়ে যাওয়া ইত্যাদি লক্ষণে সহজেই ভায়াবেটিস বা বহুমূত্র রোগী চিনতে পারা যায়।

রোগের প্রথম অবস্থায় জননেন্দ্রিয়ে পামা বা একজিমা ধরনের এক প্রকার চর্মরোগ দেখা দেয়। সাধারণতঃ এই রোগ ধীর গতিতে আক্রমণ করে। প্রথমদিকে রোগীকে বিশেষ কোন লক্ষণ বা যন্ত্রণায় ভূগতে হয় না। কিছুদিন যেতেই প্রস্রাবের সাথে সুগার নির্গত হওয়া শুরু হয়। পিপাসা দূর হয় না, মুখ ও শরীর শুকিয়ে যায়। জিহবা শুষ্ক ও সাদা লেপাবৃত ও লালা থাকে। দাঁতে ক্ষয় রোগ দেখা দেয়, দাঁতের মাড়ি হ'তে রক্ত বের হয়়। নিঃশ্বাসে মাদকতার মিষ্ট গন্ধ পাওয়া যায়। শরীরে নানা ধরনের ফোঁড়া উঠতে থাকে, ঘুমঘুম ভাব, কোমরে বেদনা, পায়ের চামড়া খসখসে ও শুষ্ক ইত্যাদি লক্ষণ দেখা দেয়।

হৎপিণ্ডের দুর্বলতা, পৃষ্টিশক্তিহীনতা ও চোখে ছানি উৎপন্ন হয়। এই রোগীর মাথার চুল উঠতে থাকে। দেহের কোন অংশ কেটে গেলে বা আঁচড় লাগলে সহজে শুকাতে চায় না। বহুমূত্র রোগীর প্রস্রাবের আপেক্ষিক শুরুত্ব ১০২৫-৫০ পর্যন্ত দেখা যায়। প্রস্রাবে শর্করা থাকায় গন্ধের দরুন তাতে পিঁপড়ে লাগে বা মাছি বসে। রাতে প্রস্রাব বৃদ্ধি পায়। স্নায়ু দুর্বলতা বাড়ে। ফলে অনিদ্রা অথবা প্রস্রাবের বেগে নিদ্রাভঙ্গ, রতিশক্তিহীনতা দিন দিন বাড়তে থাকে। প্রস্রাব ধারণ ক্ষমতা লোপ পায়। প্রস্রাবের বেগ হ'লেই সাথে সাথে প্রস্রাব করতে হয়, বিলম্ব সহ্য হয় না।

হোমিও চিকিৎসাঃ শর্করাযুক্ত ভারাবেটিস রোগে লক্ষণভেদে নিম্নলিখিত ওযুধগুলি প্রয়োগ করলে ইনশাআল্লাহ উপকার হবে। যেমনঃ

শ এ,এম,এইচ,আই (কলকাতা), এইচ,এম,পি (পাক), হোমিও ফিজিশিয়ান বাংলাদেশ, হোমিও চিকিৎসক, আল-মারকায়ুল ইসলামী আস-সালাফী, নওদাপাড়া, রাজশাহী।

- (ক) সিজিয়াম জ্যাম্বোলিনাম Q, λX শক্তিঃ এটি শর্করাযুক্ত বহুমত্রের প্রধান ওম্ব। পিঁপাসা, শীর্ণতা, বারবার প্রস্রাবে এটি প্রযোজা।
- (খ) ইউরেনিয়াম নাইট্রিকাম. ১X-৩০ শক্তিঃ ইংল্যাণ্ডের ত্রেক এই ওমুধের প্রথম পরীক্ষা করেন। শর্করাযুক্ত বহুমুত্র অর্থাৎ যেখানে শর্করা বেশী থাকে, সেখানে দিন অপেকা রাতে অনেকবার বহুপরিমাণে প্রস্রাব হয়। সেক্ষেত্রে এই ওমুধটি ২/৩ মাত্রা ৭/৮ দিন সেবন করলে বিশেষ উপকার
- (গ) প্রস্রাবে অধিক শর্করা এবং ঘাম থাকলে 'এমনএসেট ভX' শক্তি প্রয়োগ বিধেয়।
- (ঘ) শর্করাযুক্ত বহুমূত্রে পরিমাণে অধিক ও ঘনঘন দিন-রাত সব সময়ই প্রস্রাবের বেগ এবং কোষ্ঠকাঠিন্য ধাতৃর জন্য 'এসিড শ্যাকটিক ২X-৩০' শক্তি ওষুধ বিশেষ উপযোগী।
- (৬) এব্রোমা আগষ্টা Q, ১X শক্তিঃ এর বাংলা নাম ওলটকমল। ডাঃ ডি,এন,রায় বলেন, এর পাতার রস শর্করাযুক্ত বহুমূত্র রোগে বিশেষ উপকারী। তিনি ১০ বছর ব্যবহার করে সন্তোষজনক ফল লাভ করেছেন। শর্করাযুক্ত প্রস্রাবের গরই পিপাসা, মুখ শুষ্ক, প্রস্রাবে আঁসটে দুর্গন্ধ, কখনও ঘোলা মূত্র স্পেসিফিক গ্রাভিটি খুব বেশী। রাতে ঘন ঘন ও পরিমাণে বেশী প্রস্রাব মৃত্তথলির মুখে ও শরীরে জ্বালা, মূত্রে এলবুমেন, অসাড়েমূত্র নির্গমন, মূত্রবেগ ধারণে অক্ষমতা, দুর্বলতা, মাথা ঘোরা, অনিদ্রা, শীর্ণতা, কোষ্ঠবদ্ধজনিত কোঁড়া ইত্যাদিতে এটি প্রয়োগে বিশেষ উপকার দর্শে (ডাঃ এন,সি, ঘোষ, কম্পারেটিভ মেটিরিয়া মেডিকা, 98 12-40, 00 G 260) 1

শর্করাবিহীন বহুমূত্র রোগে লক্ষণ অনুযায়ী নিম্নলিখিত ওম্বতলি প্রয়োগ বিধেয়ঃ

- (ক) শর্করাবিহীন বহুমূত্র অর্থাৎ যাতে প্রস্রাবে শর্করা আদৌ থাকে না। প্রস্রাবের আপৈক্ষিক শুরুত্ব (Specific gravity) হ্রাস পায় (১০৮/১১৯), বহুবার স্বচ্ছ পানির মত প্রস্রাব হয়, পিপাসা কখনও থাকে বা কখনও থাকে না, তাহ'লে এলফালফা Q, ২X অব্যর্থ ওম্বধ।
- (খ) এসিডফস ২X-২০০ শক্তিঃ শর্করাবিহীন ও শর্করাযুক্ত উভয় প্রকারের বহুমূত্রেই রোগীকে রাতে অনেকবার প্রস্রাব ত্যাগ করতে উঠতে হয়। প্রবল পিপাসা, রোগী জীর্ণ-শীর্ণ ও দুর্বল হয়ে পড়ে। ডাঃ হিউজেস বলেন, স্নায়ু দৌর্বল্যজনিত বহুমূত্র রোগে এটি অধিক উপকারী। দুধের মত সাদা বা খড়িগোলার মত প্রস্রাব নির্গমনেও এটি উপযোগী ওষুধ।
- (গ) হেলোনিয়াস Q-২০০ শক্তিঃ ডায়াবেটিস ইনসিপিডাস (যাতে সুগার বা শর্করা আদৌ থাকে না) অধিক পরিমাণে ঘনঘন প্রস্রাব তৎসহ ইউরিয়া নির্গমন এবং ডান দিকের কিডনিতে বেদনা থাকলে এ ওষুধ প্রযোজ্য।

- (ঘ) ক্যা**লিনাইট ৩য় ও ৬ষ্ঠ শ**ক্তিঃ পটাস না**ইট্রেট** খুব শীর্ঘ শীঘ্র শরীর হ'তে কিডনির মধ্য দিয়ে প্রস্রাবের সাথে নির্গত হয়ে গেলে প্রস্রাব যন্ত্রে ও প্রস্রাবের রাস্তায় ইরিটেশন হয়। সেজন্য অধিক পরিমাণ রক্তস্রাব হ'লে, প্রস্রাবের আপেক্ষিক গুরুত্ব ১০৩০-১০৪০ পর্যন্ত দেখা গেলে, এটি প্রয়োগে বিশেষ উপকার হয়।
- (৬) ক্রিয়োজোট ()-২০০ শক্তিঃ হঠাৎ প্রচণ্ডবেগে এত প্রসাব হয় যে. উঠতে বিলম্ব সয় না। বালক বালিকা বা যুবকরা বিছানায় প্রস্রাব করলেও ইহা প্রযোজ্য।
- (চ) জ্যায়োরাণ্ডি ৬X শক্তিঃ কিডনির পীড়াজনিত শোথ ভায়াবেটিস ইনসিপিডাস, তলপেট ও মৃত্রথলিতে বেদনা, প্রসাবে আপেক্ষিক গুরুত্ব হাস, স্ত্রীলোকদের অতি অল্প পরিমাণ ঋাতুদ্রাব বা ঋতুবন্ধ, খুব বেগে নির্গমনশীল উদরাময় ও তৎসহ বমি, চক্ষুর কতগুলি পীড়া ইত্যাদি রোগেও এটি অব্যর্থ মহৌষধ। গর্ভাবস্থায় শোথ ও **অঙ্গ-প্রত্যঙ্গাদির ফোলাতেও এটি বিশেষ উপকা**রী।
- (ছ) ক্ষ্টিকাম ৩০-২০০ শক্তিঃ প্রস্রাবের বেগ এক মুহূর্তও ধারণ করতে পারে না। প্রস্রাব ত্যাগ করার সময় সে জানতে পারে না যে. প্রস্রাবের ধারা এখনও চলছে কি-নাঃ প্রস্রাব দ্বারে চুলকানি, হাঁটতে ও কাশিতে প্রস্রাব নিঃসরণ চলতে-ফিরতে ফোটা ফোটা প্রস্রাব নির্গমন। নিদ্রিত অবস্থায় শিশুদের বিছানায় প্রস্রাব ইত্যাদি লক্ষণে এটি বিশেষ ফলপ্রদ।
- (জ) লাইকোপডিয়াম ৩-সি.এম. শক্তিঃ এটি একটি দীর্ঘ মেয়াদী ওষুধ। প্রথম মাত্রায় উপকার পেলে কদাচিৎ দ্বিতীয় মাত্রা দিতে নেই। বিশেষ করে শিশুদের ও বৃদ্ধদের ক্ষেত্রেই এটি বিশেষ উপযোগী। হঠাৎ প্রস্রাব বন্ধ, প্রস্রাব করতে বসলে থেমে থেমে প্রস্রাব হয়। প্রস্রাবের অত্যন্ত বেগ আসে কিন্তু সহজেই বের হয় না। অনেকক্ষণ বসে থাকতে হয়। এমনকি কিডনির পাথরী পীড়াতেও এটি বিশেষ উপযোগী ওষুধ (এটি পরীক্ষিত)।

দেশীয় টোটকা ওমুধঃ (১) কাঁচা দুধ আধ পোয়া ও তেলকুচার (পটলের ন্যায় এক প্রকার ফল বিশেষ) পাতার রস এক ছটাক প্রত্যহ সেবনে কোন ওষুধের প্রয়োজন হয় না।

- (২) তোকমারির (তোকমা) সরবত এই পীড়ায় বিশেষ উপকারী।
- (৩) ত্রিপত্র বিশিষ্ট একটি বেলপাতা বেঁটে এক টুকরা কাঁঠালি কলার মধ্যে পুরে প্রত্যহ প্রাতে খালি পেটে ভক্ষণে এই পীড়ায় উপকার হয় (প্রান্তজ, পঃ ১১৪৯)।

পথ্যঃ সুজির রুটি, পাউরুটি, মাঠাতুলা দুধ্, ঘোল, ডিমের হলুদ অংশ, কাঁকড়ার কাঁথ, শাক-সক্তি, ছাঁচি কুমড়া, লাউ, শিম, ন্যাশপাতি, কমলালেবু, বাতাবি লেবু, কাগজি লেবু, যজডুমুর, মোছা, মানকচু ইত্যাদি (তদেব, পৃঃ ८५, ५५, ७७२, ७५१, ७५८, ७८५, ७४५ वर १५८५)।

कविना

খোকন এলি না

-মোল্লা আব্দুল মাজেদ গ্রামঃ রঘুনাথপুর, পাংশা,রাজবাড়ী।

দিবস শেষে ক্লান্তবেসে সন্ধ্যা এল ঐ আর সকলে ফিরছে ঘরে খোকন সোনা কই? রাখাল ছেলের সঙ্গে ধেনু ফিরছে সবে ঘরে মানিক সোনা রইল আমার কোন সে তেপান্তরে? দুধেল গাভী কাঁপায় মাটি হাম্বা রবে ডাকি ভর দিবসের আহার শেষে ফিরছে কুলায় পাখী। ঝাউ ঝিরঝির চপল হাওয়ায় মিষ্ট মধুর তান দুর মিনারের আযান তনে যায় তরে যায় প্রাণ। বেতস বনে উঠল সবে ডাহুকিয়ায় ডাকি হিজলগাছে ডাকছে না আর 'বউ কথা কও' পাখি। ঐ যে দূরে বেদ বহরে উঠছে কলরব ভাটির গানে মন্ত দেখি মাল্লা-মাঝি সব। ফুলের বনে গুঞ্জরণে জুটছে এসে অলি যাচ্ছে ঘরে কৃষাণ বধু সন্ধ্যা প্রদীপ জালি। দিকে দিকে শাস্ত সারা খোকন এলি না একলা ঘরে কেমন করে থাকবে রে তোর মাঃ ***

নীতি

-মুহাম্মাদ আব্দুস সান্তার দি শিফা হোমিও হল, জোনা বাজার, পোঃ জোনা, পাংশা, রাজবাড়ী।

বিচিত্র মানুষ এই ধরণীর বুকে
কেউ চলে হেসে খেলে, কেউ মরে ধুঁকে।
নামী-দামী সাজ কারু মুখে সিগারেট
ছিন্ন-বাসে চলে কেহ মাথা করি হেট।
কেউ করে রাজনীতি নামে হীন নীতি,
সগর্বে এড়িয়ে যায় সব রীতি-নীতি।
রাহাজানি, রংবাজি কেউ ভালবাসে
অপরে ঠকিয়ে কেউ মনে মনে হাসে।
কেউ দেয় উপদেশ 'চলো সং পথে
ভাল যদি পেতে চাও রোজ কি্ব্রামতে'।
নর্দমার পোকা মাখে শরীরে আতর,
ভাবে না সে আপনারে, ভদ্র কি ইতর।
এত রূপ এত নীতি, আজব ব্যাপার!
কবে হবে 'এক নীতি' আছে ভাববার।

আহলেহাদীছ আন্দোলন চলছে সারা বিশ্বে

ति अर्थ वर्ष 30% मरमा, मानिक बाक-कार्योक अर्थ वर्ष ३०% मरमा, मानिक बाक-कार्योक अर्थ वर्ष ३०% मरमा, मानिक बाक-कार्योक अर्थ वर्ष ३०% मरमा

-यूशचान यायूनूत त्रगीन সহ-जूপात, ठाँमপूत पाथिल यामतामा, थूलना ।

আহলেহাদীছ আন্দোলনের বিপ্রবী বীর সেনা, হয়েছে তৈরি ভাঙ্গতে তারা ত্বাগৃতের আন্তানা। লেখনী তাদের বুলেট সম হানছে আঘাত বুকে, रामी विदायी यार्था स्वयी ववात मत्रत धुँ रके। দীর্ঘদিনের জাহেলী রসম হয়ে যাবে খানখান, ছহীহ হাদীছের বিজয়ী বিধান রবে চির অস্লান। আহলেহাদীছ বীর মুজাহিদ পর জিহাদের তাজ, নবী-রাসলের বিপ্লবী পথে গড়ে তাওহীদী রাজ। দো'জাহানের সরদার আল্লাহ করে দিলেন যাঁকে লয়েছি আমরা বরণ করে ইমাম হিসাবে তাঁকে। নহি মোরা কভু আপোষকামী জাহেলিয়াতের সাথে চলিনা মোরা জাগ্রত জ্ঞানে শিরক-বিদ'আতের পথে। লড়বো মোরা দ্বীনের লাগি বিলিয়ে দিব প্রাণ্ ছেড়ে পালাবে যত বেঈমান জিহাদের ময়দান। সারা বিশ্ব মুক্ত হবে ত্বাগৃতী কবল হ'তে, রাখতে যিন্দা ইসলামকে সবৈ চলো রাসূলের পূথে। বিবাদ-কলহ ভুলে এসো হয়ে য়াই মুমিন ভাই শ্বেত ও কৃষ্ণ এসো সবে মোরা কাঁধে কাঁধ মিলাই।

আত্মঅহংকার

-আশরাফুল ইসলাম গ্রামঃ দোগাছী, পোঃ লক্ষ্মীচামারী, থানাঃ বড়াইগ্রাম, নাটোর।

সৃষ্টির সেরা তুমি রাখিও স্মরণ, তুমি যৌন না হও তোমার পতনের কারণ। অহংকারে লিপ্ত হ'লেই হারাবে দু'কুল। সৃষ্টির শ্রেষ্ঠ জাতি তুমি তোমার মইত্ত্বে লজ্জা পায় যেন বিশ্বভূমি। তোমার আচরণে যেন লজ্জা পায় সবৈ তোমার জন্মের অভিপ্রায় ধন্য হবে তবে। এ মহান দায়িত্ব তুমি হাতে লবে কবে? ধন্য জীবনে গণ্য হয়ে কবে রবে এ ভবে? তোমার আত্মচেতনা হয় যদি মধুময়. ধন্য জীবনে গণ্য হয়ে করবে দিশ্বিজয়। জীবন যুদ্ধের যাত্রা পথেই ধন্য হবে তুমি. ইসলামে তুমি মহাজন জানিবে বিশ্বভূমি i ছেড়ে দাও বন্ধু তুমি যত আছে অহংকার. মহত্ত্বে তোমার মুগ্ধ হয়ে মানিবে সবাই হার। মমন্তবোধে আকৃষ্ট হয়ে লুটিবে সবে পদতলে, মনুষ্যত্ত্বের চরম শিখরে উপনীত হবে যবে। ছেড়ে দাও বন্ধু তুমি অহংকার ও পরিহাস, ধন্য জীবনে গণ্য হবে সাক্ষ্য দিবে ইতিহাস। ঘৃণা কাউকে করবে না কৃত্বু মোরা যে আদম সন্তান সং-অসং, গুণী-নির্গুণ সবই আল্লাহ্র দান।

मानिक प्राप्त कार्योक हुई वर्ष ३०४ जल्या, मानिक पाक कार्योक हुई वर्ष ३०४ मत्या, সোনামণিদের পাতা

গত সংখ্যার সঠিক উত্তর দাতাদের নাম

আল-মারকায়ল ইসলামী আস-সালাফী, নওদাপাড়া, त्राजनारी (परकः तमीकृत कृतान, मतीकृत रूमनाम, रात्मम আলী, তারেকুল ইসলাম, ওয়াহীদুল ইসলাম, আব্দুল্লাহ, খায়রুল ইসলাম, হাফীযুর রহমান, আবুল মূমিন, ফারুক ভুসাইন ও রাশেদুল ইসলাম।

বড়শিপাড়া, গোদাগাড়ী, রাজশাহী থেকেঃ আবুল কাদের. জাহিদুল ইসলাম, ওয়াহীদুল ইসলাম, যত্কল ইসলাম, ছাদিকুল ইসলাম, ইকবাল ও অনিক।

মধপুর বীরতারা, টাংগাইল থেকেঃ জাহাঙ্গীর আলম, আদুর রহীম রনি. লাবণী, কনি, শরীফ, খোকন, সুলতানা, ছামু, শামিন, আল-আমীন, সবুজ, বাবু, সেলিম, খোকন, তাহমিনা, রূপা আক্রার, সুখী আক্রার, কনিকা, ফাহিমা আক্রার, জাহিদুল ইসলাম, ফারুক হুসাইন, আব্দুল লতীফ ও নূরননাহার আক্রার।

মধপুর, টালাইল থেকেঃ তারেকুল ইসলাম, মাছুম, মুখলেছুর রহমান , সেলিম হুসাইন, মতীউর রহমান, রিযিয়া খাতুন ও লিলি আখতার।

পাঁচশিশা, শুরুদাশপুর, নাটোর থেকেঃ মুহাম্মাদ সোহেল রানা, সুমন, শিমুল, টুটুল, শিফা আজার, বৃষ্টি, মৌসুমী ও নৃপু:

সরিবাবাড়ী, জামালপুর থেকেঃ আব্দুছ ছামাদ, আযীমুদ্দীন, আব্দুস সান্তার, আরীফুল ইসলাম, বিপ্লব, লিবলু, জেসমিন, त्रिया. गारिना, त्क्या, त्यांत्रुयी, यनिका, त्याया, यानवृता, আনোয়ারা, সুমন, মজনু, মাছুম ও চাসরুল।

বাঁশবাড়িয়া, নাটোর থেকেঃ সুফিয়া, তাসলীমা, রওশনআরা, জলি, আদরী, সাগরী, যুথি, ফাতেমা, নাজমা, আয়েশা, ফেনসি, নাঈমা, জেসমিন, রিনা, পুতুল, তানিয়া, ফ্যীলা, বৃষ্টি, ঝরা, तायि, किरताका, यूटनचा, तेथि, मत्नायाता, शकीयूर्व त्रश्मान, শরীফ, মাছুম, রেযা, সাইফুল্লাহ, ফারুক, মুন্না, অনিক, সুমন, সজিব, রনি, আরীফ, হেলাল, লিটন, আতাউর রহমান, ডলার, তুষার, রাশেদ ফায়সাল, রায়হান, তপু ও শাহীন।

সূর্যকণা কিবার গার্ডেন, বেলদারপাড়া, রাজশাহী থেকেঃ তोनिक इंकिकाल, मानिका त्रश्मान, कात्रशाना जाकतीन, খাদীজাতুল কুবরা, মায়েশা, সালীহা, নমেরী, সামীনা তান্যীর মুশতারী, হাজেরা বিবি, জানাতুন নাঈম, তাসনীম লতীফ, রুহানা নিশাদ নীলা, বৃষ্টি, রহিত খান, তাফসীর আদনান, সোহান, রায়হান, সাখাওয়াত হোসাইন, আসিফুর রহমান, সুইট খান, মুরাদও রাফী মাহমূদ, মধুশ্রী মৈত্র, চৈতী, চৈতালী ও জীম।

মিরাপাড়া, সপুরা, রাজশাহী থেকেঃ মেহেদী হাসান, মুক্তাদিরুন নেসা ও শেখ শাওফী।

কাউনিরা, রংপুর থেকেঃ রফীকুল ইসলাম।

মাদরাসা দারুস-সুরাহ, মিরপুর, ঢাকা থেকেঃ মুহামাদ नुक्रययोगान ।

গত সংখ্যার মেধা পরীক্ষার সঠিক উত্তরঃ

(ক) শব্দ অনুসন্ধানঃ


পাশাপাশিঃ

- ১. সম্মেলন ৩. ইজতেমা ৫. তহবিল ৬. মহানাদ ৯. তাহরীক ১১, রংপুর ৭,সোনামণি ১২, রমাযান। উপর_নীচঃ
- ১. সওগাত ২. নযক্রল ৩. ইসলাম ৪. মাসজিদ ৮. নিরক্ষর ৭.সোমবার ৯. তাকুদীর ১০. কনকন।
- (খ) বর্ণজটঃ আন্দোলন, জাহুব্রীক, লেলিহান, দীপপুঞ্জ, ছটফট, হরতাল, বোবা কান্না।

ছবি ঘরের সূত্র ধরে সাজালে সমাধানঃ আহলেহাদীছ হবো।

চলতি সংখ্যার মেধা পরীক্ষা

(ক) শব্দ অনুসন্ধানঃ



শব্দ তৈরীর নীতিমালাঃ

🗇 পাশাপাশিঃ

- ১. পৃথিবীর সর্বোৎকৃষ্ট স্থান।
- 8. বিশ্ব নবীর দৃধ মা।
- ৫. একটি দেশের নাম।
- ৯. জীবন ধারণের অপরিহার্য উপাদান।
- আল্লাহ্র গুণবাচক নাম।

🔲 উপর-নীচঃ

- ১. ঈসা (আঃ)-এর মায়ের নাম।
- ২. বিশ্ব বিখ্যাত একজন ফুটবলারের নাম।
- ক্রানিং পদ্ধতিতে জন্মগ্রহণকারী ভেড়ার নাম।
- একটি জাহান্নামের নাম।
- ৬. যার অবস্থিতি আছে কিন্তু বিস্তার বা বেদ নেই।
- ৭. বাংলা ব্যাকরণের অন্যতম আলোচ্যবিষয়।
- **৮. একজন নবীর নাম**।
- ১০. একটি ফল-এর নাম ৷

🗇 সংকলনেঃ মুহাম্মাদ আবদুল্লাহ (भाष्ट्र रख्न मर २५)४१ षानुधानी, ইউ.এ.ই।

চলতি সংখ্যার সাধারণ জ্ঞান (উদ্ভিদ বিজ্ঞান)

- ১. কিশমিশ ও লবন্দ কিং
- ২. পোন্তা কিং
- দারুচিনি কি ও কোথায় পাওয়া যায়ৢয়
- 8. ব্যাঙ্কের ছাতা কি জিনিসঃ
- ৫. গাছ কিভাবে শ্বাস নেয়ঃ গাছের গ্রহণ ও ত্যাগ করা পদার্থ দু'টির নাম কিং

🗇 সংকলনেঃ মহাত্মাদ আযীয়র রহমান **किन्ती**य भविष्ठालक, সোনামণি।

সোনামণি সংগঠনকে কে কতটা ভালবাসে

প্রতি বছরের সেপ্টেম্বর মাসের ২৩ তারিখ আসলেই সে দিনটির কথা মনে পড়ে যায়. যেদিন বাংলাদেশ আহলেহাদীছ যুবসংঘের সম্মানিত প্রতিষ্ঠাতা সভাপতি ডঃ মাওলানা মুহাম্বাদ আসাদুল্লাহ আল-গালিব বাংলাদেশের সকল শিশু-কিশোরদেরকে নির্ভেজাল তাওহীদের ছত্রছায়ায় ইসলামী চেতনা সৃষ্টির লক্ষ্যে **'সোনামণি'** নামে একটি শিশু-কিশোর সংগঠনের বীজ বাংলার মাটিতে বপন করেছিলেন। সে বীজের অংকুর আজ পুষ্প-পল্লবে সুশোভিত বৃক্ষে পরিণত হচ্ছে। ফালিল্লা-হিল হাম্দ। 'সোনামণি' আপনার দুয়ারে দাঁড়িয়ে রাসূলুল্লাহ (ছাঃ)-এর আদর্শে জীবন গড়ার শপথ নিয়ে বাংলাদেশের ৫ কোটি ৬০ লক্ষ শিশু-কিশোরকে হাতছানি দিয়ে ডাকছে। তাই 'সোনামণি' সংগঠনকে কে কতটুকু ভালবাসেন তা নিম্নের প্রশ্নোত্তরের ভিত্তিতে জেনে নিন।

- * নিম্নের 'ক' নং প্রশ্নের উত্তরের জন্য ১, 'খ' নং প্রশ্নের উত্তরের জন্য ২ এবং 'গ' নং প্রশ্নের উত্তরের জন্য ৩ নম্বর পাবেনঃ
- ১. 'সোনামণি' সংগঠনকে আপনি কি মনে করেনঃ
- (ক) বাংলাদেশের আরও ১৯টি শিশু-কিশোর সংগঠনের মত একটি সংগঠন।
- (খ) একটি ইসলামী শিশু-কিশোর সংগঠন।
- (গ) রাসূল (ছাঃ)-এর আদর্শে জীবন গড়ার যুগোপযোগী একটি আদর্শ শিশু-কিশোর সংগঠন।
- ২. আপনার মতে 'সোনামণি' সংগঠনে যারা যোগ দেয় ভারা কি শিখে?
- (ক) বিশুদ্ধভাবে ছালাত, ছিয়াম শিখে।
- (খ) বিতদ্ধভাবে কুরআন তেলাওয়াত শিখে।
- (গ) বিশুদ্ধ আক্রীদা, আমল ও আচরণসহ সকল বিষয়ে পারদর্শী হ'তে শিখে।
- ৩. এ সংগঠনের জন্য অর্থ ব্যয় করাকে আপনি কি মনে করেন?
- (ক) অথথা টাকা ব্যয় করা।
- (খ) কর্তব্য পালন করা।
- (গ) ছাদাকায়ে জারিয়াহ তথা ধীনে হকু প্রতিষ্ঠার কাজে অংশ নেওয়া।
- 8. 'সোনামণি' সংগঠনের দায়িত্বশীল আপনার এলাকায় সফরে গেলে আপনি কি করেন?
- (ক) অন্যান্য দিনের মত নিজের কাজে ব্যস্ত থাকেন।
- (খ) কাজ সেরে বিলম্বে সেখানে উপস্থিত হন।
- (গ) নিজের যর্মরী কাজ দ্রুত সেরে/বাদ রেখে যথাসময়ে ঐ প্রোগামে যোগ দেন ও সার্বিক সহযোগিতা করেন।

- ৫. 'সোনামণি' সংগঠনের কথা আপনার
- (ক) শ্বরণ থাকে না এবং শ্বরণ রাখার চেষ্টাও করেন না।
- (খ) যেলা/কেন্দ্রের মেহমান আসলেই তথ্ মনে পড়ে।
- (গ) 'সোনামণি' আপনার হৃদয়ের প্রিয় সংগঠন।
- ৬. 'সোনামণি' সংগঠনের কোন দায়িত্বশীল আপনার কাছে গেলে আপনি তাতে
- (ক) বিরক্তি বোধ করেন।
- (খ) হালকাভাবে কিছু একটা করে বিদায় দেন।
- (গ) অত্যন্ত গুরুতের সাথে তার সাংগঠনিক প্রয়োজনটাকে
- ৭. 'সোনামণি' সংগঠনের বাস্তবায়ন সম্পর্কে আপনার মতামত কি?
- (ক) এ সংগঠন করার তেমন প্রয়োজন নেই।
- (খ) কিছু ছেলে-মেয়েরা এ সংগঠনের সাথে জড়িত গাবলেই যথেট।
- (গ) এ সংগঠনের জন্য সময়, শ্রম, অর্থ ও মেধা দেওয়াকে আপনি দ্বীনি দায়িত্ব মনে করেন।

এবার ৭টি প্রশ্নের উত্তরের নম্বরগুলি যোগ করে তার ফলাফল যদি ৭-১১-এর মধ্যে হয়, তবে আপনি এ সংগঠনকে পসন্দ করেন না এবং ঝামেলা মনে করেন। আর যদি ১২-১৬-এর মধ্যে হয়, তবে আপনি মোটামুটি পসন্দ করেন। অতঃপর যদি আপনার ক্লোরের যোগফল ১৭-২১-এর মধ্যে হয়, তবে আপনি সত্যিকার অর্থে এ সংগঠনকে ভালবাসেন এবং এটা আপনার হৃদয়ের প্রিয় সংগঠন।

> 🗇 সংকলনেঃ এইচ,এম, মুহসিন বিন রিয়াযুদ্দীন আরবী বিভাগ त्राजभाशै विश्वविদ्যालयः।

সোনামণি সংবাদ

প্রশিক্ষণঃ

 মোহনপুর, রাজশাহীঃ গত ১৮ই মে শুক্রবার সকাল ৯টা হ'তে জুম'আ পর্যন্ত গ্রামমোহনপুর আহলেহাদীছ জামে মসজিদে ১৫ জন, বাদ জুম'আ হ'তে মাগরিব পর্যন্ত গোপালপুর আহলেহাদীছ জামে মসজিদে ৫০ জন এবং বাদ আছর হ'তে মাগরিব পর্যন্ত দরিয়াপুর আহলেহাদীছ জামে মসজিদে ৪০ জন সোনামণির উপস্থিতিতে পৃথক পৃথক বিশেষ প্রশিক্ষণ শিবির অনুষ্ঠিত হয়। উক্ত প্রশিক্ষণ শিবির সমূহে 'সোনামণিদের দায়িতু ও কর্তব্য, 'যাদু নয় বিজ্ঞান' ও 'সাধারণ জ্ঞান'-এর উপর শুরুত্বপূর্ণ প্রশিক্ষণ দেন সোনামণি কেন্দ্রীয় পরিচালক মুহাম্মাদ আযীযুর রহমান। সোনামণি সংগঠনের উপর অন্যান্যদের মধ্যে প্রশিক্ষণ দেন রাজশাহী যেলা সোনামণি পরিচালক মুহামাদ নযকল ইসলাম, রাজশাহী মহানগরী পরিচালক যিয়াউল ইসলাম, মোহনপুর উপযেলা পরিচালক জনাব মুস্তাফা এবং নওদাপাড়া মাদরাসার ছাত্র আব্দুল মুকীত ও মুখতার হুসাইন। পরদিন গত ১৯ মে শনিবার সকাল ৯টা হ'তে ১০ টা ৩০ মিঃ পর্যন্ত গোছা দাখিল মাদরাসায় এবং সকাল ১০ টা ৩০ মিঃ হ'তে ১২ পর্যন্ত পত্রপুর ইবতেদায়ী মাদরাসায় বিশেষ প্রশিক্ষণ অনুষ্ঠিত হয়। অন্যান্যদের মধ্যে সোনামণি রাজশাহী যেলার উপদেষ্টা ডাঃ আব্দুস সান্তার গুরুত্বপূর্ণ আলোচনা রাখেন। পরিশেষে উল্লেখিত সকল শাখার সোনামণিদের যথারীতি উপস্থিত ও দায়িতুশীলদের যথায়থ দায়িত্ব পালনের জন্য কেন্দ্রীয় পরিচালক আন্তরীক

ধন্যবাদ জ্ঞাপন করেন এবং মহান আল্লাহ্র নিকট দো'আ কামনা করেন। নাটোরঃ গত ২৫শে মে শুক্রবার সকাল ১০টা হ'তে জুম'আ পর্যস্ত নাটোর যেলার শুকুলপট্টি আহলেহাদীছ জ্ঞামে মসজিদে এক বিশেষ সোনামণি প্রশিক্ষণ অনুষ্ঠিত হয়।

राजिक बाक कार्योक अर्थ पूर्व ३०० मरका, माजिक बाक कार्योक अर्थ वर्ष ३०० मरका, माजिक बा

উক্ত প্রশিক্ষণ শিবিরে উদ্বোধনী ভাষণ পেশ করেন নাটোর যেলার সোনামণি পরিচালক মুহাম্মাদ আশরাফুল ইসলাম। সোনামণি সংগঠনের লক্ষ্য-উদ্দেশ্য, মূলমন্ত্র এবং সাংগঠনিক স্তর ইত্যাদির উপর হুরুত্বপূর্ণ প্রশিক্ষণ দেন সোনামণি কেন্দ্রীয় সহ-পরিচালক শিহাবৃদ্দীন আহমাদ। তাছাড়া বাদ জুম'আ সোনামণি সংগঠনের হুরুত্বপূর্ণ প্রয়োজনীয়তার উপর হুরুত্বপূর্ণ ভাষণ দেন নাটোর যেলা 'যুবসংঘ'-এর সভাপতি নাছিরুদ্দীন এবং 'আন্দোলন'-এর সভাপতি ডাঃ মুহাম্মাদ হাবীবুর রহমান। প্রশিক্ষণে কুরুত্বান তেলাওয়াত করেন শফীউল করীম এবং জাগরণী পাঠ করে রেযাউল করীম ও রাশেশল বারী।

নওগাঁঃ গত ৩১শে মে বৃহল্পতিবার বাদ আছর হ'তে মাগরিব পর্যন্ত পাঁজরভাঙ্গা আহলেহাদীছ জামে মসজিদ মানা, নওগাঁয় এক বিশেষ সোনামণি প্রশিক্ষণ অনুষ্ঠিত হয়। আলীমুখ্যামান-এর কুরআন তেলাওয়াতের মাধ্যমে প্রশিক্ষণ শুরু হয়। উক্ত প্রশিক্ষণে সোনামণি কিঃ সোনামণি সংগঠনের লক্ষ্য-উদ্দেশ্য, গুণাবলী, নীতিবাক্য ও বাংলায় ব্যবহৃত ইংরেজী শন্দের অর্থ ইত্যাদি বিষয়ে গুরুত্বপূর্ণ আলোচনা রাখেন সোনামণি রাজশাহী মহানগরীর পরিচালক মুহাম্মাদ থিয়াউল ইসলাম। আরো বক্তব্য রাখেন মারকায় শাখার সাংগঠনিক সম্পাদক মুহাম্মাদ শফীকুল ইসলাম।

উক্ত প্রশিক্ষণে বিশেষ অতিথি হিসাবে উপস্থিত ছিলেন নওগাঁ

যেলা 'আন্দোলন'-এর সহ-সভাপতি মুহাম্মাদ আফ্যাল হুসাইন, নওগাঁ যেলা সোনামণি যেলা পরিচালক আইয়ুব হুসাইন, অত্র মসজিদের ইমাম এবাদুর রহমান, আবুল আলীম, ইয়াকৃব আলী প্রমুখ। প্রশিক্ষণ পরিচালনা করেন 'আন্দোলন'-এর সাধারণ সম্পাদক মুহাম্মাদ আহাদ আলী। প্রশিক্ষণে সমাপণি ভাষণ দেন মাষ্টার কলিমুদ্দীন। প্রশিক্ষণ শেষে সোনামণি শাখা গঠন করা হয়।

ण कारदीनं हेर्द सर्व 30व मरवा, भागम वाक-वाद्तीन हर्व वर्ष 30व मरवा, मानिक वाक-वार-वाक हर्व वर्ष 30व मरवा

শপথ

-মুহাম্মাদ হাসিব-উদ-দৌলা ঘোড়াঘাট, দিনাজপুর।

আজ থেকে শপথ নিলাম সঠিক পথে চলব। পাঁচ ওয়াক্ত ছালাত কালাম সময় মত পড়ব। সকাল বেলা উঠে কুরআন শরীফ পড়ব। মাদরাসার পাঠ্য বই সময় মত পড়ব। সময় মত মানুষকে ধীনের দা'ওয়াত দিব। গরীব-ধনী সকলকে সমান চোখে দেখব। আল্লাহকে ভরসা করে সকল কাজ করব। বাবা–মায়ের আদেশ–নিষেধ সদায় মেনে চলব।


মৃত্যু সংবাদ

গত ১৫ই জুন শুক্রবার রাজশাহী বিশ্ববিদ্যালয়ের আরবী বিভাগের ১ম বর্ষ (নতুন)-এর ছাত্র আব্দুল মতীন (২০) বেলা পৌনে ১২টায় নাটোরে সাইকেল-বাস এক্সিডেন্টে আহত হয়ে অপরাহ্ন ৩-ঘটিকায় নাজশাহী মেডিকেল কলেজ হাসপাতালের ৮ নং ওয়ার্ডে শেষ নিঃশ্বাস ত্যাগ করে। ইন্না লিল্লা-হি ওয়া ইন্না ইলাইহে রা-জেউন। উল্লেখ্য যে, সাইকেল আরোহী অপর ছাত্র ফাযিল ফলপ্রার্থী আবু সাঈদ সাথে সাথেই মারা যায়। শুক্রধারী এই তরুণ ছাত্রটি ছিল নম্র, ভদ্র ও বিনয়ী এবং পিতার একমাত্র পুত্র সম্ভান। সে 'বাংলাদেশ আহলেহাদীছ যুবসংঘ'র প্রাথমিক সদস্য ছিল এবং তার পিতা ইউনুস আলী 'আহলেহাদীছ আন্দোলন বাংলাদেশ' কুষ্টিয়া-পশ্চিম সাংগঠনিক যেলার অন্তর্গত গরুড়া দাঁড়ের পাড়া শাখার বর্তমান সেশনের সভাপতি।

বেলা পৌনে ৪-টায় টেলিফোন পেয়ে আরবী বিভাগের চেয়ারম্যান প্রফেসর ডঃ মুহাম্মাদ আসাদুল্লাই আল-গালিব রাজশাহী বিশ্ববিদ্যালয়ের মাননীয় ভাইস চ্যান্তেলর, প্রো-ভাইস চ্যান্তেলর, ছাত্র উপদেষ্টা, প্রষ্টর, এসিষ্ট্যান্ট প্রষ্টর সকলের সাথে যোগাযোগ করেন ও প্রচুর বৃষ্টিপাতের মধ্যে দ্রুত হাসপাতালে চলে যান। এই সময় তাঁর সাথী ছাত্রটির পার্শ্ববর্তী গ্রামের অধিবাসী আহলেহাদীছ আন্দোলন বাংলাদেশ' কৃষ্টিয়া-পশ্চিম সাংগঠনিক যেলা সভাপতি জনাব গোলাম যিল-কিবরিয়া শবঘরে গিয়ে লাশ শনাক্ত করেন ও হাসপাতাল থেকে লাশ গ্রহণ করেন। পর্বিদন লাশ দারুল ইমারতে আনা হয় এবং সেখানে গোসল ও কাফন শেষে জানাযা অনুষ্ঠিত হয়। মুহতারাম আমীরে জামা আতের ইমামতিতে অনুষ্ঠিত উক্ত জানাযায় রাজশাহী বিশ্ববিদ্যালয়ের আরবী বিভাগের শিক্ষকবৃন্দ, আল-মারকাযুল ইসলামী আস-সালাফীর অধ্যক্ষ শায়খ আব্দুছ ছামাদ সালাফী সহ অন্যান্য নিভ্বৃন্দ, 'আহলেহাদীছ আন্দোলন বাংলাদেশ'-এর কেন্দ্রীয় প্রশিক্ষণ সম্পাদক অধ্যাপক মাওলানা নুক্রল ইসলাম সহ অন্যান্য নেতৃবৃন্দ, বাংলাদেশ আহলেহাদীছ যুবসংঘে'র কেন্দ্রীয় সাধারণ সম্পাদক মুহাম্মাদ জালালুদ্দীন সহ অন্যান্য কেন্দ্রীয় নেতৃবৃন্দ, মাসিক আত-তাহরীকের দায়িত্বশীলগণ এবং আল-মারকাযুল ইসলামীর প্রায় চার শতাধিক ছাত্র সহ স্থানীয় মুছন্ত্রীবৃন্দ অংশগ্রহণ করেন।

অতঃপর মুহতারাম আমীরে জামা'আত মেহেরপুর যেলা সভাপতি মাওলানা নুরুল ইসলাম ও কুষ্টিয়া-পশ্চিম যেলা সভাপতি জনাব গোলাম যিল-কিবরিয়ার নিকটে লাশ হস্তান্তর করেন ও বিশ্ববিদ্যালয়ের গাড়ীতে করে লাশ গ্রামের বাড়ীতে পাঠিয়ে দেন। তিনি একমাত্র পূত্রের মৃত্যুতে শোককাতর পিতাকে উদ্দেশ্য করে একটি পত্র পাঠান ও অসুস্থতার কারণে নিজে যেতে না পারায় দুঃখ প্রকাশ করেন।

[আমরা তাঁর রহের মাগফিরাত কামনা করছি ও তার শোক সম্ভঙ্ক পরিবারের প্রতি আন্তরিক সমবেদনা জ্ঞাপন করছি।-সম্পাদক]



৪ মাসে ১০ হাযার মাদরাসা ছাত্র গ্রেফতারঃ ধ্বংসের মুখে তাদের শিক্ষাজীবন

সব ধরনের ফৎওয়া নিষিদ্ধ করে হাইকোর্টের প্রদন্ত রায় বাতিলের দাবীতে আন্দোলন করায় এবং সরকার পতনের আন্দোলনে অংশ নেয়ায় পুলিশ গত ৪ মাসে ১০ হাযারের বেশী মাদরাসা ছাত্রকে গ্রেফতার এবং ৩ শতাধিক মাদরাসা ছাত্র ও শিক্ষকের বিরুদ্ধে হুলিয়া জারি করেছে। এতে এসব ছাত্রের শিক্ষাজীবন ধ্বংসের উপক্রম হয়েছে। গ্রেফতার হওয়ার কারণে উল্লেখিত মাদরাসা ছাত্ররা শ্রেণীকক্ষে পাঠগ্রহণ এবং পরীক্ষায় অংশগ্রহণ থেকে বঞ্চিত হয়েছে। তাছাড়া মাদরাসা ছাত্র-শিক্ষকদের উপর পুলিশের হয়রানী-নির্যাতন এখনও বন্ধ হয়নি। বরং তা অব্যাহত রয়েছে। ঢাকা কেন্দ্রীয় কারাগারে কিছু ছাত্রের পরীক্ষার ব্যবস্থা করা হ'লেও দেশের অন্যান্য জেলখানায় অনুরূপ পরীক্ষা গ্রহণের কোন তথ্য পাওয়া যায়নি। এছাড়াও গ্রেফতারকৃত মাদরাসা ছাত্রদের থানায় আটক রেখে অমানবিক নির্যাতন. মিছিলে পুলিশের ব্যাপক লাঠিচার্জ এবং পুলিশের গুলীতে আহত শতাধিক মাদরাসা ছাত্র চিরপঙ্গুত্বের শিকার হয়েছে বলে জানা গেছে।

উক্ত তথ্য অনুযায়ী সারাদেশে ১৫ হাযারেরও বেশী মাদরাসা ছাত্র ও শিক্ষকদের বিরুদ্ধে জননিরাপত্তা আইনে মামলা ঝুলছে। অপরদিকে প্রায় অর্ধসহস্র মাদরাসা ছাত্র-শিক্ষকের উপর হুলিয়া জারি থাকায় তারা ফেরারি হয়েছে।

সেজদারত অবস্থায় কুপিয়ে হত্যা!

পূর্ব শক্রতার জের ধরে মসজিদের ভিতর সেজদারত অবস্থায় কুপিয়ে বিএনপি কর্মী আহের উদ্দীন (৪৮)-কে খুন করেছে দুর্নৃত্তরা।

গত ২৫ মে শুক্রবার রাত সাড়ে ৮টায় নেত্রকোনা সদর উপযেলার বিচিপাড়া জামে মসজিদে এশার ছালাত আদায়ের সময় দ্বিতীয় সিজ্ঞদারত অবস্থায় পিছন দিক থেকে উপর্যুপুরি कुलिया जाँक नुमश्जভाবে হত্যो कता হয়। সীমাহীন এই नुमेश्ज घँটनात সময় ছोलाञ ছেড়ে দিয়ে মুছল্লীগণ দৌড়ে পালিয়ে যান। জানা গেছে, স্থানীয় একটি সংঘবদ্ধ অপরাধী চক্রকে ভাল পথে ফিরে আসার আহ্বান জানালে এবং তা না হ'লে তাদের সম্পর্কে তথ্য প্রকাশ করে দেওয়ার হুমকি প্রদান করলে আহের উদ্দীনকে খুন করা হয়।

ধৃমপান মানেই আগুন দিয়ে টাকা পোড়ানো

-প্রধানমন্ত্রী

গত ৩১শে মে দুপুরে গণভবনে বিশ্ব তামাকমুক্ত দিবস উপলক্ষে 'আমরা ধুমপান নিবারণ করি' (আধুনিক) ও 'কোয়ালিশন এগেইনুক্ট টোব্যাকো' (ক্যাট)-এর একটি প্রতিনিধি দলের সঙ্গে মতবিনিময় কালে প্রধানমন্ত্রী শেখ হাসিনা ধ্মপানবিরোধী গণসচেতনতা সৃষ্টি করার আহ্বান জানিয়ে বলৈন, ধুমপান মানেই আগুন দিয়ে টাকা পোড়ানো। অহেতুক এভাবে টাকার অপচয় না করে সেই টাকা দিয়ে অন্য কিছু কিনে খেলে শরীরের অনেক উপকার হয়। তিনি ক্ষুল পর্যায় থেকে শুরু করে সকল পর্যায়ে ধ্মপান বিরোধী গুণসচৈতনতা সৃষ্টির আহ্বান জানিয়ে বলেন, ধূমপান মানব শরীরে ধীরে ধীরে ক্ষতির কারণ হয়।

ধুমপান মানুষকে শারীরিকভাবে নিঃশেষ করে দেয়। তাই গ্ণস্কতনতা সৃষ্টির পাশাপাশি মান্ব শ্রীরের ক্ষতির এই দিকটিও তুলে ধরতে হবে।

১৬ মাসে ২৪ হাষার কিশোর-কিশোরী বিদেশে পাচার

বাংলাদেশ থেকে কিশোর-কিশোরী ও শিশুদের প্রতিনিয়ত বিদেশে পাচার করা হচ্ছে। এ বছরের এপ্রিল পর্যন্ত ১৬ মাসে ২৪ হাযার কিশোর-কিশোরীকে বাংলাদেশ থেকে বিদেশে পাচার করা হয়েছে। 'বাংলাদেশ ন্যাশনাল হিউম্যান ল ইয়ার্স এসোসিয়েশনে'র এক বুলেটিনে একথা জানানো হয়। 'সেন্টার ফর হিউম্যান এও চিলড্রেন স্টাডিজ' আয়োজিত সাম্প্রতিক এক কর্মশিবিরে জানানো হয়, গত এক দশকে বাংলাদেশ থেকে ২ লাখ শিশুকে বিদেশে পাঁচার করা হয়েছে। 'বাংলাদেশ জাতীয় মহিলা আইনজীবী সমিতি'র এক রিপোর্টে বলা হয়, প্রতিবছর বাংলাদেশ থেকে ২৫ হাযার ৪৯৫টি শিশুকে বিদেশে পাচার করা হয়। উল্লেখ্য যে, বাংলাদেশের দক্ষিণ-পশ্চিমাঞ্চলের সীমান্ত দিয়ে শিশু পাচার মারাত্মকভাবে বেড়ে গেছে। গত ৫ মাসে পাচারকারীদের হাত থেকে ৩৭ জন শিতকৈ উদ্ধার করা হয়েছে এবং ৪ জন পাচারকারীকে সময়ে গ্রেফতার করা হয়েছে। সূত্র মতে ভাল কাজ যোগাড় করে দেওয়ার প্রতিশ্রুতি দিয়ে দারিদ্রপীড়িত প্রত্যস্ত পল্লী থেকে প্রত্যেক দিন প্রায় ৫০ টি কিশোরী ও বালককে সাতক্ষীরা, যশোর, চুয়াডাঙ্গা, মেহেরপুর এবং কৃষ্টিয়ার সীমান্ত দিয়ে পার্চার করা ইচ্ছে। আন্তর্জাতিক পাচারকারী চক্রের দালালরা এসব শিশু, কিশোর ও কিশোরীকে সংগ্রহ করে থাকে। আরো উল্লেখ্য যে, সীমান্তে পাচারকারীদের ট্রানজিট ক্যাম্প রয়েছে। এসব ক্যাম্পে ছেলেমেয়েদের ভালভাবে খাওয়ানো হয় এবং তাদের ভাল পোষাক পরানো হয়। অতঃপর বিভিন্ন স্থানে তাদের হাত বদল করা হয়।

থেফতারকৃত পাচারকারী ও তাদের দালালরা পুলিশের কাছে যেসব স্বীকারোক্তি দিয়েছে তাতে বলা হয় যে. ট্রানজিট ক্যাম্পে পৌছানো হ'লে প্রতিটি শিশুর জন্য ২ হাযার থেকে ৩ হায়ার টাকা সংগ্রহকারীকে দেওয়া হয়। সীমান্ত পার হবার পরে একটি ছোট বালকের জন্য পাচারকারীকে ৪ হাযার থেকে ৫ হাযার টাকা দেওয়া হয়। আর কিশোরীর জন্য ১০ হাযার টাকা পর্যন্ত দেওয়া হয়। সীমান্ত অতিক্রমের পর কিশোর-কিশোরীদের দিল্লী, মুম্বাই, পাকিন্তান ও মধ্যপ্রাচ্যে নিয়ে যাওয়া হয়। এসব স্থানে কিশোরীদের পতিতাবৃত্তিতে নিয়োজিত করা হয়। কিশোরদের উটের জকি হিসাবে ব্যবহারের জন্য সাধারণত মধ্যপ্রাচ্যে নেওয়া হয়। যেসব লোক কিডনি, মানুষের মাখার খুলি এবং রক্ত নিয়ে ব্যবসা করে, তারা এসব কিশোরদের চড়া দামে কিনে নেওয়ারও চেষ্টা চালায়।

বিদ্যুৎ গোলযোগঃ পোশাক শিল্পে দৈনিক ক্ষতি ১৬ লাখ ডলার

'বাংলাদেশ পোশাক প্রস্তুতকারক ও রফতানীকারক সমিতি' (বিজিএমইএ) বাণিজ্যমন্ত্রণালয়, বিদ্যুৎ মন্ত্রণালয় এবং বাংলাদেশ विमार छन्नयन वार्ष्टक जानिएसंटह या, घन घन विमार সংযোগ চলে যাওয়ায়, অনিয়মিত বিদ্যুৎ সর্বব্যাহের দর্কন প্রতিদিন পোশাক শিল্পের ১৬ লাখ ডলার ক্ষতি হচ্ছে। বিজিএমই পোশাক শিল্পে পিক আওয়ার রেট বাতিল করার দাবী জানিয়েছে। এছাড়াও বিজিএমই দাবী করেছে যে, সাব-টেশন ব্যতীত এ শिল্পকে ৫০ किल्ला ७ साउँ विमार वावशास्त्र भतिवर्छ ৯০ কিলোওয়াট বিদ্যুৎ ব্যবহারের অনুমিত প্রদান করা আবশ্যক।

উল্লেখ্য যে, তৈরী পোশাক শিল্পের কাঁচামাল ইন্দোনেশিয়া, চীন, হংকং, তাইওয়ান, কোরিয়া প্রভৃতি বন্দর থেকে ট্রান্সশিপুমেন্টের মাধ্যমে চউগ্রাম বন্দরে এসে পৌছতে ২৫ থেকে ৩০ দিন সময় লাগে। তার কারণ গভীর সমুদ্র চলাচলরত বড় জাহাজগুলো

চট্টগ্রাম বন্দরে ভিড়তে পারে না। ফলে গভীর সমুদ্র জাহায থেকে মাল খালাস করে অপেক্ষাকৃত ছোট বাহনে বন্দরে নিয়ে আসতে

গোপালগঞ্জে গীর্জায় শক্তিশালী বোমা বিক্ষোরণ

গত ৩রা জুন রবিবার সকালে গোপালগঞ্জ যেলার মকসুদপুর উপযেলার বানিয়ারচর গ্রামে একটি ক্যাথলিক গীর্জায় এক শক্তিশালী বোমা বিস্ফোরণে ১০ জন নিহত ও ২৬ জন আহত হয়েছে। নিহতদের মধ্যে ৯ জন ঘটনান্তলে এবং ১ জন ফরিদপুর মেডিকেল কলেজ হাসপাতালে মারা যায়। উল্লেখ্য যে. ঘটনার দিন রবিবার ছিল খষ্টানদের সাপ্তাহিক উপাসনার দিন। সপ্তাহের এই দিনটিতে সকলি সাড়ে ৭ টা থেকে ১০ টা পর্যন্ত প্রার্থনা হয়। যথারীতি সকাল ৭টার মধ্যে এলাকার প্রায় ৪০০ নারী-পুরুষ প্রার্থনার জন্য গীর্জায় উপস্থিত হয়। অনুষ্ঠান শুরুর ২০ মিনিট পর গীর্জার ভিতরে শক্তিশালী বোমাটি বিকট শব্দে বিস্ফোরিত হয়। প্রত্যক্ষদর্শীরা জানান, উপাসনা গুরু হওয়া মাত্র লুঙ্গি ও সবুজ শার্ট পরিহিত ২৫-২৬ বছরের এক যুবক একটি চটের ব্যাগ নিয়ে গীর্জায় প্রবেশ করে এবং গীর্জার পূর্বপার্শ্বের দেয়ালে বইয়ের তাকের কাছে এসে বসে। কয়েক মিনিট পর সে ব্যাগটি রেখে উঠে চলে যায়। এর অল্প সময় পর ব্যাগের মধ্যে দু'বার ক্রিং ক্রিং শব্দ হয়। এরপর প্রচণ্ড শব্দে চটের ব্যাগটি বিস্ফোরিত হয়। যুবকটি এলাকার কেউ নয় বলে প্রতক্ষদর্শীরা জানান। উল্লেখ্য যে, গত এক বছর যাবত এই চার্চের কমিটি গঠন নিয়ে দু'গ্রুপের মধ্যে আভ্যন্তরীণ কোন্দল চলে আসছিল। এ নিয়ে ইতিপূর্বে রক্তক্ষয়ী সংঘর্ষ হয়েছে। এমনকি মকসুদপুর সুদর থানায় মামলাও হয়েছে। স্থানীয় অধিকাংশ জনগণের মতে, গীর্জা পরিচালনা কমিটি নিয়ে বিরোধই এই বোমা বিক্ষোরণের মূল কারণ।

২০০১-২০০২ অর্থবছরের বাজেট ঘোষণা

অর্থমন্ত্রী শাহ এ,এম,এস কিবরিয়া গত ৭ই জুন জাতীয় সংসদে ২০০১-২০০২ অর্থবছরের জন্য ৪৪ হাযার ৭৬৫ কোটি টাকা ব্যয়সম্বলিত জাতীয় বাজেট পেশ করেছেন। প্রস্তাবিত বাজেটে ২৭ হাযার ২৩৯ কোটি টাকা রাজস্ব আয় এবং ২২ হাযার ৩৮ কোটি টাকা রাজস্ব ব্যয়ের প্রস্তাব করা হয়েছে। বার্ষিক উনুয়ন কর্মসূচীতে ব্যয় বরাদ্দ রাখা হয়েছে ১৯ হাযার কোটি টাকা। সার্বিকভাবে ঘোষিত ৪৪ হাযার ৭৬৫ কোটি টাকার বাজেটে সাম্মিক ঘাটতি রয়েছে ১৭ হাযার ৫২৬ কোটি টাকা। বিদায়ী অর্থবছরের ৪১ হাযার ৯৯৫ কোটি টাকার সংশোধিত বাজেটের তুলনায় নতুন অর্থবছরে বরাদ্ধ বেড়েছে ৬.৫৯ শতাংশ। মূল বাজেটের তুলনায় ব্যয় বরাদ বৃদ্ধি পেয়েছে ৯.০২ শতাংশ। বাজেটের অন্যান্য শুরুত্বপূর্ণ ব্যয়ের খাতের মধ্যে বৈদেশিক ঋণ পরিশোধের অংক আগের বছরের তুলনায় ১০ কোটি টাকা কমিয়ে ২ হাযার ৪৭০ কোটি টাকা নির্ধারণ করা হয়েছে।

নতুন বাজেটের ১৭ হাযার ৫২৬ কোটি টাকা ঘাটতির মধ্যে ১০ হাযার ২২২ কোটি টাকা বৈদেশিক উৎস থেকে আসবে বলে উল্লেখ করা হয়েছে। এর মধ্যে বৈদেশিক অনুদান থেকে প্রাপ্তি ৩ হাযার ৬৬৩ কোটি টাকা ধরা হয়েছে, যা পূর্ববর্তী বছরের তুলনায় ১৫.০৮ শতাংশ বেশী। বৈদেশিক ঋণ প্রাপ্তি ধরা হয়েছে ৬ হাযার ৫৫৯ কোটি টাকা, যা বিদায়ী বছরের মূল বাজেটের তুলনায় ৫.১৪ শতাংশ বেশী। বাজেটের ঘাটতি অর্থায়নের ৫ হাযার ১৪৬ কোটি টাকা আভ্যন্তরীণ উৎস থেকে পাওয়া যাবে বলে উল্লেখ করা হয়েছে। এর মধ্যে প্রজাতন্ত্রের সরকারী হিসাব স্থানান্তর (নীট) থেকে প্রান্তি ধরা হয়েছে ৪ হাযার ৩০২ কোটি টাকা, যা পূর্ববর্তী অর্থবছরের তুলনায় ৩৬.৭০ শতাংশ বেশী।

প্রস্তাবিত বাজেটের ঘাটভি পুরণের জন্য ব্যাংকিং ব্যবস্থা থেকে ২ হাযার ১৫৮ কোটি টাকা ঋণ গ্রহণের কথা বলা হয়েছে। আগের বছর এর পরিমাণ ছিল ৩ হাযার ৫১৪ কোটি টাকা। রাজস্ব বাজেটের সর্বাধিক ৪ হাযার ৫৬০ কোটি টাকা বরাদ্দ রাখা হয়েছে আভ্যন্তরীণ ও বৈদেশিক ঋণের সুদ পরিশোধের জন্য। এরপরই সর্বাধিক বরাদ রয়েছে শিক্ষা খাতে। এ খাতে ৮.৭৩ শতাংশ বৃদ্ধি করে ৩ হাযার ৬২৬ কোটি টাকা বরাদ্দ রাখা হয়েছে। তাছাড়া প্রতিরক্ষা খাতে ৭.৮০ শতাংশ বৃদ্ধি করে বরাদ্ধ ৩ হাযার ৫৩৪ কোটি টাকা করা হয়েছে। সাধারণ জনপ্রশাসনে বরাদ্দ ১৮.৪১ শতাংশ বাড়িয়ে ৪ হাষার ৩৩৫ কোটি টাকা নির্ধারণ করা হয়েছে। স্বাস্থ্য ও পরিবার কল্যাণ খাতে বরাদ্দ ১২.৫৮ শতাংশ বৃদ্ধি করে ১ হাষার ২৫২ কোটি টাকা করা হয়েছে। সামাজিক নিরাপত্তা ও কল্যান খাতে বরান্দ ৭৬৭ কোটি টাকা থেকে হ্রাস করে ৭৩৬ কোটি টাকায় নামিয়ে আনা হয়েছে। ধর্ম মন্ত্রণালয়ে বরাদ্দ ২৪ কোটি টাকা অপরিবর্তিত রাখা হয়েছে। কৃষি, মৎস্য ও পশু পালন খাতে বরাদ ৯ শতাংশ বৃদ্ধি করে ৮৪৮ কোটি টাকায় উন্নীত করা হয়েছে। পরিবহন ও যোগাযোগ খাতে ৪.৪৩ শতাংশ বৃদ্ধি করে ৪ কোটি টাকা নির্ধারণ করা হয়েছে। স্পীকার হুমায়ুন রশীদ চৌধুরীর সভাপতিত্বে অনুষ্ঠিত বাজেট অধিবেশনে অর্থমন্ত্রী শাহ এ.এম.এস. কিবরিয়া বেলা ৩টা ৬মিনিটে বাজেট বক্তৃতা শুরু করেন। বাজেট বক্তৃতায় তিনি প্রতিবছর রাজস্ব ব্যয় বৃদ্ধির জন্য ৩টি কারণকৈ চিহ্নিত করেছেন। যেমন- পুঞ্জীভৃত সরকারী ঝণের উপর প্রদেয় সুদের পরিমাণ ক্রমাগত বৃদ্ধি, উনুয়ন প্রকল্পসমূহের কর্মকর্তা কর্মচারীদের রাজস্ব খাতে আত্মীকরণ ও সমাপ্ত প্রকল্পের রক্ষণাবেক্ষণ। প্রস্তাবিত বাজেটে ন্যায্য মূল্যে সার সরবরাহের জন্য ১০০ কোটি টাকা ভর্তুকি রাখা হয়েছে i পাশাপাশি জোট নিরপেক্ষ সম্মেলনের জন্য ২০০ কোটি টাকা ও জাতীয় এবং উপযেলা নির্বাচনের জন্য

মানুষের গড় আয়ু ৩ বছর বেড়েছে

১৬০ কোটি টাকা বরাদ্দ দেওয়া হয়েছে।

গত ৫ বছরে বাংলাদেশের মানুষের গড় আয়ু ৩ বছরের বেশী বেড়েছে। অর্থমন্ত্রী শাহ এ.এম.এস কিবরিয়া ২০০১-২০০২ বাজেট বক্তৃতায় এ দাবী করেন। অর্থমন্ত্রী জানান, বাংলাদেশে প্রত্যাশিত গড় আয়ু ১৯৯৫-৯৬ অর্থবছরে ছিল ৫৮ দশমিক ৭ বছর। সর্বশেষ প্রাক্কলন অনুসারে ১৯৯৯-২০০০ অর্থবছরে গড় আয়ু ৬১ দশমিক ৮ বছরে উন্নীত হয়েছে। অর্থাৎ আলোচ্য সময়ে গড় আয়ু বেড়েছে ৩ দশমিক ১ বছর।

ডেব্রু জ্বরে এক বছরে ৯৩ জনের মৃত্যু

বিগত এক বছরে ডেঙ্গু জ্বরে আক্রান্ত হয়ে ৯৩ জন মৃত্যুবরণ করেছে। স্বাস্থ্যমন্ত্রী শৌখ ফযলুল করীম সেলিম গত ১০ জুন সোমবার সংসদে এ তথ্য জানান। চাঁদপুর-১ থেকে নির্বাচিত সংসদ সুদস্য আবু নছর মুহামাদ এহসানুল হকের প্রশ্নের উত্তরে স্বাস্থ্যমন্ত্রী জানান, গত জুন ২০০০ পর্যন্ত মোট ৯৩ জন রোগী ডেঙ্গু জ্বরে মারা গেছে। একই প্রশ্নের উত্তরে মন্ত্রী জানান, ডেঙ্গু জ্বর একটি ভাইরাস জনিত রোগ হওয়ায় এখনও পর্যন্ত এ রোগের কোন সুনির্দিষ্ট ওয়ুধ আবিষ্কৃত হয়নি।

নারায়ণগঞ্জে আওয়ামী লীগ অফিসে বোমা বিস্ফোরণ ৷৷ নিহত ২২, আহত শতাধিক

গত ১৬ জুন শনিবার রাত পৌনে ৯টায় নারায়ণগঞ্জ যেলা আওয়ামী লীগের কার্যালয়ে বোমা বিক্ষোরণে ২২ জন নিহত এবং शामिक पात्र-छारतीक *इस*ः

শতাধিক ব্যক্তি আহত হয়েছে। নিহতদের মধ্যে চারজন মহিলাও রয়েছেন। ছানীয় সংসদ সদস্য শামীম ওছমান এ ঘটনায় আহত হন। তার ডান হাত ও পায়ে আঘাত লেগেছে বলে জানা গেছে। তিনি উঠে পাশের ঘরে যাওয়ার সাথে সাথে বোমাটি বিক্লোরিত হয় বলে পত্রিকান্তরে প্রকাশ। যেলা আওয়ামী লীগের একটি কর্মী সভা চলাকালে এই মুর্মান্তিক ঘটনাটি ঘটে। সেনা বিশেষজ্ঞ ও পুলিশ কর্মকর্তারা বলেছেন, খুবই অল্প সময়ের ব্যবধানে কমপক্ষে তিনটি বোমার বিক্লোরণ ঘটেছিল। তারা বলেছেন, বোমাণ্ডলো আগে থেকেই সেখানে রাখা ছিল। বিশেষজ্ঞদের ধারণা, এগুলো ছিল শক্তিশালী টাইম বোমা। তারা দাবি করেন যে, বোমাণ্ডলো রিমোর্ট কন্ট্রোলের মাধ্যমে ফাটানো হয়েছে।

প্রত্যক্ষদর্শী ও পুলিশ সূত্রে জানা গেছে, নারায়ণগঞ্জ শহরের চাষাড়ায় কেন্দ্রীয় শহীদ মিনারের পাশে নবনির্মিত আওয়ামী লীগ অফিসে একটি সভা চলাকালে হঠাৎ শক্তিশালী বোমার বিক্লোরণ ঘটে। বিক্লোরণে অফিসের টিনের ছাদ উড়ে যায়। ধোঁয়ায় আচ্ছন্ন হয়ে যায় পুরো কার্যালয়। ঘটনাস্থলে ও হাসপাতালে নেওয়ার পথে ১৫ জন প্রাণ হারান। পরবর্তীতে আরো ৭ জন সহ মোট ২২ জন নিহত হন।

এ ঘটনায় গত ১৮ জুন রাতে কোতোয়ালি থানায় হত্যা এবং বিক্ষোরক আইনে দু'টি পৃথক মামলা করা হয়েছে। মামলা করেছেন শহর আওয়ামী লীগের সাধারণ সম্পাদক খোকন সাহা। উভয় মামলাতেই বিএনপি ও জামায়াতের নেতা-কর্মীসহ ২৭ জনকে আসামী দেখানো হয়েছে। এ ঘটনায় সরকারী দল বিরোধী দলকে দোষারোপ করেছে।

শেখ হাসিনা ও শেখ রেহানার জন্য আজীবন বিশেষ নিরাপত্তা আইন

গত ২০শে জুন বুধবার বাংলাদেশের সাবেক রাষ্ট্রপতি শেখ মুজিবুর রহমানের পরিবারের সদস্যগণের নিরাপত্তা নিশ্চিত করার লক্ষ্যে বহুল আলোচিত 'জাতির পিতার পরিবার-সদস্যগণের নিরাপত্তা আইন ২০০১' জাতীয় সংসদে পাস হয়েছে। এ আইনে 'স্পেশাল সিকিউরিটি ফোর্সে'র (এসএসএফ) মাধ্যমে সাবেক প্রেসিডেন্ট শেখ মুজিবুর রহমানের কন্যাদ্বয় প্রধানমন্ত্রী শেখ হাসিনা এবং শেখ রেহানার জন্য আজীবন বিশেষ নিরাপত্তা এবং নিরাপত্তার অংশ হিসাবে আবাসন ও জন্যান্য সুযোগ-সুবিধার বিধান রাখা হয়েছে।

বিলের ৪ নং অনুচ্ছেদে বলা হয়েছে, 'স্পেশাল সিকিউরিটি ফোর্স অর্জিন্যান্স ১৯৮৬'-এর অধীন অতি গুরুত্বপূর্ণ ব্যক্তির জন্য যেরূপ নিরাপন্তার ব্যবস্থা আছে সেরূপ নিরাপন্তা সরকার জাতির পিতার পরিবার-সদস্যগণকে আজীবন তাঁদের মতামতকে প্রধান্য দিয়ে যেকোন স্থানে প্রদান করবে'।

বিলের ৪(২) ধারায় বলা হয়েছে, জাতির পিতার পরিবার-সদস্যগণের নিরাপত্তা বিধানের লক্ষ্যে সরকার শর্তাধীনে পরিবার-সদস্যগণের নিরাপত্তা বিধানের লক্ষ্যে সরকার শর্তাধীনে পরিবার-সদস্যদের প্রত্যেকের জন্য আবাসনের ব্যবস্থা করবে এবং সরকারের বিবেচনায় প্রয়োজনীয় অন্যান্য সৃবিধাও প্রদান করে?। মন্ত্রিসভায় অনুমোদনের পর আইন, বিচার ও সংসদ বিষয়ক মন্ত্রী এডভোকেট আব্দুল মতীন খসরু গত ১৮ই জুন বিলটি সংসদে উত্থাপন করেন। অতঃপর ২০শে জুন বিলটি কণ্ঠভোটে গাস হয়। উল্লেখ্য যে, প্রধান বিরোধী দল বিএনপি সহ চার দল এ আইন প্রত্যাখ্যান করেছে এবং এর প্রতিবাদে ২৬ শে জুন সকাল-সন্ধা হরতাল পালন করেছে। বিএনপি মহাসচিব আব্দুল মানান ভূইয়া বলেন, সংবিধানে সকল মানুষের নিরাপত্তার বিধান আছে। শেখ হাসিনা ও শেখ রেহানা দেশের আর সব মানুষের মত নাগরিক। তাই নতুন এ আইনের মাধ্যমে বৈষম্য সৃষ্টি করা হয়েছে।

বাংলাদেশের দক্ষিণ-পশ্চিমাঞ্চলে এবারও ভয়াবহ বন্যার আশংকা

বন্যা প্রতিরোধে কোটি কোটি টাকা ব্যয়ে ব্যাপক কর্মসূচী বাস্তবায়নে পশ্চিমবঙ্গে বানের পানি প্রবেশে যেভাবে বাধা দেয়া হচ্ছে, তাতে করে এই বিপুল পানি রাশি বাংলাদেশের দক্ষিণ-পশ্চিমাঞ্চলে প্রবেশ করে গত বছরের চেয়ে এবার আরও ভয়াবহ বন্যা সৃষ্টি করবে, সে বিষয়টি প্রায় নিশ্চিত করে বলাচলে। পত্রিকান্তরে প্রকাশ, পশ্চিমবঙ্গ সরকার সেদেশের বিভিন্ন নদীর দু'ধারে বাঁধ মেরামত করে জনপদগুলো রক্ষায় সর্বাত্মক প্রচেষ্টা চালাচ্ছে। ফলে দু'পাড়ে বাঁধ দিয়ে আটকানো বানের পানি বিপুল বেগে বাংলাদেশে প্রবেশ করাই স্বাভাবিক। গৃত ২৬শে মৈ ২০০১ কলিকাতার 'প্রতিদিন' পুত্রিকার প্রথম পৃষ্ঠায় 'গৃতবারের থেকেও ভয়াবহ বন্যার শঙ্কা' শীর্ষক ষ্টাফ রিপৌর্টার পরিবেশিত খবরে এ বিষয়ে পশ্চিমবঙ্গ সরকারের জোর তৎপরতার বিষয় উল্লেখিত হয়েছে। একই পত্রিকার ১লা জুনের খবরে বলা হয়েছে, 'সুন্দরবন অধ্যুষিত হাসনাবাদ, হিঙ্গলগঞ্জ, হাড়োয়া, সন্দেশখালী এক ও দুই নম্বর ব্লকে ২১টি আশ্রয় শিবির নির্মাণ করা হচ্ছে। গত বছর বন্যায় বাংলাদেশের সাতক্ষীরা যেলার দেবহাটা উপযেলার পারুলিয়া পর্যন্ত জনপদকে আক্রান্ত করে। এরপরে উক্ত পানি ইছামতি, কালিন্দী নদীতে পড়ে সাগরে প্রবেশ করে। আর পারুলিয়ার ওপারে ভারতের হাসনাবাদ। ভারতের হাসনাবাদ পর্যন্ত গত বছর বন্যায় আক্রান্ত হয়। হাসনাবাদ থেকে আরও ১৫ মাইল দক্ষিণে অবস্থিত ভারতের হিঙ্গলগঞ্জ। হিঙ্গলগ সীমান্ত নদী কালিন্দীর পাড়ে অবস্থিত। আর হিঙ্গলগঞ্জের এপাশে বাংলাদেশের সাতক্ষীরা যেলার কালিগঞ্জ উপযেলা। আরও দক্ষিণে অবস্থিত সন্দেশখালী। সেই সন্দেশখালীও আক্রান্ত হওয়ার আশংকা রয়েছে বলে সেখানে বন্যার আগেই ভারতের পক্ষে আশ্রয় শিবির নির্মাণ করা হচ্ছে। আর সাগর সন্নিহিত অঞ্চলে যেখানে এখনও প্রশস্ত বড় বড় নদী রয়েছে সে পর্যন্ত আক্রান্ত হ'লে এপাশে গত বারের বন্যামুক্ত বাংলাদেশের কালিগঞ্জ, শ্যামনগর পর্যন্ত বন্যাক্রান্ত হ'তে পারে বলে নিশ্চিত ভাবে ধারণা করা যায়।

উল্লেখ্য যে, পশ্চিমবঙ্গের মুর্শিদাবাদে গঙ্গা নদীতে ফারাকা বাঁধের কারণে বাংলাদেশের দক্ষিণ-পশ্চিমাঞ্চলের নদীসমূহের ন্যায় পশ্চিমবঙ্গের বহু নদীতে পলি জমে ভরাট হয়ে গেছে। ফলে স্বাভাবিক মৌসুমী বৃষ্টি ও পাহাড়ী ঢলের পানিতে এসব নদীর দু'কুল ছাগিয়ে বন্যার সৃষ্টি হয়। সেকারণ ভারত তাদের এসব মরা নদীর দু'পাড়ে কোটি কোটি টাকা ব্যয়ে বাঁধ নির্মাণ করে চলেছে। এযাবত ভারা ২৪ পরগনায় ২৪ কোটি রপীসহ মুর্শিদাবাদ-মালদহ তথা পুরা পশ্চিমবঙ্গে বন্যাপ্রভিরোধে ৩০০ কোটি রপীর কাজ সম্পন্ন করেছে। বসিরহাট মহকুমায় ১৪৫টি বাধ মেরামতের ৯০ ভাগ কাজ শেষ হয়েছে। উদ্দেশ্য, যাডে সমস্ত পানি এইসব নদী দিয়ে সাগরে গিয়ে পড়ে। এক্ষণে এইসব অভিন্ন নদীর বাংলাদেশ অংশে দু'পাড়ে কোন বাধ না থাকায় ভা গতবারের চেয়ে এবার আরও ভয়াবহ বন্যার সৃষ্টি করবে, একথা একপ্রকার নিশ্চিতভাবে বলা চলে। যদি না বর্ষা মৌসুমে স্বাভাবিক বৃষ্টিপাতের অভাবে ধরা দেখা দেয়। অথচ বাংলাদেশ অংশে বন্যাপ্রতিরোধে এযাবত কোন তৎপরতা দেখা যায়নি।

মাওলানা আলীমুদ্দীন আর নেই

দেশের খ্যাতনামা আলেম মেহেরপুর শহরের অধিবাসী মাওলানা আরু মুহামাদ আলীমুদ্দীন নদীয়াভী (৭৫) গত ১২ই জুন ২০০১ ইং সোমবার দিবাগত রাত ৩-টায় ঢাকার ইবনে সিনা হাসপাতালে শেষ নিঃশ্বাস ত্যাগ করেছেন। ইন্না লিল্লা-হে ওয়া ইন্না ইলাইহে রাজেউন। মৃত্যুকালে তিনি স্ত্রী, ৫ পুত্র ও ১ কন্যা

রেখে যান। পরদিন মঙ্গলবার বাদ যোহর ঢাকার বংশাল আহলেহাদীছ জামে মসজিদে তাঁর ছালাতে জানাযা অনুষ্ঠিত হয়। জানাযায় ইমামতি করেন সউদী দাতা সংস্থা 'ইদারাতুল মাসাজিদ' ঢাকা অফিসের শিক্ষা বিভাগের পরিচালক জনাব আবু আব্দুল্লাহ শরীফ (ইরাক)।

জানাযায় বিপুল সংখ্যক মুছল্পীর সমাগম ঘটে। মাওলানার জীবনের শেষের দিকের অধিকাংশ সময়ের কর্মস্থল নারায়ণগঞ্জ যেলার পাঁচরুখী দারুল হাদীছ সালাফিইয়াই মাদরাসার ছাত্র-শিক্ষক-কর্তৃপক্ষ ও স্থানীয় জনগণ একটি বাস রিজার্ত করে এসে জানাযায় যোগদান করেন। জানাযায় বিশিষ্ট ব্যক্তিগণের মধ্যে শরীক হন 'বাংলাদেশ জমসয়তে আহলেহাদীস'-এর মাননীয় সভাপতি প্রফেসর ডঃ মুহামাদ আব্দুল বারী ও অন্যান্য জমঈয়ত নেতৃবন্দ, 'আহলেহাদীছ আন্দোলন বাংলাদেশ'-এর মুহতারাম আমীরে জামা'আত প্রফেসর ডঃ মাওলানা মহামাদ जोर्मामुद्धार जान-गानित এবং 'जात्मानन' ও 'युवर्मः (घ'त्र নেতৃবৃদ্দ, জমন্ত্রাতু এহুইয়াইত তুরাছিল ইসলামী, কুরেত-এর বাংলাদেশ অফিসের মুদীর জনাব আহমাদ আবুল লতীফ এবং ঢাকা ও নারায়ণগঞ্জ এলাকার বিশিষ্ট আহলেহাদীছ নেতৃবৃদ।

মাওলানা আবু মুহামাদ আলীমুদ্দীন ১৯২৬ সালে পশ্চিম বঙ্গের नमीया यानाव स्थाम्भनामी धारम जनाधर्ग करवन। जिन বর্ধমানের কুল্তুনা, মুর্শিদাবাদের বেলডাঙ্গা, উত্তর প্রদেশের সাহারানপুর, দিল্লীর রহমানিয়া মাদরাসায় পড়াওনা শেষে ১৯৪৬ সালের হাঙ্গামার সময় খ্যাতনামা আহলেহাদীছ আলেম মাওলানা আবুল জলীল সামরূদীর নিকটে চলে যান। অতঃপর তাঁর সারিধ্যে থেকে দীর্ঘ সাত বছর লেখাপড়া করেন। লেখাপড়া শেষে নিজ গ্রামে ফিরে এসে মাদরাসা মুহাম্মাদিয়া নামে একটি মাদরাসা কায়েম করেন ও সেখানে ৮ বছর শিক্ষকতা করেন। এরপর তিনি ২ বছর বোম্বাই থাকেন। সেখান থেকে ১৯৬৭ সালে সপরিবারে তৎকালীন পূর্ব পাকিস্তানে হিজরত করেন। ১৯৭৯ সালে তিনি মেহেরপুর শহরের কলেজ রোডে স্থায়ীভাবে বসবাস তব্দ করেন। মাওলানা আলীমুদ্দীন পূর্বপাকিস্তানে বিভিন্ন স্থানে শিক্ষকতা করেছেন। তবে পাঁচরুখী দারুল হাদীছ সালাফিইয়াহ মাদরাসাতেই তিনি জীবনের অধিকাংশ সময় এবং আমৃত্যু শিক্ষকতায় অভিবাহিত করেন। আজীবন শিক্ষাব্রতী মার্থদানা আলীমুদ্দীন হজ্জ ও ওমরাহ, কিতাবুদ দু'আ, অসূলে দ্বীন, ফের্কাবনীর মূল উৎস, আমাপারার তাফসীর প্রভৃতি ২০-এর অধিক বই ও পুস্তিকার লেখক। শেষোক্ত বইটি ৬৪ ফর্মায় মুদ্রণের অপেক্ষায় রয়েছে।

(আমরা তাঁর রূহের মাগফিরাত কামনা করছি এবং তাঁর শোকসম্ভপ্ত পরিবারবর্গের প্রতি গভীর সমবেদনা জ্ঞাপন কর্নছ । -সম্পাদকা

দাখিল পরীক্ষায় মারকায ছাত্রদের কৃতিত্ব

पान-मात्रकायून देमनामी पाम-मानाकी, नउमाभाषा, ताजमादीत ছাত্ররা ২০০১ইং সালে অনুষ্ঠিত দাখিল পরীক্ষায় অংশগ্রহণ করে বিরল কৃতিত্ব অর্জন করেছে। মোট ১৬ জন পরীক্ষার্থীর মধ্যে ৬ জন 'এ' গ্ৰেডে, ৭ জন 'বি' গ্ৰেডে এবং একজন 'সি' গ্ৰেডে উন্তীৰ্ণ হয়েছে। 'এ' গ্রেড প্রাপ্তরা হ'ল, আব্দুল আলীম (যুগোর, ৪,৩৩) আহমাদ আব্দুল্লাহ ছাব্দ্বিব (সাজ্জীরা, ৪.১৭), হাশেম আলী (গাইবান্ধা, ৪.১৭), হুসাইন আল-মাহমূদ (সাতক্ষীরা, ৪.১৭). ইমামুদ্দীন (চাঁপাই নবাবগঞ্জ, ৪.০০) ও আরীফুল ইসলাম (চাঁপাই নবাবগঞ্জ, ৪.০০)। 'বি' গ্রেড প্রাপ্তরা হ'ল, ওবাইদুল্লাহ (রাজশাহী, ৩.৮৪), ফয্লে রাব্বী (গাইবাছা, ৩.৮৩), মামূনুর রশীদ (চাঁপাই নবাবগঞ্জ, ৩.৬৭), আব্দুছ ছামাদ (সাতদীরা, ৩.৫০), নাজীবুর রহমান (রাজশাহী, ৩.৫০), আব্দুল মাজেদ (গাইবান্ধা, ৩.৩৩) ও যিয়াউর রহমান (যশোর, ৩.১৭)। 'সি' থেডে উত্তীর্ণ হয়েছে আব্দুল ওয়াদূদ (রাজশাহী, ২.৬৭)। পাসের হার ৯৪.১৬%। একজনের রেজান্ট স্থগিত (উইথহেন্ড) আছে।

বিদেশ

বিশ্বে পরবর্তী সংঘাত হবে তেল ও পানি নিয়ে

সায়যুদ্ধ অবসানের ১০ বছর পর বিশ্ব একটি নতুন যুগে প্রবেশ করতে যাচ্ছে। এ সময় শুরুত্বপূর্ণ সম্পদ নিয়ে বিভিন্ন দেশের মধ্যে প্রতিযোগিতা, সংঘাত ও যুদ্ধ বেধে যেতে পারে বলে একজন মার্কিন শিক্ষাবিদ আশংকা প্রকাশ করেছেন। গত ৩০ বছর ধরে মার্কিন কৌশলগত নীতির প্রবীণ বিশ্লেষক মাইকেল ক্লেয়ার বলেন, মধ্য এশিয়া ও কাম্পিয়ান সাগরের মত এলাকাগুলোতে পানি ও তেল নিয়েই অধিকাংশ সংঘাত ঘটবে। এসব এলাকায় অপেক্ষাকৃতভাবে পর্যাপ্ত সম্পদ থাকলেও স্থানীয় সরকার সেগুলো রক্ষা করার মত যথেষ্ট শক্তিশালী নয়।

মাসাচয়েটসে হ্যাম্পশায়ার কলেজের শিক্ষক ক্লেয়ার বলেন কেবল যুক্তরাষ্ট্রই যে এ ধরনের সংঘাতের জন্য প্রস্তুতি নিচ্ছে তা নয়: বরং আঞ্চলিক সকল শক্তিই পরবর্তী সময়ে গুরুত্বপূর্ণ সম্পদের উপর তাদের নিয়ন্ত্রণ জোরদার করতে বা সেগুলো রক্ষার উপায় সম্পর্কে আরও বেশী গুরুত প্রদান করেছে। 'সম্পদের যদ্ধঃ আন্তর্জাতিক সংঘাতের নতুন ক্ষেত্র' শীর্ষক নতুন প্রকাশিত বইয়ে তার এ যুক্তি তুলে ধরা হয়েছে। বইটিতে আরো বলা হয়েছে যে, চল্লিশের দশকৈর শেষদিক থেকে ১৯৯০ সাল পর্যন্ত ৪০ বছরের বেশী সময় ধরে মার্কিন কৌশলের সার্বিক লক্ষ্য ছিল একটি আন্তর্জাতিক জোট ব্যবস্থা গড়ে তোলা ও বজায় রাখা এবং প্রয়োজন হ'লে সোভিয়েত ইউনিয়নকে পরাজিত করা। কিন্তু ওয়াশিংটনের ২০০ বছরের পুরনো পররাষ্ট্রনীতিতে এখন একটি ব্যতিক্রমী সময়।

তিনি বলেন যে, কাজাখন্তান, কিরগিন্তান ও উজবেকিন্তানের মত সম্পদশালী মধ্য এশিয়ার দেশগুলোতে গত কয়েক বছরে মার্কিন সৈন্যরা ব্যাপকভাবে যৌথ সামরিক মহড়া বৃদ্ধি করেছে। এসব মহড়ার লক্ষ্য কেবল এসব দেশের সামরিক শক্তি বৃদ্ধি করা এবং অপেক্ষাকৃত শক্তিশালী প্রতিবেশী বিশেষ করে রাশিয়া, চীন ও ইরানের কাছ থেকে তাদের স্বাধীনতা রক্ষা করা নয়। বরং বিশ্বের মোট তেল সম্পদের প্রায় এক পঞ্চমাংশ বা ২৭ কোটি ব্যারেল তেলের মজুদের স্থান এ অঞ্চলে মার্কিন পতাকা স্থাপন ও সামরিক কর্তৃত্ব প্রতিষ্ঠিত করা।

ব্রটেনের নির্বাচনে টনি ব্লেয়ারের লেবার পার্টির বিপুল বিজয়

বুটেনে ক্ষমতাসীন 'লেবার পার্টি' দ্বিতীয় বারের মত বিপল সংখ্যাধিক্যে নির্বাচনে জয়লাভ করেছে। টনি ব্লেয়ারের 'লেবার পার্টি' ৬৫৯ সদস্যের 'কমন্স সভা'য় সাধারণ সংখ্যাগরিষ্ঠতার চেয়ে ১৬৫টি আসন বেশী পেয়েছে। সর্বশেষ ফলাফল অনুযায়ী লেবার পার্টি ৪১৪টি আসনে জয়ী হয়েছে। ১৯৯৭ সালে তারা পেয়েছিল ৪১৮টি আসন। ব্যাপক বিজয় অর্জন সত্ত্বেও তাদের আসন সংখ্যা ৪টি কমেছে। রক্ষণশীল দল পেয়েছে ১৬৭টি আসন। এ ছাড়া লিবারেল ডেমোক্রেট দল ৫২ আসন এবং অন্যান্য দলগুলো ২৬টি আসন পেয়েছে। মোট ভোটের মধ্যে লেবার পার্টি ৪৫.২ শতাংশ, রক্ষণশীল দল ২৬.৯ শতাংশ লিবারেল ডেমোকেট ১৭.৬ শতাংশ ভোট পেয়েছে। লেবার পার্টির একশত বছরের ইতিহাসে এই প্রথম টনি ব্লেয়ার দ্বিতীয়বারের মত ক্ষমতায় আসলেন। গত ৭ জুন অনুষ্ঠিত এবারের নির্বাচনে ভোটদাতাদের উপস্থিতি ছিল প্রায় ৬০ শৃতাংশ। অর্থাৎ প্রায় সাড়ে ৪ কোটি ভোটদাতার মধ্যে ভোট দিয়েছেন ২ কোটি ৮০ লক্ষ ভোটদাতা। ১৯১৮ সালের পর হ'তে এটাই ছিল সর্বাপেক্ষা কম ভোটের হার। গত ১৯৯৭ সালের নির্বাচনে ভোটের হার ছিল ৭১ দশমিক ৬ শতাংশ।

मानिक बाक बाहरीक तर्व १४ १०व मरवा, मानिक बाक काहरीक तर्व वर्ष १०व मरवा, मानिक बाव धारतीक तर्व वर्ष १०व मरवा, मानिक बाव धारतीक तर्व १०व मरवा, मानिक बाव धारतीक तर्व १०व मरवा, मानिक बाव धारतीक तर्व १०व मरवा,

নেপালের রাজপরিবারের সদস্যদের মর্মান্তিক মৃত্যু

নেপালের রাজা বীরেন্দ্র ও রাণী ঐশ্বর্যসহ রাজপরিবারের ১১ জন সদস্যকে মর্মান্তিক ভাবে হত্যা করা হয়েছে। সরকারী খবরে প্রকাশ, ২৯ বছর বয়সী যুবরাজ দীপেন্দ্র গত ১লা জুন রাত ১০টা ৪০ মিনিটে রাজধানী কাঠমণ্ডুর নারায়ণহিতি রাজ্ঞাসাদে অতর্কিতভাবে সাব মেশিনগানের গুলী চালিয়ে এই নির্মম হত্যাকাণ্ডটি ঘটান ৷ বিবাহ করার জন্য যুবরাজের নিজের পসন্দ করা কনে দেবযানীর ব্যাপারে রাজপরিবারের মতবিরোধের কারণে ঘটনার দিন তিনি রাজ্ঞাসাদের ভেতরে সাপ্তাহিক নৈশভোজ চলাকালে মাতা-পিতা. ভাই-বোনসহ ঘনিষ্ঠ আত্মীয়-স্বজনদের গুলী চালিয়ে নির্মমভাবে হত্যা করেন। তারপর তিনি নিজে আত্মহত্যার চেষ্টা করেন এবং নিজের উপর গুলী চালান। এতে তিনি গুরুতর আহত হয়ে একটি সামরিক হাসপাতালে চিকিৎসারত অবস্থায় তিনদিন পর ৪ঠা জুন ভোর পৌনে ৪টায় মৃত্যুবরণ করেন। অতঃপর প্রয়াত রাজা বীরেন্দ্রর ভাই জ্ঞানে<u>ন্</u>দকে সে দেশের নতুন রাজা ঘোষণা করা হয়। খবরে আরো প্রকাশ যে, ঘটনার অব্যবহিত পূর্বে যুবরাজ দীপেন্দ্র অত্যধিক মদ পানের কারণে মানসিক ভারসাম্য হারিয়েছিলেন। মাতাল অবস্থায় তিনি স্বীয় শয়ন কক্ষে প্রবেশ করেন এবং সশস্ত্র অবস্থায় বেরিয়ে এসে এই মর্মান্তিক হত্যাকাণ্ডটি ঘটান। অতঃপর নিজে আত্মহত্যার চেষ্টা চালান ও পিঠে গুলীবিদ্ধ হন।

উল্লেখ্য যে, নেপালী জ্ঞানগণ এই হত্যাকাণ্ডকে সহজে মেনে নিতে পারেনি। তাদের মতে, পুরো ঘটনাটিই রহস্যাবৃত। এই রহস্যের জাল হয়ত কোনদিন উন্মোচিত হবে না! তাদের মতে, যুবরাজ দীপেন্ত্র হত্যাকাও ঘটিয়ে আত্মহত্যার চেষ্টা করলে তিনি পিঠে কিভাবে গুলীবিদ্ধ হনঃ তাছাড়া মাতাল অবস্থায় তিনি তিন তিনটি ভারী অস্ত্র কিভাবে একসাথে পরিচালনা করেন। যার একটি অন্ত্র পরিচালনা করতেই দু হাতের প্রয়োজন। জ্ঞানেন্দ্রকে নয়া রাজা ঘোষণায় জনগণ চরম বিক্ষোভে ফেটে পড়ে। রাজপথে মিছিল করে তারা এর প্রতিবাদ জানায়। এ সময়ে বিক্ষোভকারীদের উপর গুলী চালালে ৪ জন নিহত ও অনেকে আহত হয়।

উল্লেখ্য, যুবরাজ দীপেন্দ্র যাকে বিয়ে করতে চেয়েছিলেন তিনি একজন সাবেক মন্ত্রীর কন্যা। এই সাবেক মন্ত্রী অভিজাত রানা পরিবারের সদস্য। এই রানা পরিবার ১৯৫১ সাল পর্যন্ত নেপাল শাসন করেন।

এদিকে সকল জল্পনা-কল্পনার অবসান ঘটিয়ে গত ১৪ জুন সরকারী তদন্ত কমিশনের রিপোর্ট প্রথমে নতুন রাজা জ্ঞানেন্দ্রর নিকট পেশ করা হয়, পরে স্পীকার তারানাথ এক সংবাদ সম্মেলনে রিপোর্টটি প্রকাশ করেন। রিপোর্টে বলা হয় 'মাতাল যুবরাজ দীপেন্দ্র এলোপাতাড়ি গুলী চালিয়ে রাজপরিবারের সদস্যদের হত্যা করেন'। কিন্তু নেপালের রাজনৈতিক নেতা থেকে ওরু করে কাঠমপুর সাধারণ মানুষ পর্যন্ত কমবেশি সবাই রাজপরিবারের হত্যাকাণ্ডের ঘটনায় সরকারী তদন্ত কমিটির রিপোর্টে সন্দেহ প্রকাশ করেছেন।

ইউনাইটেড পিপলস ফ্রন্টের নেতা লীলা মনি পোখরেলের মতে, রাজকীয় কমিটির রিপোর্ট সিদ্ধান্তহীন একটি বিবৃতি মাত্র। একই সঙ্গে এই রিপোর্ট অবিশ্বাস্য ও বিতর্কিত। আর দীপেন্দ্রকে কে হত্যা করেছে তা বলতে প্রতিবেদনটি ব্যর্থ হয়েছে। সে হিসাবে এটা অসঙ্গত ও অসম্পূর্ণ রিপোর্ট।

উল্লেখ্য যে, বিশ্বে একমাত্র ঘোষিত হিন্দু রাষ্ট্র নেপালের দীর্ঘ পনেরো শত বছরের রাজতন্ত্রের ইতিহাসে অনেক ষড়যন্ত্র ও নৃশংসতার ঘটনা ঘটলেও এবারের ঘটনা সর্বাধিক মর্মান্তিক। ঘটনা পর্যালোচনায় এটা পরিষ্কারভাবে ধরা পড়ে যে, এটা কখনোই স্বয়ংক্রিয় অক্তের

আপনা-আপনি হঠাৎ গুলী বর্ষণ নয়, কিংবা নয় কোন প্রেমপাগল বা মাতাল যুবরাজের হঠাৎ পাগলামির ফল। বরং এটি নিঃসন্দেহে দেশী-বিদেশী কুটিল চক্রান্তের নৃশংস পরিণতি। দুনিয়ার আদালতে যার কোন বিচার হয়ত কোনকালে হবে না। যেমন হয়নি পাকিস্তানের প্রেসিডেন্ট যিয়াউল হক সহ বহু রাষ্ট্রপ্রধানের মর্মান্তিক মৃত্যুর কোন

নেপাল একটি ধর্মভিত্তিক ও রাজতান্ত্রিক দেশ। সাংবিধানিকভাবে ঘোষিত হিন্দুরাষ্ট্র হ'লেও সেখানে রয়েছে আন্তঃধর্মীয় সম্পীতির এক উজ্জ্বল নিদর্শন। নেপাল তিনদিক দিয়ে ভারত বেষ্টিত। অন্যদিকে রয়েছে চীনের তিব্বত সীমান্ত। দুর্গম পাহাড় ঘেরা এই তিব্বত সীমান্ত ছিল যোগাযোগ বিচ্ছিন্ন। ১৯৫০ সালে নয়াদিল্লী-কাঠমণ্ডুর মধ্যে সম্পাদিত মৈত্রী চুক্তির একটি শর্ত ছিল যে, ভারতের ভূগও দিয়ে নেপালের আমদানীকৃত যেকোন অস্ত্র ও যুদ্ধ সরঞ্জাম ভারত অনুমোদন করবে। পরবর্তীতে ১৯৬৮ সালে তিব্বতের ভিতর দিয়ে নেপাল-চীন মহাসড়ক নির্মিত হয়।

নেপাল আগাগোড়াই ভারতের অর্থনৈতিক আগ্রাসনের শিকার। নেপালের আমদানী-রফতানীর একমাত্র মাধ্যম হ'ল ভারতীয় ভূখও। ১৫টি ট্রানজিট দিয়ে নেপালে ভারতীয় ও বিদেশী পণ্য প্রবেশ করে থাকে। ফলে ভারত ক্রমান্ত্রে নেপালের বাজার দখল করে নেয়। ইতিমধ্যে ভারতীয় জঙ্গী বিমান বার বার নেপালের আকাশ সীমা লংঘন করতে থাকে। নেপাল নিজেকে শাস্তি এলাকা ঘোষণা করলে চীন ও পাকিস্তান সহ বিশ্বের ১০৪টি দেশ এতে সমর্থন দেয়। কিন্তু ভারত সমর্থন দেয়নি। এতে নেপালী জনগণ ভারতের উপরে ক্ষুক্ত হয়ে ওঠে। নেপালে ভারতীয় ও নেপালী উভয় মুদ্রা চালু ছিল। ভারতীয়রা তাদের মুদ্রায় ব্যবসা করত। নেপালীরা ভারতীয় মুদ্রা বয়কট শুরু করে। এতে উভয় দেশের সম্পর্ক আরও তিক্ত হয়ে ওঠে। ইতিমধ্যে চীন-নেপাল মহাসড়ক দিয়ে ১৯৮৮ সালের মে মাসে চীনের কাছ থেকে ক্রয়কৃত বিমানবিধ্বংসী কামান ও ভূমি থেকে আকাশে নিক্ষেপ যোগ্য ক্ষেপনাস্ত বহনকারী ৬৫টি ট্রাকের একটি বিশাল সাঁজোয়া বাহিনী নেপালে প্রবেশ করে। ঐসব অন্ত্র কাঠমণ্ডুতে প্রদর্শনীরও ব্যবস্থা করা হয়। এতে ভারত ভীষনভাবে ক্ষুদ্ধ হয় এবং নেপালকে জব্ধ করার জন্য তার বিরুদ্ধে অর্থনৈতিক অবরোধ শুরু করে। আলোচনার মাধ্যমে সমস্যার সমাধান হ'লেও ভারত রাজা বীরেন্দ্রকে কখনোই আস্থায় নিতে পারেনি। ফ**লে** শুরু হয় অন্য খেলা।

ভারত রাজা বীরেন্দ্রকে ক্ষমতাহীন নামমাত্র রাজায় পরিণত করার ষড়যন্ত্র মুরু করে এবং ১৯৯০ সালে সেখানে শুরু হয় গণতন্ত্রের নামে রাজতন্ত্রবিরোধী চরম গণ আন্দোলন। অবশেষে ইংল্যাণ্ডের রাজার ন্যায় রাস্তা বীরেন্দ্র নামমাত্র রাজায় পরিণত হন। সেই থেকে নেপালে চরম রাজনৈতিক ও সামাজিক বিশৃংখলা শুরু হয়। মাত্র সাড়ে তিন বছরে তিনটি সরকারের পতন ঘর্টে। যদিও সেখানে ভারতীয় কংগ্রেসেরই শাখা হিসাবে গণ্য নেপালী কংগ্রেসই ক্ষমতায় রয়েছে। কিন্তু জাতীয়তাবাদী চেতনার প্রতীক হিসাবে রাজা বীরেন্দ্র ছিলেন নেপালী জনগণের নিকটে দেবতাতুল্য ভক্তির পাত্র। রাজা ভারতীয় থাবা থেকে নিজ দেশকে রক্ষার জন্য সর্বদা চীনকে কাছে টেনে রাখতেন। এজন্য তিনি ১০বার চীন সফর করেন। ভারত শত চেষ্টা করেও রাজাকে নেপালীদের হৃদয় থেকে দূরে সরাতে পারেনি। অবশেষে দীর্ঘ ১২ বছর পরে চীনা প্রধানমন্ত্রীর নেপাল সফরের পরপরই নারায়ণহিতি রাজপ্রাসাদে এই মর্মান্তিক হত্যাকাণ্ড ঘটে।

উল্লেখ্য যে, রাজা বীরেন্দ্র ১৯৭২ সালের ৩১ জানুয়ারী পিতা রাজা মহেন্দ্রর উত্তরসূরী হিসাবে নেপালের সিংহাসনে আসীন হন।

চীন, রাশিয়া ও মধ্য এশিয়ার ৪টি দেশ মিলে নতুন অর্থনৈতিক ব্রক গঠন

तेक कार-वारतीर अर्थ वर्ष 50र मरका, वानिक बात-वारतीक अर्थ वर्ष 30र मरका, वानिक बात-वारतीक अर्थ कर वर्ष उठा मरका, वारि

অবাধ বাণিজ্য এবং সন্ত্রাসবাদ মোকাবিলার লক্ষ্যে চীন ও রাশিয়াসহ মধ্য এশিয়ার চারটি দেশ গত ১৫ জুন শুক্রবার একটি চুক্তিতে স্বাক্ষর করেছে। সাংহাইয়ে দু'দিনের আলোচনার পর স্বাক্ষরিত এই চুক্তি অনুযায়ী 'সাংহাই কো-অপারেশন অর্গানাইজেশন' নামে নতুন একটি অর্থনৈতিক ও নিরাপন্তা ব্রক তৈরী করা হবে।

জানা গেছে, নতুন এই চুক্তিটিতে ছয়টি দেশের মধ্যে আরো বেশী করে মুক্ত বাণিজ্য ও বিনিয়োগ এবং একটি শতিশালী নিয়াপতা ব্যবস্থা গঠন করার আহ্বান জানানো হয়েছে। উল্লেখ্য, সাংহাই কো-অপারেশন অর্গানাইজেশন বা সাংহাই সহযোগিতা সংগঠন ১৯৯৬ সালে গঠিত সাংহাই ফাইভ-এর স্থলাভিষিক্ত হ'ল। মূলতঃ সীমান্ত বিরোধ ও ইসলামী জঙ্গী সমস্যা সমাধানের লক্ষ্যেই সাংহাই ফাইভ গঠিত হয়েছিল।

গত ১৪ জুন বৃহস্পতিবার এক ঘোষণায় ষষ্ঠ দেশ হিসাবে উজ-বিষ্ণানের যোগ দেওয়ার বিষয়টি জানানো হয়। তাছাড়া কাজাখন্তান, কিরখিজন্তান এবং তাজিকিন্তানও এই গ্রুপের অন্তর্জুত। বিচ্ছিন্নতাবাদী গ্রুপণ্ডলোর বিরুদ্ধে যৌথভাবে ব্যবস্থা গ্রহণই ১৫ জুন স্বাক্ষরিত চুক্তিটির মূল উদ্দেশ্য।

বিশ্বব্যাপী অবৈধ কিডনি ব্যবসার দ্রুত প্রসারঃ নেপথ্যে আন্তর্জাতিক মেডিকেল নেটওয়ার্ক

বিশ্বে মানব প্রত্যঙ্গের মধ্যে কিডনির বাজারই সর্বাপেক্ষা বৃহৎ। কিডনি বেচাকেনা চলে ইসরাঈল, ভারত, ভুরঙ্ক, চীন, রাশিয়া, ইরাক প্রভৃতি দেশে। কিডনি বিক্রিকরে সাধারণতঃ গরীব লোকেরা অর্থের প্রয়োজনে। এদিকে ক্রেতা চায় তাজা কিডনি। কেননা তাজা কিডনি প্রতিস্থাপিত হ'লে তার আয়ু বাড়ে লালে কিডনি ধারণের আয়ুর চেয়ে অনেক বেশি, প্রায় ২০ বংসর পর্যন্ত।

১৯৯০ হ'তে ১৯৯১-এর মধ্যে যুক্তরাষ্ট্রে কিডনি প্রয়োজন এমন রোগীর সংখ্যা, যেসব কিডনি দান করা হয় তার তুলনায় ৫ গুণ বেড়ে গেছে। রোগীরা কিডনি পাওয়ার জন্য ওয়েটিং লিষ্টে থাকছেন দীর্ঘকাল।

এ ব্যবসায় রয়েছে বিশ্বজোড়া নেটওয়ার্ক। যেমন লস এে লেসের একজন দালাল তার ইটালীয় এক মক্কেলের জন্য জর্পানের এক কিডনি বিক্রেতার সাথে যোগাযোগ করে দামদর দ্বির করল। তারপর অক্রোপচারের কথা বলা হ'ল তুর্কে। এভাবে বিশ্বব্যালী অবৈধ কিডনি বেচাকেনার রমর্মা ব্যবসা চলছে।

বিশ্বে ৫০ কোটি মানুষ পঙ্গু

বিশ্ব জনসংখ্যার ৭ হ'তে ১০ শতাংশ পদু। পৃথিবীতে বিকলাদের সংখ্যা এখন প্রায় ৫০ কোটি। এর ৮০ শতাংশই উনুয়নশীল দেশে বসবাস করে। বিকলাদদের চিকিৎসা ও পুনর্বাসন অপ্রত্ন। শতকরা ১ বা ২ জন বিভিন্নভাবে চিকিৎসার ফলে উপকার পায়।

উল্লেখ্য যে, ১৯৯৩ সালে জাতিসংঘ সাধারণ পরিষদ বিকলাঙ্গদের সমতা ও সুযোগ সুবিধার জন্য বিধি প্রণয়ন করে। প্রণীত বিধির চারটি আওতায় রয়েছে স্বাস্থ্য, বিশেষ করে চিকিৎসা, সেবা-যত্ম, পুনর্বাসন এবং আনুষঙ্গিক সমর্থনের বিষয়। বিশ্ব স্বাস্থ্য সংস্থার ১৯১টি দেশের মধ্যে ১০৪টি দেশ এর আওতায় পড়েছে। এগুলির মধ্যে ৪৬টি দেশের পঙ্গুরা কোন চিকিৎসা পায় না বললেই চলে। আন্তর্জাতিক পঙ্গু দিবসে পঙ্গুদের এই অবস্থার কথা বিশেষভাবে উল্লেখ করা হয়েছে।

মুদ্রবিয় জাহাব

সমীক্ষা চালানোর অনুমতি না দিলে আফগানিস্তানে সাহায্য বন্ধ করা হবে

-ডব্রিউএফপি

বিশ্ব খাদ্য সংস্থা (ডব্লিউএফপি) বলেছে, আফগানিস্তানে তালেবান কর্তপক্ষ তাদের সমীক্ষার অনুমতি না দিলে রাজধানী কাবলে তাদের সাহায্য প্রাপ্ত রুটি তৈরির কারখানা গুলি বন্ধ করে দেওয়া হবে। ভব্লিউএফপি কর্তপক্ষ বলেছেন, তাদের কর্মসূচী থেকে সাহায্য প্রাপ্তদের তালিকা সংশোধনের জন্য এই সমীক্ষা করা হয়েছে। উল্লেখ্য যে, রুটি তৈরির কারখানাগুলি বন্ধ হয়ে গেলে ৩ লাখ মানুষ অসুবিধায় পড়বে। কর্তপক্ষ বলেছেন, তাদের কর্মসূচী থেকে সাহায্য প্রাপ্ত লোকদের তালিকা ৫ বছরের পুরনো। এর 🖦 এই যে, তথু তালিকায় নাম না থাকায় অনেক লোকই প্রয়োজন সত্ত্বেও ডব্লিউএফপির সাহায্য পাচ্ছে না। তারা এও বলেছেন যে, তাদের দেওয়া রেশন কার্ড ধার দেওয়া হচ্ছে, জোর করে কেড়ে নেওয়া হচ্ছে এবং বিক্রি করা হচ্ছে। কর্তপক্ষের হিসাব মতে বর্তমান তালিকার ৪০ শতাংশ নামই বদলাতে হবে, যাতে আরো দরিদ্র লোক সাহায্য পায়। এ কারণেই ডব্লিউএফপি কর্ত্রপক্ষ তালেবান কর্ত্রপক্ষের অনুমতি নিয়ে সমীক্ষার কাজ ওরু করেছিল। আফগান মহিলারা সমীক্ষার জন্য ৫ হাযার বাড়ীতেও যান। কিন্তু তালেবান কর্তৃপক্ষ কোন কারণ না দেখিয়েই সমীক্ষার অনুমতি প্রত্যাহার করে নেন।

ডব্লিউএফপি-র মতে সমীক্ষার কাজ মহিলারাই করতে পারেন। কারণ একমাত্র মেয়েরাই অন্য কোন বাড়ীতে গেলে সে বাড়ীর সম্মানহানি ঘটবে না। কিন্তু তালেবানদের মতে, মহিলাদের বাড়ীর বাইরে কাজ করা ইসলাম বিরোধী। এদিকে ডব্লিউএফপি নতুন করে সমীক্ষার অনুমতি চেয়েছেন। অনুমতি না পেলে তারা রুটি তৈরির কারখানাগুলি বন্ধ করে দিবেন বলে জানিয়েছেন।

মালয়েশিয়ায় অমুসলিমদের কুরআনের আয়াত সম্বলিত বই বিক্রি নিষিদ্ধ

মালরেশিয়ায় অমুসলিম ব্যবসায়ীদেরকে কুরআনের আয়াত সম্বলিত যেকোন ধরনের পুস্তক বিক্রির উপর নিষেধাজ্ঞা আরোপ করা হয়েছে। এই আদেশ অমান্যকারীর ৩ বছর পর্যস্ত কারাদণ্ড হ'তে পারে। ওধু কারাদণ্ডই না বরং ৫ হাযার ২৬৩ মার্কিন ডলার পর্যস্ত জরিমানাও হ'তে পারে। গত ৩০শে মে স্বরাষ্ট্র মন্ত্রণালয়ের আইন বলবৎকারী কর্মকর্তারা খেদা রাজ্যের কুলিশ শহরে সুভেনিরের দু'টি দোকান থেকে কুরআনের আয়াত সম্বলিত বাঁধানো ৩৯১টি কাঁচের ফ্রেম আটক করেন। মন্ত্রণালয় জ্ঞানায়, চলঙি বছরের মে পর্যন্ত অমুসলিম ব্যবসায়ীদের দোকান থেকে কুরআনের আয়াত সম্বলিত ৬২৪ ফ্রেম বাজেয়াপ্ত করা হয়েছে।

ফিলিন্তীন মুক্তি সংস্থা (পিএলও)-এর শীর্ষস্থানীয় নেতা ফয়ছাল ছসাইনীর ইন্তেকাল

ফিলিন্তীন মুক্তি সংস্থা-র অন্যতম শীর্ষ নেতা ফয়ছাল আল-ছুসাইনী গত ৩১ শে মে বৃহপাতিবার কুরেতে হুদরোগে আক্রান্ত হয়ে ইন্তেকাল করেন। মৃত্যুকালে তাঁর বয়স হয়েছিল ৬০ বছর। তিনি ছিলেন ফিলিন্তীনের জেরুথালেম বিষয়ক মন্ত্রী এবং প্রেসিডেন্ট ইয়াসির আরাফাতের ঘনিষ্ঠ সহযোগী।

উপসাগরীয় যুদ্ধের পর বাগদাদে প্রথম আরব মন্ত্রীদের বৈঠক

১৯৯১ সালে উপসাগরীয় যুদ্ধের পর নয়টি আরব দেশের মন্ত্রীরা গত ৭ জুন বাগদাদে 'আরব ইকনমিক ইউনিয়ন কাউন্সিলে'র প্রথম বৈঠকে মিলিত হন। ইরাকের বাণিজ্য মন্ত্রী মুহাম্মাদ মেহেদী ছালেহ-এর উদ্ধৃতি

বিজোৰ ৩ বিশ্যয়

দিয়ে দৈনিক 'আল-জামহুরিয়া' পত্রিকা জানায়, বু'দিনের বৈঠকে আরব দেশসমূহের অর্থনৈতিক সমন্বয় এবং যৌথ আরব অর্থনৈতিক পদক্ষেপের নতুন কৌশল নিয়ে আলোচনা করা হয়।

मानिक चाय-प्रदेशिक अर्थ वर्ष ३०४ जरका आर्थिक शार-अवसीक अर्थ वर्ष ३०३ मरमा, भागिक चाय-कारोशिक अर्थ वर्ष ३०म सरका

বেনজিরের তিন বছরের কারাদণ্ড

পাকিস্তানের একটি আদালত গত ৯ জুন শনিবার সে দেশের সাবেক প্রধানমন্ত্রী বেনজির ভূটোকে তিন বছরের কারাদণ্ড দিয়েছে। দুর্নীতির অভিযোগ সংক্রান্ত মামলায় হাযিরা দিতে ব্যর্থ হওয়ায় জাতীয় জবাবদিহি আদালত বেনজিরকে এই কারাদণ্ড দেয়।

বিচারক রুস্তম আলী রুলিং পেশের সময় বলেন, দুর্নীতির অভিযোগগুলি মোকাবিলা করার জন্য বেনজিরকে আদালতে হাযিরা দিতে বলা হয়েছিল। তিনি বলেন, উত্থাপিত অভিযোগুলির মাধ্যমে বেনজির সুস্পষ্টভাবে অপরাধী প্রমাণিত হয়েছেন। এ কারণেই তাকে তিন বছরের কারাদণ্ড দেওয়া হয়েছে।

উল্লেখ্য যে, জাতীয় জ্ববাবদিহি আদালতের ৩১ ধারায় কোন অপরাধী তার অভিযোগ খণ্ডনের লক্ষ্যে আদালতে হাযিরা দিতে ব্যর্থ হ'লে ভাকে তিন বছরের কারাদণ্ড দেওয়ার কথা বলা হয়েছে।

খাতামী পুনরায় ইরানের প্রেসিডেন্ট নির্বাচিত

ইরানের সংশ্বারপন্থী নেতা মুহাম্মাদ খাতামী সে দেশের প্রেসিডেন্ট হিসাবে পুননির্বাচিত হয়েছেন। নির্বাচনের চূড়ান্ত ফলাফল অনুযায়ী খাতামী পেয়েছেন ২ কোটি ১৭ লাখ ভোট। ১৯৭৯ সালে ইসলামী বিপ্লবের পর খাতামির এবারকার নির্বাচনী সাফল্য অতীতের সব রেকর্ড ভেঙ্গে দিয়েছে। তার প্রধান প্রতিছন্দী রক্ষণশীল নেতা সাবেক শ্রমমন্ত্রী আহমাদ তাভাকুলী মাত্র ৪৪ লাখ ভোট পেয়ে দ্বিতীয় স্থান দখল করেছেন। গত ৮ জুন অনুষ্ঠিত নির্বাচনে সর্বমোট ভোট পড়েছে ২ কোটি ৮২ লাখ। তনাধ্যে অপর দুই রক্ষণশীল প্রার্থী আলী শামখানী ও আব্দুল্লাহ জ্বসবী যথাক্রমে ২ দশমিক ৮ ও ১ শতাংশ ভোট পেয়েছেন।

পাকিস্তানের প্রেসিডেন্ট হিসাবে জেনারেল মোশাররফের শপথ গ্রহণ

পাকিন্তানের সামরিক শাসক জেনারেল পারভেজ মোশাররফ গত ২০শে জ্ন দেশের প্রেসিডেন্ট হিসাবে শপথ গ্রহণ করেছেন। একই সঙ্গে তিনি সেনা প্রধান হিসাবেও দায়িত্ব পালন করবেন। ১৯৯৯ সালের অক্টোবরে তৎকালীন প্রধানমন্ত্রী নওয়াজ শরীফকে হটায়ে ক্ষমতা দখলের পর হ'তে জেনারেল মোশাররফ নির্বাহী প্রধান হিসাবে দেশ শাসন করে আসছিলেন।

গত ২০শে জ্বন পাকিস্তানের স্থানীয় সময় সাড়ে এগারটায় এক অর্ডিন্যান্স জারির মাধ্যমে পার্লামেন্ট ও ৪টি প্রাদেশিক পরিষদের বিলুপ্তি ঘোষণা এবং প্রেসিডেন্ট রফীক তারারকে অপসারণের পর জেনারেল মোশাররফ প্রেসিডেন্ট হিসাবে শপথ গ্রহণ করেন। তাঁকে শপথ বাক্য পাঠ করান প্রধান বিচারপতি ইরশাদ হাসান খান। প্রেসিডেন্ট হিসাবে দায়িত্ব গ্রহণের পর এক সাংবাদিক সম্মেলনে জেনারেল মোশাররফ বলেন, সর্বোচ্চ জাতীয় স্বার্থে তাঁকে এই পদ গ্রহণ করতে হয়েছে। তবে তাঁর এই পদ গ্রহণের ফলে পাকিস্তানের রাজনৈতিক প্রক্রিয়ার কোন রদবদল ঘটবেনা বলে তিনি জানান।

উল্লেখ্য, ১৯৯৮ সালের ১লা জানুয়ারী রফীক তারার পাকিস্তানের প্রসিডেন্ট হিসাবে দায়িত্ব গ্রহণ করেন এবং এবং ২০০৩ সালের জানুয়ারী পর্যন্ত তার এই পদে বহাল থাকার কথা ছিল। কিছু জেনারেল মোশাররফ তাঁকে জোর করে ক্ষমতাচ্যুত করেছেন। এ সম্পর্কে এক বিবৃতিতে রফীক তারার বলেন, কয়েক দিন আগেই আমাকে বলা হয়, সরকারের কিছু কর্মসূচি বাস্তবায়ন এবং জাতীয় উন্নয়ন অর্জনের স্বার্থে সেনা নির্বাহী নিজেই প্রেসিডেন্ট পদে বসবেন। এরপর গত ২০শে জুন 'এক আদেশ বলে প্রেভিশনাল কনস্টিটিউশনাল অর্ডার) আমাকে ক্ষমতা থেকে সরিয়ে দেওয়া হয়'।

হৃদরোগের নতুন চিকিৎসা

রক্তচাপ প্রতিরোধে ব্যবহৃত ওষুর্ধ এবং রক্তচাপ নিরাময়ের জন্য ব্যবহৃত ওষুর্ধ একসঙ্গে ব্যবহার করে হৃদরোগ চিকিৎসার ক্ষেত্রে ইতিবাচক ফল পাওয়া গেছে বলে গবেষকরা জানিয়েছেন।

বদরোগ চিকিৎসা সংক্রান্ত এক ব্যাপক গবেষণায় এই যৌথ ওষুধ ব্যবহার করে অভ্ততপূর্ব ফল পাওয়া গেছে। গবেষণায় ১৬ হাষার ১৫ জন ব্রদরোগীর চিকিৎসা পদ্ধতি পরীক্ষা করা হয়। এতে দেখা যায়, প্রথমবার হার্ট এটাকের পর যেসব রোগীদের প্রতিরোধ মূলক ড্রাগ রিওপ্রো ও প্রতিষেধক ড্রাগ রেটাভেজ একত্রে প্রয়োগ করা হয়, তাদের ৩০ দিনের মধ্যে দ্বিতীয়বার হার্ট এটাকের সম্ভাবনা শুধুমাত্র প্রতিষেধক ড্রাগ রেটাভেজ দেওয়া রোগীদের চেয়ে শতকরা ৩৪ ভাগ কম।

এই আন্তর্জাতিক গবেষণায় অর্ধেক রোগীকে মানসমত পরিমাণে রেটাভেন্স ডোজ খেতে দেওয়া হয়। বাকী অর্ধেক রোগীকে দেয়া হয় আধা ডোজ রেটাভেন্স ও পুরো ডোজ রিওপ্রো। যেসব রোগী হদরোগে আক্রান্ত হয়ে হাসপাতালে আসে তাদের এই ড্রাগ দেওয়া হয়। এই ড্রাগ রক্তের জমাট বাধা প্রতিরোধ করে রক্ত চলাচল স্বাভাবিক করে তোলে।

আর্কটিক অঞ্চল হুমকির সম্মুখীন

শিল্পায়নের বর্তমান গতিধারা অব্যাহত থাকলে এ শতাব্দীর মাঝামাঝি নাগাদ আর্কটিক অঞ্চলের জনহীন প্রান্তর হুমকির সম্মুখীন হবে বঙ্গে জাতিসংঘের বিজ্ঞানীরা এ ব্যাপারে সতর্ক করে দিয়েছেন। উল্লেখ্য, আর্কটিকই বিশ্বের একমাত্র ও সর্বশেষ জনমানবহীন অঞ্চল হিসাবে এখনও টিকে আছে। কিন্তু জাতিসংঘের পরিবেশ কর্মসূচীর গত ১২ জ্বনের প্রতিবেদনে বলা হয়েছে, শিল্পায়নের বর্তমীন গতিধারা অব্যাহত থাকলে ২০৫০ সাল নাগাদ এই অঞ্চলের ৮০ ভাগ এলাকা মানব উনুয়নের ফলে হুমকির সমুখীন হবে। প্রতিবেদনে আরো বলা হয়েছে, আলান্ধায় তেলকৃপ খনন এবং রাশিয়ার উত্তরাঞ্চল পর্যন্ত একটি গুরুত্বপূর্ণ জাহায় চলাচল রুট চালু করায় মার্কিন পরিকল্পনা নাজুক পরিবৈশ ব্যবস্থার উপর আরো ব্যাপক চাপ সৃষ্টি করবে। রিপোর্টে আরো বলা হয়েছে. এমনকি রাস্তাঘাট নির্মাণের ফলেও পরিবেশের উপর একটার পর একটা বিরূপ প্রতিক্রিয়া দেখা দিতে পারে, যা বিস্তীর্ণ এলাকা ও প্রাণী জীবনে ব্যাপক প্রভাব ফেলতে পারে। তাদের এই রিপোর্টের ফলে বিশ্বব্যাপী মানুষের মধ্যে একটা সচেতনতা সৃষ্টি হবে।

মাটিকে আর্সেনিক মুক্ত করে যে বৃক্ষ

যুক্তরাষ্ট্রের একদল গবেষক অতি স্বল্প খরচে মাটিকে আর্সেনিক মুক্ত করার একটি বৃক্ষের সন্ধান পেয়েছেন। বৃক্ষটির নাম 'ব্রেকফার'। উদ্ভিদ বিজ্ঞানীদের মতে বৃক্ষটির নাম 'টেরিয়াস ভিতাদা'। কার্ন জাতীয় এ বৃক্ষটি অত্যধিক পরিমাণে ও অতি দ্রুত মাটি হ'তে আর্সেনিক টেনে আনতে সক্ষম।

যুক্তরাষ্ট্রের ইউনিভার্সিটি অব ফ্রোরিডার গবেষক দলের মতে 'টেরিয়াস ভিতাদা' শেকড়ের সাহায্যে মাটি হ'তে আর্সেনিক টেনে নিয়ে পাতায় জমা করে। তাদের মতে 'টেরিয়াস ভিতাদাই' মাটিকে আর্সেনিক দৃষণমুক্ত করার জন্য আবিষ্কৃত প্রথম বৃক্ষ।

বিশ্বের বৃহত্তম জাহায

ইতালীতে তৈরি হয়েছে বিশ্বের সর্ববৃহৎ জাহায 'দি ঘাড প্রিলেস'। জাহাযটি দুই হাযার নয়শ' যাত্রী ও এক হাযার তিনশ' কু বহন করতে সক্ষম। মার্কিন কোম্পানী প্রিলেস কুইজ লাইসেলের মালিকানাধীন এই সুবিশাল জাহাযটির নির্মাণ ব্যয় ৪৫ কোটি মার্কিন ডলার। এর দৈর্ঘ্য ৯শ' সত্তর ফুট, প্রস্থ ১শ' আঠারো ফুট এবং উক্ততা ২শ' ফুট। प्रतिक बाज-हारहीत अर्थ वर्ष ३०४ मत्या, शासक बाज-छारहीक ३४ वर्ष ३०४ मत्या, शासिक बाज-छारहीक ३४ वर्ष ३०४ मत्या,

সবচেয়ে বড় মহাশূন্য টেলিক্ষোপ

বর্তমানে বিশ্বের সবচেয়ে বড় মহাশূন্য টেলিক্কোপ হচ্ছে 'নাসা এডউইন পি হাবল'। এই টেলিক্ষোপ ১৩১ মিটার দীর্ঘ এবং এর প্রতিফলকের দৈর্ঘ্য ২.৪ মিটার। হাবল টেলিস্কোপের নির্মাণ ব্যয় ২১০ কোটি ডলার। যা বাংলাদেশী মুদ্রায় প্রায় ১০. ৩০০ কোটি টাকা। ১৯৯০ সালে একটি মার্কিন নভোযানের সাহায্যে একে কক্ষপথে স্থাপন করা হয়। এই টেলিস্কোপের সাহায্যে মহাশুন্যের অনেক ছবি তোলা সম্ভব হয়েছে।

পানিকে আর্সেনিক মুক্তকরণের নতুন পদ্ধতি বাংলাদেশে আবিষ্কৃত কৃড়ি থামের হামীদুর রহমান (৩০) পানিকে আর্সেনিক মুক্ত করার নতুন পদ্ধতি আবিষ্কার করেছেন। গত ১৭ মে কুড়িগ্রামে কয়েকজন আর্সেনিক বিশেষজ্ঞ এই নতুন স্থানীয় পদ্ধতিকে অনুমদোন করেছেন। কুড়িগ্রাম প্রেস ক্লাবে প্রেসিডেন্ট সাহাবুদ্দীন আহমাদের সভাপতিতে অনুষ্ঠিত এক অনুষ্ঠানে রাজারহাট উপযেলার স্বর্ণকার হামীদুর রহমান আর্সেনিক বিশেষজ্ঞুদের সামনে তার নবআবিষ্কৃত এই পদ্ধতি প্রদর্শন করেন। হামীদুর রহমান বিশেষজ্ঞ ও সরকারী কর্মকর্তাদের সামনে তার আবিষ্কৃত প্রযুক্তির মাধ্যমে পানি থেকে আর্সেনিকের দূষণ মুক্ত করেন। এরপর বিশেষজ্ঞরা নিপসন ও মার্কসের পদ্ধতির মাধ্যমে এই পানি পরীক্ষা করে এতে আর কোন আর্সেনিক দেখতে পাননি। আর্সেনিক বিশেষজ্ঞ, প্রকৌশলী, ডাক্তার, এনজিও, সরকারী কর্মকর্তা, সাংবাদিক ও দর্শকমণ্ডলী হামীদুর রহ্মানের আবিষ্কৃত এই পদ্ধতির উচ্ছসিত প্রশংসা করেন। এ পদ্ধতিতে আর্সেনিক সংক্রমিত ২শ' লিটার পানি বিশুদ্ধ করতে দেড় ইঞ্চি ব্যাস সম্বলিত পিভিসি পাইপের প্রয়োজন হবে। আর ২ হাযার লিটার

পানি বিশুদ্ধ করতে ৩ ইঞ্চি ব্যাসের পিভিসি পাইপের প্রয়োজন হবে।

গতিবেগের ক্ষেত্রে ফরাসী ট্রেনের বিশ্বরেকর্ড ফ্রান্সের উচ্চ গতিবেগ সম্পন্ন একটি ট্রেন গত ২৬ মে ঘন্টায় গড়ে ৩ শ' ৬ কিলোমিটার (১৯০ মাইল) গতিতে ফ্রান্সের এক প্রান্ত থেকে অপর প্রান্ত পরিভ্রমণ করে বিশ্ব রেকর্ড স্থাপন করেছে। ফরাসী রেলওয়ে গ্রুপ এসএনসিএফ-এর একজন মুখপাত্র জানান, টিজিভি ট্রেনটি স্থানীয় সময় বিকাল সাডে ৪ টায় ফ্রান্সের উত্তরাঞ্চলীয় শহর কালাইস ত্যাগ করে তিন ঘন্টা তিন মিনিট পর ১ হাযার ৬৭ কিলোমিটার (৬৬০ মাইল) দূরবর্তী

দক্ষিণাঞ্চলীয় অবকাশ কেন্দ্র মার্সেইলাসে পৌছে। এসএনসিএফ মুখপাত্র পিয়েরে বার্নাড ফাউবার্গ বলেন, বিশ্বে এটাই সর্বোচ্চ গতিবেগসম্পন্ন ট্রেন, যা কোথাও না থেমে ঘন্টায় ৩শ' কিলোমিটারের অধিক গতিবেগে এই দূরত্ব অতিক্রম করল। এসএনসিএফ আগামী ২০০৩ ও ২০০৪ সালের মধ্যে মার্সেইলিসকে লভন ও আমষ্টারডামের সঙ্গে যুক্ত করে উচ্চ গতিবেগ সম্পন্ন একটি ট্রেন নেটওয়ার্ক চালু করার ব্যাপীরে আশাবাদী।

মানুষের কণ্ঠস্বর চিনে রাখতে পারে যে রোবট তথ্য প্রযুক্তির এ যুগে বিভিন্ন ধরুনের রোবটের পাুশাপাশি সংযোজিত হয়েছে এক ধরনের বৃদ্ধিমান রোবট। এটির নাম AMI (Aritificial Inteligence Multimidia Innovative Human Robot)। এটির রয়েছে দু'টি হাত ও দু'টি পা। কান নেই। তবে কানের বদলে মাথার দুই পাশে রয়েছে বিশেষ ব্যবস্থা। বুদ্ধিমানু এ রোবট যে কোন মানুষের কণ্ঠস্বর একবার শোনার পর তা চিনে রাখতে পারে। দক্ষিণ কোরিয়ার ইয়াংহিয়ং সাঙ নামক একজন অধ্যাপক এটি তৈরি করেছেন।

বিসমিল্লা-হির রহমা-নির রহীম

বের হয়েছে!

বের হয়েছে!!

বের হয়েছে!!!

হুসাইন আল-মাদানী প্ৰকাশনী থেকে প্ৰকাশিত

হাফেয মাওলানা ছসাইন বিন সোহ্রাব কর্তৃক সংকলিত সহীহ হাদীসের আলোকে মূল্যবান তাফসীর ৫ম খণ্ড পর্যন্ত বের হয়েছে।

- ১। তাফসীর আল-মাদানী ১ম খণ্ড (১, ২ ও ৩ পারা)
- ২। তাফসীর আল-মাদানী ২য় খণ্ড (৪, ৫ ও ৬ পারা)
- ৩। তাফসীর আল-মাদানী ৩য় খণ্ড (৭, ৮ ও ৯ পারা)
- মূল্যঃ ১৬১/= ৪। তাফ্সীর আল-মাদানী ৪র্থ খণ্ড (১০, ১১ ও ১২ পারা) মূল্যঃ ১৫১/=
- ৫। তাফসীর আল-মাদানী ৫ম খণ্ড (১৩, ১৪ ও ১৫ পারা) মূল্যঃ ১৬১/=

ইনশাআল্লাহ অচিরেই বের হচ্ছে তাফসীর আল-মাদানী ৬ থেকে ১১ খণ্ড

यि!

১৫০/= টাকার বই (খুচরা) কিনে পাচ্ছেন একটি ছোট গিফ্ট ব্যাগ এবং ৫০০/= টাকার বই কিনে পাচ্ছেন একটি বড় গিফট ব্যাগ।

১৮ খণ্ডে পূর্ণ ৩০ পারা তাফসীর ইবনু কাসীরের একমাত্র এজেন্ট হিসেবে পরিবেশনার দায়িত্ব গ্রহণ করেছে 'হুসাইন আল-মাদানী প্রকাশনী'


গ্রান্তিস্থানঃ ছসাইন আল-মাদানী প্রকাশনী (১) ছসাইন আল-মাদানী প্রকাশনী (২) ৩৮, বংশাল (নতুন রাস্তা), ঢাকা, ফোনঃ ৯৫৬৩১৫৫, ৭১১৪২৩৮

২৩৪/২, নিউ এলিফ্যন্ট রোড, ঢাকা. কাটাবন মসজিদের পশ্চিমে

মূল্যঃ ২০১/=

মূল্যঃ ১৪১/=

আল-আমীন এজেনী ১১১ ক্টেডিয়াম, ঢাকা ফোন ঃ ৯৫৬০৩৫৯



ગાત્માન્

কর্মী ও সুধী সম্মেলন

মুকুন্দপুর, পাবনা ১লা জুন ২০০১ইং শুক্রবারঃ পাবনা শহরের অনতিদ্রে তাওহীদ ট্রাষ্টের সৌজন্যে নির্মিত মুকুন্দপুর আহলেহাদীছ জামে মসজিদে সকাল ১০-টা থেকে আছর পর্যন্ত পাবনা যেলা কর্মী ও সুধী সম্মেলন অনুষ্ঠিত হয়। যেলা উপদেষ্টা জনাব মুহাম্মাদ রবীউল ইসলামের সভাপতিত্বে অনুষ্ঠিত উক্ত সম্মেলনে প্রধান অতিথি হিসাবে যোগদান করেন 'আহলেহাদীছ আন্দোলন বাংলাদেশ'-এর মুহতারাম আমীরে জামা'আত ডঃ মাওলানা মুহাম্মাদ আসাদ্ক্রাহ আল-গালিব, কেন্দ্রীয় তাবলীগ সম্পাদক মাওলানা শিহাবুদ্দীন সুন্নী, আহলেহাদীছ যুবসংঘের কেন্দ্রীয় সাংগঠনিক সম্পাদক এ,এস,এম, আযীযুল্লাহ প্রমুখ।

মুহতারাম আমীরে জামা'আত এখানে জুম'আর খুংবা প্রদান করেন। মাননীয় তাবলীগ সম্পাদক খরেরসূতী জামে মসজিদে এবং যুবসংঘের সাংগঠনিক সম্পাদক জনাব এ,এস,এম, আযীযুল্লাহ পাবনা শহরের চাঁদমারী জামে মসজিদে খুৎবা দেন। মুহতারাম আমীরে জামা'আত তাঁর ভাষণে দেশের ও সমাজের বর্তমান প্রেক্ষাপটে আহলেহাদীছ আন্দোলনের প্রয়োজনীয়তা ব্যাখ্যা করেন। তিনি বাদ আছর 'আন্দোলন' ও 'যুবসংঘে'র যেলা দায়িত্বশীল ও উপদেষ্টাদের নিয়ে বিশেষ বৈঠকে মিলিত হন। রাতে তাঁরা রাজশাহী ফিরে আসেন।

সবকিছুর উধের্ব চাই ঈমানী ও রহানী বিপ্লব

-আমীরে জামা'আত

সিরাজগঞ্জ ৫ই জুন ২০০১ মক্লবারঃ সিরাজগঞ্জ শহরের প্রাণকেন্দ্রে অবস্থিত ঐতিহাসিক 'ভাসানী মিলনায়তনে' 'আহলেহাদীছ আন্দোলন বাংলাদেশ' সিরাজগঞ্জ যেলা কর্তৃক আয়োজিত সুধী সমাবেশে প্রধান অতিথির ভাষণে 'আহলেহাদীছ আন্দোলন বাংলাদেশ'-এর মুহতারাম আমীরে জামা'আত ও রাজশাহী বিশ্ববিদ্যালয়ের আরবী বিভাগের প্রফেসর ও চেয়ারম্যান ডঃ মুহাম্মাদ আসাদ্শ্রাহ আল-গালিব উপরোক্ত কথা বলেন।

তিনি বলেন, তথু রাজনৈতিক শাসন দিয়ে সামাজিক অবস্থার পরিবর্তন করা সম্ভব নয়, যতক্ষণ না ঈমানী বিপ্লব সংঘঠিত হবে। আর এ কারণেই রাসৃল (ছাঃ) প্রথমে রাষ্ট্রীয় ক্ষমতা অর্জনের চেষ্টা না করে মানুষের ঈমান ও আক্বীদায় পরিবর্তন আনতে চেষ্টা করেছিলেন। ফলে সমাজ থেকে খুব অল্প সময়ে সহজেই যাবতীয় অন্যায়-অশ্লীলতা, শিরক-বিদ'আত ও কুসংক্ষার দুরীভূত করা সম্ভব হয়েছিল। তিনি দেশের নেভৃবৃদ্ধকে দেশ শাসনে নিজেদের রচিত আইন ও পদ্ধতি পরিহার করে রাসৃল (ছাঃ)-এর রেখে যাওয়া পদ্ধতি ও পথ অনুসরণের উদান্ত আহ্বান জানান।

বেলার প্রধান উপদেষ্টা স্থানীয় জামতৈল কলেজের অধ্যাপক আলমগীর হোসাইন-এর সভাপতিত্বে অনুষ্ঠিত উক্ত সুধী সমাবেশে অন্যান্যের মধ্যে বক্তব্য রাখেন 'আহলেহাদীছ আন্দোলন বাংলাদেশ'-এর মাননীয় সিনিয়র নায়েবে আমীর শায়খ আব্দুছ ছামাদ সালাফী (রাজশাহী), কেন্দ্রীয় তাবলীগ সম্পাদক মাওলানা শিহাবৃদ্দীন সুন্নী (গাইবান্ধা), কেন্দ্রীয় প্রশিক্ষণ সম্পাদক আধ্যাপক মাওলানা নৃক্ষল ইসলাম (মেহেরপুর), রাজশাহী বিশ্ববিদ্যালয়ের অর্থনীতি বিভাগের প্রফেসর, বিশিষ্ট কলামিষ্ট ও 'আত-তাহরীকে'র অর্থনীতির পাতার লেখক, ইসলামী ব্যাংকের কেন্দ্রীয় শরী'আ কাউন্সিলের সদস্য জনাব শাহ মুহাম্মাদ হাবীবুর রহমান, 'আহলেহাদীছ আন্দোলন বাংলাদেশ'-এর কেন্দ্রীয় মুবাল্লেগ এস,এম আব্দুল লতীফ, সিরাজগঞ্জ যেলা আন্দোলন-এর সভাপতি জনাব মুহাম্মাদ মুর্ত্যা, যেলা যুবসংঘের সভাপতি মুহাম্মাদ আব্দুল মতীন প্রমুখ।

উল্লেখ্য যে, এটাই ছিল সিরাজগঞ্জ শহরের প্রাণকেন্দ্রে আহলেহাদীছদের উদ্যোগে আয়োজিত প্রথম সুধী সমাবেশ।

আহলেহাদীছ আন্দোলন বিশ্ব মানবতার মুক্তির আন্দোলন

-আমীরে জামা'আত

কুমিল্লা ৮ই জুন ২০০১ ওক্রবারঃ শহরের প্রাণকেন্দ্রে অবস্থিত ঐতিহাসিক 'টাউন হল মিলনায়তনে' 'আহলেহাদীছ আন্দোলন বাংলাদেশ' কুমিল্লা যেলার উদ্যোগে আয়োজিত কর্মী ও সুধী সম্মেলনে প্রধান অতিথির ভাষণে 'আহলেহাদীছ আন্দোলন বাংলাদেশ'-এর মুহতারাম আমীরে জামা'আত ও রাজশাহী বিশ্ববিদ্যালয়ের আরবী বিভাগের প্রফেসর ও চেয়ারম্যান ডঃ মুহামাদ আসাদুল্লাহ আল-গালিব উপরোক্ত কথা বলেন। তিনি বলেন. আহলেহাদীছ আন্দোলন কোন সাম্প্রদায়িক আন্দোলন নয়। এ আন্দোলন সে নবীর আহ্বান নিয়ে ময়দানে নেমেছে. যিনি নির্দিষ্ট কোন গোত্রের নবী ছিলেন না। যিনি ছিলেন বিশ্ব মানবতার নবী। কুরআন ও হাদীছ ভিত্তিক জীবন গড়ার এ আন্দোলন তাই বিশ্ব মানবতার মুক্তির আন্দোলন। তিনি দেশের চলমান রাজনৈতিক সহিংসতা তুলে ধরে বলেন, জাহেলী যুগের গোত্রীয় ঘন্দু আজকের দিনে রাজনৈতিক দলীয় ঘন্দে রূপ লাভ করেছে। সরকারী ও বিরোধী জনগণ আজ দলীয় সহিংসতার মাঝে দিশেহারা। তিনি বলেন, সরকার পরিবর্তনের মাধ্যমে সমাজ পরিবর্তন সম্ভব নয়। বরং সর্বাগ্রে নীতি ও আদর্শের পরির্বতন করতে হবে। তিনি বলেন, বাংলাদেশের বর্তমান সামাজিক অবস্থা তৎকালীন জাহেলী সামাজিক অবস্থার চেয়েও জঘন্য। দেশে যখনই ইসলামী আইনের কথা বলা হয়, তখনই বলা হয় মধ্যযুগীয় বর্বরতা। অথচ আজকাল মানুষকে খুন করে নির্মমভাবে কেটে টুকরো টুকরো করা হচ্ছে। তিনি গণতন্ত্র, সমাজতন্ত্র, ধর্ম নিরপেক্ষতাবাদ ও জাতীয়তাবাদ-এর সমালোচনা করে বলেন, এসব মতবাদ মানুষের তৈরি। মানুষ মানুব রচিত বিধান মানতে পারে না। বরং সৃষ্টিকর্তা আল্লাহ্র বিধান মানতে বাধ্য। তিনি বলেন, পুঁজিবাদ ও সমাজতন্ত্র কখনোই অর্থনৈতিক সমৃদ্ধি আনতে পারে না। ইসলাম অর্থনৈতিক সাম্য নয়, বরং অর্থনৈতিক ন্যায়বিচারে বিশ্বাসী। ধর্মীয় অবস্থা সম্পর্কে তিনি বলেন, আমরা প্রত্যেক মাযহাবের ইমামকে শ্রদ্ধা করি। কিন্তু অন্ধের মত কারু ব্যক্তিগত রায়-এর অনুসরণ করি না। আমরী আব্দুল্লাহ্র ভিত্তিতে নয়, বরং হাবলুল্লাহ্র ভিত্তিতে ইম্লামী এক্য চাই। বিশেষ অতিথির ভাষণে সংগঠনের সিনিয়র নায়েবে আমীর শায়খ আপুছ ছামাদ সালাফী বলেন, ইলমের কম-বেশীর কারণে মুসলমানদের মধ্যে মতভেদ হ'তে পারে। কিন্তু যখন 'হক'

सुनिक बाक काशीक 8वें वर्ष 30थ जस्या, मानिक बाक वासीक अर्थ गर्च 30म नस्या, मानिक बाक काशीक अर्थ वर्ष 30भ जस्या, मानिक बाक काशीक अर्थ कर 30म नस्या

পাওয়া যাবে, তখন সকলকে সেটা গ্রহণ করতে হবে। তিনি বৃহত্তর মুসলিম ঐক্যের স্বার্থে দেশের সকল পর্যায়ের আলেমদেরকে তাক্লীদমুক্তভাবে পবিত্র কুরআন ও ছহীহ হাদীছের দিকে ফিরে আসার আহ্বান জানান।

'আহলেহাদীছ আন্দোলন বাংলাদেশ'-এর নায়েবে আমীর, ছইীহ্ আল-বুখারীর অনুবাদক খ্যাতনামা আলেম অধ্যক্ষ আনুছ ছামাদ -এর সভাপতিত্বে অনুষ্ঠিত উক্ত সম্মেলনে অন্যান্যদের মধ্যে বক্তব্য রাখেন কুষ্টিয়া ইসলামী বিশ্ববিদ্যালয়ের আল-কুরআন এণ্ড ইসলামিক ক্টাডিজ বিভাগের সহকারী অধ্যাপক ডঃ মহাম্মাদ লোকমান হোসাইন, ঢাকা যেলা 'আলোলন'-এর সহ-সভাপতি মাওলানা মুছলেহদ্দীন, কুমিল্লা যেলা 'আন্দোলন'-এর সভাপতি মাওলানা মুহামাদ ছফিউল্লাহ, সমেলনের আহ্বায়ক অধ্যক্ষ শফীকুর রহমান সরকার, সউদী মাব'উছ শায়খ আবুল মতীন সালাফী, বিশিষ্ট আইনজীবী এডভোকেট আবু তাহের সরকার, বাংলাদেশ পানি উনুয়ন বোর্ডের উপ-পরিচালক জনাব আবুল মুমিন সরকার, 'বাংলাদেশ আহলেহাদীছ যুবসংঘে'র কেন্দ্রীয় সংধারণ সম্পাদক মুহামাদ জালালুদীন, **'অতি-তাহরীক'**-এর সম্পাদক মুহাম্মাদ সাখাওয়াত হোসাইন, ঢাকা যেলা যুবসংঘের সাবেক সভাপতি মুহামাদ তাসলীম সরকার, কুমিল্লা যেলা যুবসংঘের সাবেক সভাপতি আহ্মাদ শরীফ ও বর্তমান সভাপতি মুহামাদ আবু তাহের প্রমুখ।

সম্মেলনে বিশেষ অতিথি হিসাবে আরো উপস্থিত ছিলেন. অতিরিক্ত যেলা প্রশাসক (রাজম্ব) জনাব ফখরুল ইসলাম ও বিশিষ্ট শিল্পপতি জনাব ইকবাল হোসাইন খান। অন্যান্যের মধ্যে উপস্থিত ছিলেন, 'আহলেহাদীছ আন্দোলন বাংলাদেশ'-এর মজলিসে শুরা সদস্য জনাব এস.এম মাহমূদ আলম, গাযীপুর যেলা 'আন্দোলন'-এর সাধারণ সম্পাদক মাওলানা কফীলুন্দীন, কুমিল্লা যেলা জমঈয়তে আহলেহাদীসের সাধারণ সম্পাদক মাওলানা আবদুল জলীল, জনাব শাহীনুর রহমান (ঢাকা) ও জনাব ফিরোজ আহমাদ (নারায়ণগঞ্জ)। জুম'আর ছালাতের পর যেলার বিভিন্ন থানা থেকে ডজনোর্ধ্ব বাস, মাইক্রোবাস ও নিজস্ব ব্যবস্থাপনায় মিছিল সহ কর্মী ও সুধীদের ব্যাপক আগমন ভরু হয়। সকলের কণ্ঠে একই ধ্বনি-'সকল বিধান বাতিল কর. অহি-র বিধান কায়েম কর: মুক্তির একই পথ দা'ওয়াত ও জিহাদ'। সারা কুমিল্লা শহর আহলেহাদীছ জনতার পদচারণায় মুখরিত হয়ে উঠে। উপচেপড়া কর্মী ও সুধীদের উপস্থিতিতে টাউন হল ও পাশের মাঠ ফিরে পায় পূর্ণ সজীবতা।

সন্দেলন শেষে মূহতারাম আমীরে জামা'আত 'আন্দোলন' ও যুবসংঘের যেলা নেতৃবৃন্দের সাথে এক মতবিনিময় সভায় মিলিত হন। এ সময়ে তিনি যেলার সাংগঠনিক অগ্রগতির খোঁজ-খবর নেন এবং দাওয়াতী টিম গঠন করে যেলার বিভিন্ন মসজিদে কেন্দ্রীয় কর্মসূচী অনুযায়ী সাপ্তাহিক তা'লীমী বৈঠকের বাস্তবায়নের পরামর্শ দেন।

সম্মেলনে 'কুমিল্লা যেলা আহলেহাদীছ আইনজীবী ফোরাম' গঠন কল্পে জনাব এডভোকেট নৃকল আমীন ভূঁইয়াকে আহ্বায়ক করে ১১ সদস্য বিশিষ্ট আহ্বায়ক কমিটি ঘোষিত হয়। ঢাকা, চাঁদপুর, নোয়াখালী, বি-বাড়িয়া থেকেও অনেক সংগঠনপ্রিয় ভাই সম্মেলনে যোগদান করেন।

সভাপতির লিখিত ভাষণে অধ্যক্ষ আব্দুছ ছামাদ ইসলামের এই চরম দুর্দিনে দল-মত নির্বিশেষে সকলকে আল্লাহ প্রেরিত সর্বশেষ অহি পবিত্র কুরআন ও ছহীহ হাদীছের যথাযথ অনুসরণের মাধ্যমে বাতিলের বিরুদ্ধে ঐক্যবদ্ধ প্রতিরোধ গড়ে তোলার উদাত্ত আহ্বান জানান। অনুষ্ঠান উপস্থাপনা করেন যেলা যুবসংঘের সাধারণ সম্পাদক কুমিল্লা সরকারী ভিক্টোরিয়া কলেজের ছাত্র মুহাত্মাদ আব্দুল ওয়াদ্দ। কুরআন তেলাওয়াত করেন আব্দুলাহ আল-মুন্তাছির ফোরকান, হাফেয কারী মাহমুদূল হাসান ও ফারুক আহ্মাদ। ইসলামী জাগরণী পরিবেশন করেন ক্যাডেট কর্পোরাল শফীকুল ইসলাম, আল-হেরা মর্ভান একাডেমী, বুড়িচং-এর সোনামণিবৃদ্দ, আল-মারকাযুল ইসলামী, শাসনগাছার সোনামণিবৃদ্দ, মুহাম্মাদ যাকির হোসাইন (রাজঃ বিশ্বঃ), আব্দুলাহ আল-মামুন, মাহবুবুর রহমান ও কাউসার আহ্মাদ প্রমুথ শিল্পীবৃদ্দ।

উল্লেখ্য যে, এটাই ছিল কৃমিলা শহরের প্রাণকেন্দ্রে অনুষ্ঠিত। সর্বপ্রথম আহলেহাদীছ সঞ্চেল্য।

তা'লীমী বৈঠক

১লা মে ২০০১ মঙ্গলবারঃ বাদ মাগরিব 'আহলেহাদীছ আন্দোলন বাংলাদেশ'-এর উদ্যোগে নওদাপাড়া দারুল ইমারত মারকাযী জামে মসজিদে কেন্দ্রীয় মুবাল্লেগ এস,এম, আব্দুল লভীফ-এর পরিচালনায় এবং আল-মারকাযুল ইসলামী আস-সালাফীর ছাত্র মুহামাদ হাসীবুল ইসলামের বিশুদ্ধ কুরআন তেলাওয়াত ও তাজবীদ শিক্ষা দানের মধ্য দিয়ে যথারীতি সাপ্তাহিক তা'লীমী বৈঠক শুরু হয়। উক্ত বৈঠকে 'ইসলামে শিস্টাচার-এর গুরুত্ব' বিষয়ে গুরুত্বপূর্ণ বক্তব্য রাখেন আল-মারকাযুল ইসলামী আস-সালাফীর উপাধ্যক্ষ মাওলানা মুহামাদ সাঈদুর রহ্যান। তাজবীদ ও দো'আ শিক্ষা দেন এস,এম, আব্দুল লভীফ।

৮ই মে ২০০১ মঙ্গলবারঃ বাদ মাগরিব নওদাপাড়া দারুল ইমারত মারকাযী জামে মসজিদে হাফেয় মুহাম্মাদ লুংফর রহমানের বিশুদ্ধ কুরআন তেলাওয়াত ও তাজবীদ শিক্ষা প্রদানের মাধ্যমে যথারীতি সাপ্তাহিক তা'লীমী বৈঠক শুরু হয়। উক্ত বৈঠকে 'মুমিনের করণীয়' সম্পর্কে গুরুত্বপূর্ণ বক্তব্য পেশ করেন 'বাংলাদেশ আহলেহাদীছ যুবসংঘে'র কেন্দ্রীয় সাধারণ সম্পাদক মুহাম্মাদ জালালুদ্দীন। দো'আ শিক্ষা ও সমাপণী বক্তব্য পেশ করেন 'আহলেহাদীছ আন্দোলন বাংলাদেশ'-এর কেন্দ্রীয় মুবাল্লেগ এস,এম, আনুল লতীফ।

১৫ই মে ২০০১ মঙ্গলবারঃ বাদ মাগরিব নওদাপাড়া দারুল ইমারত মারকাযী জামে মসজিদে যথারীতি সাপ্তাহিক তা'লীমী বৈঠক অনুষ্ঠিত হয়। উক্ত বৈঠকে বিশুদ্ধ কুরআন তেলাওয়াত ও তাজবীদ শিক্ষা প্রদান করেন আল-মারকাযুল ইসলামী আস-সালাফী-র হেফ্য বিভাগের প্রধান হাফ্যে মুহাম্মাদ লুংফর রহমান। দৈনন্দিন দো'আ ও আমল শিক্ষা দেন 'আহলেহাদীছ আন্দোলন বাংলাদেশ'-এর কেন্দ্রীয় মুবাল্লেগ এস,এম, আন্দুল লতীফ। 'ইসলামে তাকুওয়া-এর গুরুত্ব' এ বিষয়ে গুরুত্বপূর্ণ বক্তব্য পেশ করেন আল-মারকাযুল ইসলামী আস-সালাফী-র মুহাদ্দেছ ও দারুল ইফ্তা-র সম্মানিত সদস্য মাওলানা আনুর রাযযাক বিন ইউসুফ।

২২**শে মে ২০০১ মঙ্গলবারঃ** বাদ মাগরিব নওদাপাড়া দারুল ইমারত মারকাযী জামে মসজিদে যথারীতি সাপ্তাহিক তা'লীমী বৈঠক অনুষ্ঠিত হয়। উক্ত বৈঠকে 'এক মুসলমানের প্রতি অপর মুসলমানের হক্' বিষয়ে গুরুত্বপূর্ণ বক্তব্য পেশ করেন 'আল-মারকাযুল ইসলামী আস-সালাফী-র শিক্ষক মাওলানা मानिक मांः बाह्योक तर्न पर्व उठम मत्त्रा, हानिक शाउन मंगः वर्न वर्न ः

মুহামাদ রুস্তম আলী। 'আহলেরাদীছ লক্ষ্য ও উদ্দেশ্য-এর উপর বক্তবা রা মুহামাদ আতাউর রহমান। বিভন্ধ কুরআন তেলাওনত শিক্ষা দান করেন আল-মারকাযুল ইসলামী আস-নালাফী-র ছাত্র মুহামাদ আযীযুল হক।

২৯শে মে ২০০১ মঙ্গলবারঃ বাদ মাগরিব নওদাপাড়া দারুল ইমারত মারকাযী জামে মসজিদে যথারীতি সাপ্তাহিক তা'লীত্রী বৈঠক অনুষ্ঠিত হয়। উক্ত বৈঠকে 'আমরা আহলেহাদীছ আন্দোলন করি কেন?' এ বিষয়ে গুরুত্বপূর্ণ বক্তব্য পেশ করেন, কেন্দ্রীয় মুবাল্লেগ জনাব মুহাশ্বাদ আতাউর রহমান। বিশুদ্ধ কুরআন তেলাওয়াত শিক্ষা দেন 'আন্দোলন'-এর প্রাথমিক সদস্য মাওলানা মুহাশ্বাদ ফযলুল কাবীর (নারায়ণগঞ্জ)।

ক্ষেত্র ২০০১ মঙ্গলবারঃ বাদ মাগরিব নওদাপাড়া দারুল ইমারত মারকাযী জামে মসজিলে যথারীতি সাগুহিক তা'লীমী বৈঠক অনুষ্ঠিত হয়। উক্ত বৈঠকে 'নিদ'আত'-এর অপকারিতা বিষয়ে বক্তব্য রাখেন আল-মারকাযুল ইসলামী আস-সালাফীর প্রধান মুহান্দেছ মাওলানা আব্দুর রাযযাক বিন ইউসুফ। অতঃপর ১২ই রবী উল আউয়াল রাস্ল (ছাঃ)-এর জন্মদিবস নয় বরং মৃত্যুদিবস এ বিষয়ে বিস্তারিত আলোচনা পেশ করেন 'আহলেহাদীছ আন্দোলন বাংলাদেশ'-এর কেন্দ্রীয় ম্বাল্লেগ জনাব মুহান্দাদ আতাউর রহমান। বিশুদ্ধ কুরআন তেলাওয়াত শিক্ষা দেন আল-মারকাযুল ইসলামী আস-সালাফী-র ছাত্র হাকেয় মোকাররাম বিন মুহসিন।

চাঁপাই নবাবগঞ্জ, ১শা জুন ২০০১ ওক্রবারঃ

বাদ আছর 'আহলেহাদীছ আন্দোলন বাংলাদেশ' চাঁপাই নবাবগঞ্জ যেলার লক্ষ্মীপুর এলাকার উদ্যোগে লক্ষ্মীপুর জামে মসজিদে যেলা সাধারণ সম্পাদক জনাব আবুল হোসাইল-এর পরিচালনায় সাপ্তাহিক তা'লীমী বৈঠকে অনুষ্ঠিত হয়। উক্ত তা'লীমী বৈঠকে প্রধান অতিথির বক্তব্য পেশ করেন 'আহলেহাদীছ আন্দোলন বাংলাদেশ'-এর সিনিয়র নায়েবে আমীর শায়থ আবুছ ছামাদ সালাফ্ষী। দরসে কুরআন (সূরাতুল ফাতিহা) ও তা'লীমী বৈঠকের গুরুত্বের উপর বক্তব্য পেশ ক্রেন কেন্দ্রীয় মুবাল্পেগ এস,এম, আবুল লতীফ। দৈনন্দিন পঠিতব্য দো'আ সমূহ শিক্ষা দেন চাপাই নবাবগঞ্জ যেলা 'আন্দোলন'-এর সভাপতি মাওলানা মুহাম্মাদ আবুল্লাহ।

মাননীয় প্রধান অতিথি তাঁর বক্তব্যে বলেন, 'আহলেহাদীছ্
আন্দোলন বাংলাদেশ' নির্ভেজাল তাওহীদের ঝাণ্ডাবাহী এক
অনন্য সংগঠন। এই সংগঠন অহি-র বিধান বাস্তবায়ল করতে
চায়। তাই এ সংগঠন বিভিন্নমুখী কর্মসূচী হাতে নিরেছে।
সাপ্তাহিক তা'লীমী বৈঠক এর মধ্যে অন্যতম। তিনি বলেন.
তা'লীমী বৈঠকে নিয়মিতভাবে যোগদানের মাধ্যমে আমরা
আমাদের আমল সমূহকে পরিশুদ্ধ করতে পারি। তিনি সংগঠনের
সর্বস্তরের নেতা ও কর্মীদেরকে সাপ্তাহিক তা'লীমী বৈঠকে
যোগদানের আহ্বান জানান।

চাঁপাই নবাবগঞ্জ, ১৩ই জুন ২০০১ বুধবারঃ অদ্য বাদ এশা বাংলাদেশ আহলেহাদীছ যুবসংঘ' চাঁপাই নবাবগঞ্জ সাংগঠনিক যেলার বিশ্বনাথপুর শাখার উদ্যোগে 'বাংলাদেশ আহলেহাদীছ যুবসংঘ' চাঁপাই নবাবগঞ্জ সাংগঠনিক যেলা সভাপতি মুহাম্মাদ খায়রুল ইসলাম -এর পরিচালনায় সাপ্তাহিক তা'লীমী বৈঠক অনুষ্ঠিত হয়। উক্ত বৈঠকে ছালাত আদায়ের ছহীহ পদ্ধতির উপর বক্তব্য রাখেন 'বাংলাদেশ আহলেহাদীছ যুবসংঘ'র কেন্দ্রীয় তাবলীগ সম্পাদক মুহাম্মাদ আবু তাহের। বিশুদ্ধ কুরআন

্তয়াত ও তাজবীদ শি ই নববাগঞ্জ সাংগঠনিক

ানোলন' শুল্লাহ।

তাব

के के किया है। के किया के किया

9

ময়মনসিংহ ২৪শে মে ুহ্লা**তিবারঃ** অদ্য বাদ ফজর 'আহলেহাদীছ আন্দোলন বাংলাদৈশ' ময়মনসিংহ যেলার পলাশতলী তরফনারবাড়ী আহলেহাদীছ জামে মসজিদে এক তাবলীগী সভা অনুষ্ঠিত হয়।

মাওলানা ওমর ফারক-এর সভাপতিত্বে অনুষ্ঠিত উক্ত তাবলীগী বৈঠকে প্রধান অতিথি হিসাবে বক্তব্য পেশ করেন 'আহলেহাদীছ্ আন্দোলন বাংলাদেশ'-এর কেন্দ্রীয় মুবাল্লেগ এস,এম, আব্দুল লতীফ। অন্যান্যের মধ্যে বক্তব্য রাখেন ময়মনসিংহ যেলা যুবসংঘের সাবেক সভাপতি মুহাম্মাদ আব্দুর রাযয়াক ও স্থানীয় নেতৃবৃন্দ।

প্রধান অতিথি তাঁর নক্তব্যে বলেন, আমরা সবাই জান্নাতে যেতে চাই। কিন্তু জান্নাতে যাওয়ার জন্য যে গুণাবলী অর্জন করা প্রয়োজন সে ব্যাপারে আমরা জনেকেই গুরুত্ব দিচ্ছিনা। আল্লাহপাক আমাদেরকে ৪টি গুণ অর্জন করার কথা বলেছেন-(১) ঈমান (২) আমল (৩) দা'ওয়াত ও (৪) ছবর। যারা এই ৪টি গুণ অর্জন করবে তারা ব্যতীত সকলেই ক্ষতিগ্রস্ত হবে। তিনি জাহান্নাম থেকে মুক্তি ও জান্নাতী হওয়ার জন্য আল্লাহপাক ঘোষিত উপরোক্ত ৪টি গুণ অর্জনের জন্য সবাইকে আহ্বান জানান।

শেরপুরঃ গত ২৪ ও ২৫শে মে রোজ বৃহস্পতিনার ও শুক্রবার শেরপুর যেলার কালাকুমা থামে এক তাবলীগী সভা অনুষ্ঠিত হয়। নকলা এলাকা সভাপতি জনাব মুহাম্মাদ সাঈদুযথামানের সভাপতিত্বে অনুষ্ঠিত উক্ত তাবলীগী সভায় প্রধান অতিথির ভাষণে 'আহলেহাদীছ আন্দোলন বাংলাদেশ'-এর কেন্দ্রীয় মুবাল্লেগ এস,এম, আব্দুল লতীফ স্বাইকে জামা'আতবদ্ধ জীবন-যাপনের মাধ্যমে রাসুল (ছাঃ)-এর পূর্ণ আনুগত্য করার উদান্ত আহ্বান জানান। তিনি উপস্থিত প্রাথমিক সদস্যদের মধ্য থেকে জনাব সুলতান আলীকে সভাপতি, মুহাম্মাদ আব্দুস সোবহানকে সহ-সভাপতি ও মুহাম্মাদ সুলতান আহমাদকে সাধারণ সম্পাদক করে মোট ৯ সদস্য বিশিষ্ট কালাকুমা শাখা কর্মপরিষদ গঠন করেন।

রাজশাহী ৮ই জুন ২০০১ শুক্রবারঃ অদ্য বাদ জুম'আ স্থানীয় কিছমত কুখণ্ডি আহলেহাদীছ জামে মসজিদে এক তাবলীগী সভা অনুষ্ঠিত হয়। জনাব মুহাম্মাদ ইদ্রীস আলীর সভাপত্তি অনুষ্ঠিত উক্ত তাবলীগী সভায় প্রধান অতিথি হিসাবে বক্তব্য রাখেন 'আহলেহাদীছ আন্দোলন বাংলাদেশ' রাজশাহী সাংগঠনিক যেলার সভাপতি জনাব অধ্যক্ষ মুহাম্মাদ মুজীবুর রহমান। বিশেষ অতিথি হিসাবে বক্তব্য রাখেন, কেন্দ্রীয় মুবাল্লেগ এস, এম, আব্দুল লতীক, কেন্দ্রীয় মুবাল্লেগ জনাব মুহাম্মাদ আতাউর রহমান ও 'বাংলাদেশ আহলেহাদীছ মুবসংঘ' রাজশাহী সাংগঠনিক যেলার সভাপতি মুহাম্মাদ আব্দুল সাত্তার। উক্ত মসজিদে জুম'আর খুববা পেশ করেন আল-মারকাযুল ইসলামী আস সালাকী মুহাদ্দেছ মাওলানা আব্দুর রাযযাক বিন ইউসুক।

প্রধান অতিথির ভাষণে মাননীয় যেলা সভাপতি বলেন, 'আহলেহাদীছ আন্দোলন বাংলাদেশ' এদেশে ইসলামের পূর্ণাঙ্গ বিজয় ও বাস্তবায়ন দেখতে চায়। তিনি ইসলাম প্রিয় সকল মুমিন ভাই-বোনকে এই জিহাদী কাফেলায় শামিল হয়ে জান ও মালের কুরবানী করার উদাও আহ্বান জানান। এ সময়ে তিনি মুহাম্মাদ ইট্রীস আলীকে সভাপতি, হাজী শামসুদ্দীনকে সহ-সভাপতি ও মাওলানা মুহাম্মাদ আন্ধূল মজীদকে সাধারণ সম্পাদক করে ৯ সদস্য বিশিষ্ট শাখা কমিটি গঠন করেন।

শেরপুর ২৫শে মে ২০০১ শুক্রবারঃ অদ্য 'আহলেহাদীছ

আন্দোলন বাংলাদেশ' নকলা, শেরপুর এলাকার উদ্যোগে নকলা বাজার আহলেহাদীছ জামে মুসজিদে বাদ মাগরিব এক তাবলীগী সভা অনুষ্ঠিত হয়। উক্ত সভায় প্রধান অতিথির ভাষণে 'আহলেহাদীছ আন্দোলন বাংলাদেশ'-এর কেন্দ্রীয় মবাল্লেগ এস,এম, আবুল লতীফ বলেন, 'আহলেহাদীছ আন্দোলন বাংলাদেশ' অহি ভিত্তিক সমাজ গঠনের এক বিপ্লবী আন্দোলন। খালেছ তাওহীদে বিশ্বাসী প্রত্যেক মুমিনকে এ আন্দোলনের সাথে একত্রিত হয়ে মানুষের সার্বিক জীবনে আল্লাহ প্রেরিত অহি-র বিধান বাস্তবায়নে এগিয়ে আসতে হবে। নচেৎ আল্লাহর রেযামন্দি হাছিল ও পরিকালীন নাজাত লাভ অসম্ভব।

নকলা বাজার আহলেহাদীছ জামে মসজিদ শাখার সভাপতি জনাব আবুল জলীল-এর সভাপতিত্বে অনুষ্ঠিত উক্ত তাবলীগী সভায় অন্যান্যের মধ্যে বক্তব্য রাখেন নকলা এলাকা সভাপতি কাষী সাঈদুর্যযামান ও অত্র মসজিদের পেশ ইমাম মাওলানা মুহামাদ আমানুলাহ।

ताजनारी **১৭ই जून त्रविवातः** 'আহলেহাদীছ আন্দোলন বাংলাদেশ রাজশাহী সাংগঠনিক যেলার ঘোলহাড়িয়া কাচিয়াপাড়া এলাকার উদ্যোগে অত্র শাখা সভাপতি মাওলানা জালালুদ্দীন-এর সভাপতিত্বে বাদ আছর থেকে তাবলীগী সভা অনুষ্ঠিত হয়। উক্ত তাবলীগী সভায় প্রধান অতিথি হিসাবে উপস্থিত ছিলেন কেন্দ্রীয় মুবাল্লেগ এস,এম, আবুল লতীফ। প্রধান বক্তা হিসাবে উপস্থিত ছিলেন আল-মারকার্যুল ইসলামী আস-সালাফী-র শিক্ষক মাওলানা রুস্তম আলী। অন্যন্যের মধ্যে উপস্থিত ছিলেন 'আহলেহাদীছ আন্দোলন বাংলাদেশ'-এর অন্যতম কেন্দ্রীয় মুবাল্লেগ জনাব আতাউর রহমান এবং কেন্দ্রীয় দাঈ ও রাজশাহী মহানগরীর শিরইল আহলেহাদীছ জামে মসজিদের পেশ ইমাম মাওলানা মৃহাম্মাদ ইলিয়াস আলী।

লক্ষীপুর আহলেহাদীছ জামে মসজিদ উদ্বোধন

গত ১লা জুন ওক্রবার আনুষ্ঠানিকভাবে জুম'আর ছালাত আদায়ের মাধ্যমে তাওহীদ ট্রীষ্ট (রেজিঃ) কর্তৃক বাস্তবায়িত চাঁপাই নবাবগঞ্জ যেলার রহনপুর থানাধীন লক্ষ্মীপুর আহলেহাদীছ জামে মসজিদের ওভ উদ্বোধন করেন 'আহলেহাদীছ আন্দোলন বাংলাদেশ'-এর সিনিয়র নায়েবে আমীর শায়খ আব্দুছ ছামাদ সালাফী। জুম'আর খুৎবায় প্রদন্ত ভাষণে মাননীয় সিনিয়র নায়েবে আমীর বলেন, মসজিদ আল্লাহর ঘর। এটা জানাতের বাগিচা। জান্নাতকামী প্রত্যেক মুমিনের জন্য দুনিয়ার প্রশান্তির জায়গা হচ্ছে মসজিদ। মানুষ যত মসজিদমুখী হবে তত কলুষমুক্ত, সুন্দর ও সৎ হবে। তিনি সবাইকে মসজিদ মুখী হয়ে পাঁচ ওয়াক্ত ছালাত জামা আতে আদায়ের আহ্বান জানান।

বাদ জুম'আ যেলা সভাপতি মাওলানা আব্দুল্লাহ-এর সভাপতিত্বে অনুষ্ঠিত সমাবেশে প্রধান অতিথির ভাষণ পেশ করেন 'আহলেহাদীছ আন্দোলন বাংলাদেশ'-এর সিনিয়র নায়েবে আমীর শায়খ আব্দুছ ছামাদ সালাফী। বিশেষ অতিথি হিসাবে বক্তব্য রাখেন 'আহলেহাদীছ আন্দোলন বাংলাদেশ'-এর কেন্দ্রীয় মুবাল্লেগ এস.এম. আবুল লতীফ ও অতিরিক্ত যেলা ম্যাজিষ্ট্রেট (অবসর প্রাপ্ত) এ,এইচ,এম আব্দুল হামীদ (রহনপুর)। অন্যান্যের মধ্যে বক্তব্য রাখেন 'আহলেহাদীছ আন্দোলন বাংলাদেশ' চাঁপাই নবাবগঞ্জ যেলার সাধারণ সম্পাদক মুহাম্মাদ আবুলু হোসাইন, অর্থ সম্পাদক মুহাম্মাদ আশরাফুল হক মান্টার, লক্ষীপুর শাখার সহ-সভাপতি জনাব শামসূল হক। কুরআন তেলাওয়াত ও জাগরণী পেশ করেন স্থানীয় সোনামণি সদস্য মুহাম্মদ আশিকুর রহমান।

কর্মী প্রশিক্ষণ

নওগাঁ ১৩ ও ১৪ই জুন ২০০১ বৃহপতি ও ভক্রবারঃ অদ্য আহলেহাদীছ আন্দোলন বাংলাদেশ নুওগাঁ সাংগঠনিক যেলার উদ্যোগে পাঁজরভাঙ্গা বাজার আহলেহাদীছ জামে মসজিদে দু'ই দিন ব্যাপী এক কর্মী প্রশিক্ষণ অনুষ্ঠিত হয়।

প্রশিক্ষণে প্রধান প্রশিক্ষক হিসাবে উপস্থিত ছিলেন 'আহলেহাদীছ আন্দোলন বাংলাদেশ'-এর কেন্দ্রীয় মুবাল্লেগ এস.এম, আন্দুল লতীফ। অন্যান্যের মধ্যে উপস্থিত ছিলেন যেলা 'আন্দোলন'-এর প্রধান উপদেষ্টা জনাব মাওলানা আবুস সান্তার।

যেলা 'আন্দোলন'-এর সহ-সভাপতি মুহামাদ আফ্যাল হোসাইন-এর সভাপতিত্বে অনুষ্ঠিত উক্ত প্রশিক্ষণে কেন্দ্রীয় প্রশিক্ষক জনাব এস.এম. আবুল লতীফ জামা'আতী যিনেগীর তক্ত্ব, বিদ'আতু ঘোরতর অপরাধ, আহলেহাদীছ পরিচিতি, ইনফারু ফী সাবীলিল্লাহ ও মাসিক পরিকল্পনা গ্রহণ ও রিপোর্ট সংরক্ষণ পদ্ধতির উপর শুরুত্বপূর্ণ প্রশিক্ষণ প্রদান করেন।

যুবসংঘ

ছাত্র সমাবেশ

গত ১৫ই মে ২০০১ রোজ মঙ্গলবার 'বাংলাদেশ আহলেহাদীছ যবসংঘ' রাজশাহী বিশ্ববিদ্যালয় শাখার উদ্যোগে 'হাদীছ ফাউণ্ডেশন' মিলনায়তন, কাজলা, রাজশাহীতে এক ছাত্র সমাবেশ অনুষ্ঠিত হয়। উক্ত সমাবেশে প্রধান অতিথির ভাষণে 'বাংলাদেশ আইলেহাদীছ যুবসংঘে'র কেন্দ্রীয় সাধারণ সম্পাদক মুহামাদ জালালুকীন বলেন, 'আহলেহাদীছ' আমাদের বৈশিষ্ট্যত নাম। মুলতঃ আমরা মুসুলিম। ছাহাবায়ে কেরাম (রাঃ) বিদ'আতপন্থীদের বিপরীতে নিজেদেরকে আহলেহাদীছ হিসার্বে পরিচয় দিতেন। আমরাও নিজেদেরকে এ নামে পরিচয় দিতে গর্ববোধ করি। মূলতঃ যিনি পবিত্র কুরআন ও ছহীহ হাদীছের নিঃশর্ত অনুসারী, তিনিই আহলেঁহাদীছ। তিনি বলেন, 'আহলেহাদীছ যুবসংঘ' মানবতাকে পবিত্র কুরআন ও ছহীহ रामीरहत भरथे, जानारण्य भरथ किरत जामात छेमाल जास्तीन जानाग्र। जिनि विश्वविमानग्र जन्मन 'जारलरामीह यूनमःराय'त কার্যক্রম জোরদার করার আহ্বান জানান।

যুবসংঘের রাজশাহী বিশ্ববিদ্যালয় শাখার সভাপতি মুহাম্মাদ আতাউর রহমানের সভাপতিত্বে অনুষ্ঠিত উক্ত সমাবেশে বিশেষ অতিথি হিসাবে বক্তব্য রাখেন বাংলাদেশ আহলেহাদীছ যুবসংঘে'র কেন্দ্রীয় সাংগঠনিক সম্পাদক এ.এস.এম. আযীযুল্লাহ। অনুষ্ঠান পরিচালনা করেন রাজশাহী বিশ্ববিদ্যালয় শাখার সাবেক সাধারণ সম্পাদক মুহাম্মাদ শহীদুযযামান।

কর্মী ও সুধী সমাবেশ

গাইবান্ধা ৮ই জুন ২০০১ ভক্রবারঃ অদ্য 'বাংলাদেশ আহলেহাদীছ যুবসংঘ' রওশনবাগ শাখার উদ্যোগে যেলা শহরের উপকর্চে রওশনবাগ উচ্চ বিদ্যালয় প্রাঙ্গণে এক সুধী সমাবেশ অনুষ্ঠিত হয়। যুবসংঘের স্থানীয় সুধী অবসরপ্রাপ্ত প্রধান শিক্ষক জনীব মুহামাদ নুরুল ইসলাম-এর সভাপতিত্বে অনুষ্ঠিত উক্ত সুধী সমাবেশে প্রধান অতিথি হিসাবে উপস্থিত ছিলেন 'আহলেহাদীছ আন্দোলন বাংলাদেশ'-এর কেন্দ্রীয় তাবলীগ সম্পাদক মাওলানা শিহারুদ্দীন সুন্নী। মাননীয় প্রধান অতিথি তাঁর ভাষণে বলেন, আহলেহাদীছ আন্দোলন একটি পূৰ্ণাঙ্গ ইসলামী আন্দোলনের নাম। এ আন্দোলন আল্লাহ প্রদুত ও রাসুল (ছাঃ) প্রদর্শিত অভ্রান্ত সত্য পবিত্র কুরআন ও ছহীহ হাদীছকৈ কৈন্দ্র করে গড়ে উঠেছে। তিনি বলৈন, 'আন্দোলন' ও 'যুবসংঘে'র

লক্ষ্য-উদ্দেশ্য বাস্তবায়নের মাধ্যমেই মানবতার কাংখিত মুক্তি অর্জন সম্ব। তিনি উপস্থিত সুধী ও কর্মীদেরকে সাংগঠনিক কার্যক্রম জোরদার করার আহ্বান জানান।

উক্ত সমাবেশে অন্যানের মধ্যে বক্তব্য রাখেন যেলা 'আন্দোলনে'র সভাপতি মাওলানা মুহামাদ আবুর রায্যাক, সহ-সভাপতি মুহাম্মাদ আব্দুস সোবহান, তাবলীগ সম্পাদক মাওলানা ইসহাক আলী, योंना गुवসংঘের সাধারণ সম্পাদক মহামাদ আনোয়ারুল ইসলাম, সাংগঠনিক সম্পাদক মুহামাদ ফ্রীদুল ইসলাম, তাবলীগ সম্পাদক মুহামাদ আব্দুল আলীম, প্রশিক্ষণ সম্পাদক মৃহামাদ আবু হানীফ, অর্থ সম্পাদক মৃহামাদ মতলুবুর রহমান প্রমুখ :

উল্লেখ্য যে, সমাবেশে মুহাম্মাদ আবুল কালাম আযাদকে সভাপতি ও ডাঃ মৃহামাদ আব্দুল আর্যীয় সরদারকে সাধারণ সম্পাদক করে ৮ সদস্য বিশিষ্ট রওশনবাগ নতুন 'এলাকা' घाषणा करा २য়। পুরো অনুষ্ঠানটি পরিচালনা कরেন যেলা যুবসংযের সভাপতি ডাঃ এ,কে,এম শামসুযযোহা। ইস্লামী জাগরণী উপহার দেন পলাশবাড়ী এলাকা যুবসংঘের সাংগঠনিক সম্পাদক মুহামাদ বেলালুদ্দীন ও আব্দুল্লাহ আল-মামুন।

কর্মী ও সুধী সমাবেশ


বিশ্বনাথপুর, নবাবগঞ্জ॥ গত ২১শে জুন বৃহষ্পতিবার 'বাংলাদেশ আহলেহাদীছ যুবসংঘ' নবাবগঞ্জ সাংগঠনিক যেলার উদ্যোগে বিশ্বনাথপুর আহলেহাদীছ জামে মসজিদে এক কর্মী ও সুধী সমাবেশ অনুষ্ঠিত হয়। উক্ত সমাবেশে প্রধান অতিথি হিসাবে উপস্থিত ছিলেন 'আহলেহাদীছ আন্দোলন বাংলাদেশ'-এর সিনিয়র নায়েবে আমীর শায়খ আবৃছ ছামাদ সালাফী। প্রধান অতিথির ভাষণে তিনি বলেন, রাসূল (ছাঃ)-কে ভালবাসতে হ'লে তার আদর্শকে ভালবাসতে হবে। তিনি মানুষের ব্যক্তিগত পারিবারিক, সামাজিক, রাজনৈতিক ও অর্থনৈতিক জীবন সহ জীবনের প্রতিটি ক্ষেত্রে রাসূল (ছাঃ)-এর আদর্শ অনুসরণ করার উদাত্ত আহ্বান জানান।

'আহলেহাদীছ যুবসংঘ' নবাবগঞ্জ সাংগঠনিক যেলার সভাপতি মুহামাদ খায়কল ইসলামের সভাপতিত্বে অনুষ্ঠিত উক্ত সমাবেশে বিশেষ অতিথি হিসাবে বুক্তব্য রাখেন, বাংলাদেশ আহলেহাদীছ যুবসংঘে'র কেন্দ্রীয় তাবলীগ সম্পাদক মুহামাদ আবু তাহের এবং আন্দোলনের নবাবগঞ্জ সাংগঠনিক যেলা সভাপতি মাওলানা আবদুল্লাহ। অন্যান্যের মধ্যে বক্তব্য রাখেন শায়খ আবদুল ওয়াদৃদ মাদানী, শায়থ আবদুল হান্নান মাদানী, মাওলানা আমানুল্লাহ ও মাওলানা আবুল হোসাইন প্রমুখ।

মহিলা সংস্থা

মহিলা সমাবেশ

গত ২২শে জুন ওক্রবার 'বাংলাদেশ আহলেহাদীছ মহিলা সংস্থা' চাঁপাই নবাবগঞ্জ সাংগঠনিক যেলার কানসাট এলাকার উদ্যোগে বিশ্বনাথপুর আহলেহাদীছ জামে মসজিদে এক বিরাট মহিলা সমাবেশ অনুষ্ঠিত হয়। উক্ত মহিলা সমাবেশে প্রধান অতিথির ভাষণে 'আইলেহাদীছ আন্দোলন বাংলাদেশ'-এর সিনিয়র নায়েবে আমীর শায়খ আব্দুছ ছামাদ সালাফী বলেন, অহি ভিত্তিক সুমাজ ব্যবস্থা কায়েমের জন্য মহিলাদের ভূমিকা অপরিহার্য। তিনি মহিলাদেরকে 'আহলেহাদীছ মহিলা সংস্থা'র পতাকা তলে সমবেত হয়ে পবিত্র কুরআন ও ছহীহ হাদীছ মোতাবেক জীবন গড়ার আহ্বান জানান[ী]



-দারুল ইফতা হাদীছ ফাউণ্ডেশন বাংলাদেশ।

व्यक्ति भूनत्राग्न क्रग्न कत्रर्ख भारत्न कि?

> -আমীনুল ইসলাম গোমস্তাপুর **ठाँभा**टे नवावशक्ष ।

উত্তরঃ প্রশ্নে উল্লেখিত বিষয়টি জায়েয নয়। আৰুল্লাহ ইবন ওমর (রাঃ) বলেন, আমি আল্লাহর রাস্তায় একটি ঘোড়া मान करत्रिं हिनाम। याजात नानन-शाननकाती वाकि ঘোড়াটিকে বেশ দুর্বল করে ফেলেছিল। লোকটি কমদামে বিক্রি করবে মনে করে আমি ঘোড়াটি ক্রয় করার ইচ্ছা করলাম। অতঃপর আমি বিষয়টি রাসূল (ছাঃ)-কে জিজ্ঞেস করলাম। তিনি বললেন, 'এক দিরহামের বিনিময়ে দিলেও তুমি তা ক্রয় কর না। তুমি তোমার ছাদাকার দিকে ফিরে যেয়ো না। কেননা ছাদাকার দিকে ফিরে যাওয়া ব্যক্তি বমি করে বমি ভক্ষণকারী ব্যক্তির ন্যায়' (বুখারী, মুসলিম, মিশকাত হা/১৯৫৪)।

প্রশ্ন (২/৩১৭)ঃ ইবনু হাজার আসকালানী (রহঃ)-এর মোট রচিত গ্রন্থ করটি? বইগুলির নাম উল্লেখ করলে উপকৃত হ'তাম।

> -ছফিউল্লাহ মোলামগাড়ী হাট कानारे. जग्नभूतराउँ।

উত্তরঃ হাফেয ইবনে হাজার আসকালানী (রহঃ)-এর রচনাবলীর সংখ্যা নিয়ে মতবিরোধ রয়েছে। শাহ আব্দুল আযীয মুহাদ্দিছ দেহলবী (রহঃ) বলেন, তাঁর রচনাবলী ১৫০টি *(বুম্বানুল মুহাদ্দিছীন পৃঃ ৩০৫)*। হাফেয সুয়ৃত্বীর মতে ১৮৩টি (আহওয়ালুল মুছান্নিফীন পৃঃ ২৪৭)। ইবনুল ঈমাদ হাম্বলী ৭২টি কিতাবের নাম উল্লেখ করেছেন (শাষারাতুষ যাহাব, ৪র্ব चंड, १म जश्म, भुः २१५-२१७)। =िवद्धातिक मुः नृक्रण देमलाम, मनीयी तिष्ठिः हैरान हाकात जामकानानी, मामिक जाण-णास्त्रीक, जान्-रक्टन्याती २००० সংখ্যा, 9: ৫৬-৬०।

शात्नत সুत्र गां आ बारत्रय कि-ना? ছহীহ हामी एइत আলোকে জানতে চাই।

> -হাফীযুর রহমান থাম ও পোঃ জামতৈল সিরাজগঞ্জ।

উত্তরঃ ইসলামী ভাবধারাপুষ্ট বাজনাবিহীন কবিতা-গ্যল গাওয়া ও শোনা জায়েয। জিহাদের ময়দানে মুজাহিদগণকে

প্রেরণা যোগানোর জন্য জিহাদী কবিতা ও আখেরাতমুখী গান গাওয়া জায়েয়। খন্দকের যুদ্ধে খন্দক বা পরিখা খননের সময় রাসূল (ছাঃ) কবিতা আবৃত্তি করেছেন (বুখারী, 'चन्दरकत यूक्त' जधात्र, जात-तारीकृत याचज्य १९ ७०७)। এমনিভাবে শিরক ও বিদ'আতী আক্মীদামুক্ত কবিতা-গর্যল গাওয়া ও শোনা জায়েয। রাসুল (ছাঃ)-এর কবি হাসসান বিন ছাবিত (রাঃ)-এর জন্য রাসূল (ছাঃ) মসজিদে নববীতে একটি মিম্বর রাখতেন। সেখানে দাঁড়িয়ে তিনি ইসলামের পক্ষে কবিতাসমূহ পাঠ করতেন (বুখারী, মিশকাত হা/৪৮০৫, 'বজ্তা ও কবিতা' অনুচ্ছেদ)।

মোদ্দাকথাঃ শিরক, বিদ'আত ও বাজনাবিহীন কবিতা যা মানুষকে আখেরাতমুখী করে, নীতিবান করে, ভাল কাজে উদ্বুদ্ধ করে, সেইসব ক্লচিশীল কবিতা সুরের সাথে গাওয়া কখনই দোষের নয়। রাসূল (ছাঃ)-কে কবিতা সম্পর্কে জিজেন করা ্লৈ তিনি বলেন, مُونَ كُلامُ فَحَسَنُهُ حَسَنُ के ভৈহা (কবিতা) কথামাত্র। উহার সুন্দরগুলি সুন্দর ও মন্দগুলি মন্দ' (দারাকুংনী, মিশকাত হা/৪৮০৭; হাদীছ হাসান)।

थम (8/0)) य क्षिपिए चाक्रमा मार्ग म क्षिप्र कमल कि अभन्न मिट्ड इग्न?

> -আলালুদ্দীন থাম ও পোঃ ইনছাফ নগর कुष्ठिया ।

উত্তরঃ যে জমির খাজনা দিতে হয় সে জমির উৎপাদিত ফসলের ওশর দিতে হয় না মর্মে নিম্নোক্ত হাদীছটি পেশ لاَيَجْ تُمِعُ عَلَى الْمُسلِمِ خِراجٌ و عُشْرٌ -क ता रस 'মুসলমানের উপর একই সাথে খাজনা ও ওশর একত্রিত হয় না'। মূলতঃ এ হাদীছটি বাতিল ও দলীলের অযোগ্য। তাছাড়া এ হাদীছের বর্ণনাকারী ইয়াহইয়া হাদীছ জাল করার দোষে দুষ্ট *(বায়হাক্ম ৪/১৩২ পঃ)*। ওমর বিন আব্দুল আযীয (রহঃ)-কে এ বিষয়ে জিজ্ঞেস করা হ'লে তিনি اَلْخَراجُ عَلَى الْأَرْض وَفي الْحَبِّ الزَّكَاةُ , विलन 'খাজনা হ'ল জমির উপর এবং যাকাত (ওশর) হ'ল ফসলের উপর' (বায়হাকী ৪/১৩১)।

সূতরাং এ সম্পর্কিত ভ্রান্ত ধারণা পরিহার করে নেছাব পরিমাণ ফসল উৎপাদন হ'লে ওশর আদায় করতে হবে।

थन (৫/७२०) ब्रह्मच मात्र हिज्ञाम भानन मन्भर्क क्यीमंड वर्गनां कवा दय त्य, 'त्य व्यक्ति ब्रक्कव मात्म **डिनिंग शिवाम भागन कत्रत्व, डात्र छन्। खाङ्मार এक** भारमत हिसांभ मिरच मिरवन'। উक्त हामीरहत मछाछा জানতে চাই।

-আমানুল্লাহ

গ্রামঃ কাচিয়া থানাঃ বুরহানুদ্দীন ভোলা।

উত্তরঃ উক্ত হাদীছের একজন বর্ণনাকারী আমর ইবনে আযহার হাদীছ জাল করত। তাই এই হাদীছটি জাল (আল-লা'আলিল মাছনু'আহ ফিল আহাদীছিল মাউয়'আহ ২/১১৪-১১৫ 98) |

थम (७/७२১)*६ चारलशमीह जात्मानन-वत्र व्याना*दत्र **मिया थारक 'मुक्तित्र এकरें १४, मा 'छग्ना**छ छ क्रिशम'। **এর ব্যাখ্যা জানিয়ে বাধিত কর**বেন।

> -আমীরুল ইসলাম यश्यानवाफ़ी, गामागाफ़ी রাজশাহী।

উত্তরঃ এখানে দা'ওয়াত বলতে সংগঠনের গৃহীত কর্মসূচীর মাধ্যমে নিখুঁত ভাবে কুরআন ও ছহীহ সুনাহর বিধান সকলের নিকট তুলে ধরে তার প্রতি মানুষকে আহ্বান জানানো বুঝায়। আর জিহাদ বলতে পবিত্র কুরআন ও ছহীহ সুনাহর অভ্রান্ত সত্য প্রতিষ্ঠায় সর্বাত্মক প্রচেষ্টা চালানো এবং কোনরূপ সামাজিক, রাজনৈতিক ও প্রচলিত প্রথার চাপের মুখে নতি স্বীকার না করাকে বুঝায়। *-বিস্তারিত* জানার জন্য পড়নঃ 'দাওয়াত ও জিহাদ' (আন্দোলন সিরিজ)।

थन (१/७२२) श्वामी-बीत अफिजावकरमत সম্বতিতে विवार रुखिएन। जुन्ह अकि घटनात्क त्कन्त करत्र त्यस्त्रत्र অভিভাবকণণ ছেলেকে ভালাক প্রদান করতে বাধ্য করে। তবে মেয়ে স্বামীর পক্ষে। এমতাবস্থায় উক্ত তালাক কি সিদ্ধ হয়েছে?

> –নাম প্রকাশে অনিচ্ছক গ্রামঃ হাঁসমারী, পোঃ কাছিকাটা নাটোর ।

উত্তরঃ প্রদত্ত বিবরণ অনুযায়ী উক্ত তালাক সিদ্ধ হয়নি। হযরত আয়েশা (রাঃ) থেকে বর্ণিত, তিনি বলেন যে, রাসূল لاً طَلاَقَ وَلاَعَتَاقَ هَيْ إِغْلاَقٍ - ছোঃ)-কে বলতে শুনেছি, 'বাধ্য বা জবরদন্তি অবস্থায় তালাক ও গোলাম আযাদ হয় नों (पार्वमार्छम, इवन् प्राकार, यिगकाठ श/७२৮৫; 'योगा ठानाक' ञनुष्टम, शमीष्ट ष्टरीर)।

সুতরাং ছেলেকে তালাক প্রদানে বাধ্য করলেও সেটি মূলতঃ তালাক হয়নি। স্বামী-ন্ত্রী যেভাবে ছিল সেভাবেই রয়েছে। অর্থাৎ তারা এখনো স্বামী-স্ত্রী রয়েছে।

প্রন্ন (৮/৩২৩)ঃ আমাদের এলাকায় প্রথা চালু আছে যে, विरय़त्र जारंगत्र त्रार्छ वत्र-करन উভয়কে निक्क निक्क वाफ़ीएं जाजवात रमुम याचार्त, क्षेत्रिवात युवजी स्मरविता भाजम क्यार्य अवर जायायाज गीज गाउँरव । अक्रम कार्य কি শরীয়ত সম্মত?

-आदीयुन इंजनाय নাজিরা বাজার णका ।

উত্তরঃ উল্লেখিত প্রথা সম্পূর্ণ শরীয়ত বিরোধী। এভাবে যুবতী মেয়েদের হলুদ মাখানো ও গোসল করানো সম্পূর্ণ নাজায়েয। রাসূল (ছাঃ) বলেন, 'একজন নারী অপর নারীর শরীর স্পর্শ করতে পারে না। কেননা সে তার স্বামীর কাছে ঐ শরীরের বিবরণ দিলে স্বামী অন্তরের দৃষ্টিতে দেখবে' অর্থাৎ স্বামীর মন ঐ মহিলার দিকে আকৃষ্ট হবে (মৃত্তাফাকু আলাই, মিশকাত হা/৩০৯৯)। তবে যারা মূহরামাতের অন্তর্ভুক্ত অর্থাৎ যাদেরকে বিবাহ করা সিদ্ধ নয় তারা হলুদ মাখাতে পারে। আর ছোট মেয়েরা বিবাহে গীত গাইতে পারে। আমের ইবনে সা'দ (রাঃ) বলেন, আমি কুরাযা ইবনে কা'ব এবং আবু মাসউদ আনছারীর সাথে এক বিবাহে গেলাম। দেখি কতন্ত্ৰলি ছোট ছোট মেয়ে গীত গাইছে। তখন আমি বললাম, আপনারা দু'জন রাসূল (ছাঃ)-এর সাথী এবং বদরী ছাহাবীদের অন্তর্ভুক্ত। অথট আপনাদের সামনে এরপ राष्ट्र। ठाँता पृ'क्षन वलालन, आभनात देव्हा द'ल छनून নইলে যান। রাসূল (ছাঃ) আমাদেরকে বিবাহের সময় এরপ আনন্দ করার অনুমতি দিয়েছেন (নাসাই ২/৭৭ পঃ)। রাসূল (ছাঃ)-এর সামনেও ছোট মেয়েরা গীত গাইত (রুখারী ২/৭৭৩ পঃ)। তবে যুবতী মেয়েরা গীত গাইতে পারবে না।

थम (৯/७२८) ध 'बाब्बार का' वा घत्रक वनत्वन, काबार्ड थर्तम कत्र। का वा चत्र वनरत, ना। छात्रभन्न वना इरव ইমামসহ জান্নাতে প্রবেশ কর। কা'বা বলবে, না, আমি भकन मृष्ट्रद्वीरक मार्थ निरम्न ष्ट्राज्ञारण याव'। এটি कि रामी ह? मन जिम निर्मार क्यी मर्छत वा भारत हरी ह शमीष्ट्र थाकरण मग्ना करत्र উल्लেখ कत्ररवन ।

> -ইলিয়াস মিক্সি মাষ্টার পাড়া, পিটিআই চাঁপাই নবাবগঞ্জ।

উত্তরঃ উল্লেখিত কথাগুলি হাদীছ নয়; বরং মনগড়া কথামাত্র। মসজিদ নির্মাণের ফ্যীলত সম্পর্কে রাসুল (ছাঃ) বলেন, 'যে ব্যক্তি আল্লাহ্র সন্তুষ্টির নিমিত্তে একটি মসজিদ নির্মাণ করবে, আল্লাহ তা'আলা জানাতে তার জন্য একটি ঘর নির্মাণ করবেন' (মৃত্তাফাকু আলাইহ, মিশকাত হা/৬৯৭ 'মসঞ্জিদ ও ছালাতের স্থান' অনুচ্ছেদ)।

প্রশ্ন (১০/৩২৫)ঃ 'যে ব্যক্তি যোহর ছালাতের আগে ও পরে চার রাক'আত করে মোট আট রাক'আত সুরাত हामाछ जामात्र कद्रत्व, जान्नार ठा जाना ठाउ छै भन्न काराबाय रावाय करत मिरवन"। এটि कि हरीर रामीह?

> -আবুল খালেক विनठाभर्षे. वश्रुषा ।

উত্তরঃ উল্লেখিত হাদীছটি ছহীহ। হাদীছটির মূল আরবী

مَنْ حَافَظَ عَلَى أَرْبُعِ رِكَعَاتٍ قَبِلً -इताव़ डरल्ड ाः पात्रनाष्टम श/७२७৯, जितिमियी الظُّهِرْ وأَرْبَعٍ بَعْدَهَا-श/८२१, २४; नामात्र ७/२७৫ पृः।

थन्न (১১/७२৬) इंज व्यक्तिक भागम कदाल निष्क्रक भागम कत्रा इत्वे कि?

> -নারগীস श्रुकोिंगा. फ्रियेनगुत्र **ठाँ পाই नवावशक्ष** ।

উত্তরঃ মৃত ব্যক্তিকে গোসল করিয়ে নিজে গোসল করা ভাল। আবু হুরায়রা (রাঃ) বলেন, নবী করীম (ছাঃ) वलाह्न, 'ख वाकि मेठ वाकिक लामन कताते स्म গোসল করবে এবং যে ব্যক্তি লাশ বহন করবে সে ওয় করবে' (ছহীহ আবুদাউদ, ইরওয়া হা/১৪৪)। তবে গোসল করা যর্মরী নয়। কেননা ছাহাবাদের অনেকেই গোসল করতেন আবার অনেকেই করতেন না (ইরওয়া ১/১৭৫)।

थम (১২/७२१) ४ ७ युविहीन कन्नय शामन कन्नल পবিত্ৰতা অৰ্জন হবে কি?

> -রুস্তম আলী উত্তর নওদাপাড়া সপুরা, রাজশাহী।

উত্তরঃ ওয়বিহীন ফরয গোসল করলে পবিত্রতা অর্জন হয়ে যাবে। কারণ গোসল হচ্ছে ফর্য আর ওয় হচ্ছে সুনাত। তাছাড়া গোসল পবিত্রতা অর্জনের বড় মাধ্যম। পক্ষান্তরে ওয় তদপেক্ষা ছোট মাধ্যম। ইবনুল আরাবী বলেন, 'ওয় क्रत्य গোসলের অধীনে হওয়ার ব্যাপারে ওলামায়ে কেরামের মধ্যে কোন দ্বিমত নেই। সুতরাং ফর্রয গোসলের সময় পবিত্রতা অর্জনের নিয়ত করলেই ওয়ুর পবিত্রতা পূর্ণ হয়ে যাবে' (ফিকুহুস সুন্নাহ ১/৬৫, মির'আতুল মাফাতীহ ১/১৪২)। এক্ষেত্রে ছালাতের জন্য পৃথক ওয়ৃ করতে হবে। তবে ওয়ৃ করে গোসল করাই সুনাত।

প্রম (১৩/৩২৮)ঃ সূরা আনফালের ২নং আয়াতের म्परारम जानुहित छैं भन्न छन्न निवास कथा वना स्टाइत्ह । আল্লাহ্র উপর ভরসা বলতে कि বুঝায়? ব্যাখ্যাসহ क्षानित्य वाथिष्ठ कत्रत्वन।

> -এহসানুল্লাহ সন্ন্যাসবাড়ী, বান্দাইঘাড়া নওগাঁ।

উত্তরঃ আল্লাহ তা'আলার উপর ভরসা করার অর্থ প্রত্যেক বান্দার একথা পুরোপুরি অবগত হওয়া যে, সমস্ত কাজ আল্লাহ্র জন্য নিবেদিত। যে কাজ করলে তিনি সম্ভুষ্ট হবেন তা সম্পাদন করা। আর যে কাজ করলে তিনি অসম্ভুষ্ট হন তা থেকে বিরত থাকা। তিনিই (আল্লাহ) হচ্ছেন উপকার ও অপকার উভয়ের অধিকারী এবং তিনি সকল বিষয়ে

ক্ষমতাবান।

রাসূলুল্লাহ (ছাঃ) তাঁর চাচাতো ভাই আন্দুল্লাহ বিন আব্বাস إذا سنائت فسنال الله و إذا استعنت (ताह)- क वर्णन, जूभि यथन किছू চाইবে তथन आल्लाइत فَاسْتَعَنَّ بِاللَّهِ-নিকটেই চাইবে। আর যখন তুমি সাহায্য চাইবে তখনও আল্লাহ্র নিকটই চাইবে' *(মুসনাদে আহমাদ ১/২৯৩ পৃঃ)*। আল্লাহ্র উপর ভরসা করা ঈমানের শর্তসমূহের অন্তর্ভুক্ত (आयुत त्रश्मान विन शामान आला भारत्रथ, क्रुतताजू উत्गृनिन মুওয়াহ্হিদীন পৃঃ ২০৫)।

সুতরাং যাবতীয় কাজে একমাত্র আল্লাহ্র উপর ভরসা করতে হবে। কোন পীর-ফকীর, তাবীয-কবয, তন্ত্র-মন্ত্র ইত্যাদির উপর ভরসা করা যাবে না।

প্রশ্ন (১৪/৩২৯)ঃ সং বোনের মেয়েকে বিবাহ করা যায় **कि**?

> -জসীমুদ্ধীন *पाउँपकान्मि, कुर्মिल्ला ।*

উত্তরঃ যেসব মেয়েদেরকে বিবাহ করা হারাম, সৎ বোনের মেয়ে তাদের অন্তর্ভুক্ত। আল্লাহ তা'আলা বলেন, 'তোমাদের বোনের মেয়ে অর্থাৎ বৈমাত্রের ও বৈপিত্রেয় বোনের মেয়েকে বিবাহ করা তোমাদের উপর হারাম করা হয়েছে' (নেসা-২৩)।

প্রশ্ন (১৫/৩৩০)ঃ ফজরের দু'রাক'আত সুরাত ছালাতের পর ডান কাঁধে শোয়া कि জায়েয?

> -ইঞ্জিনিয়ার আবদুল্লাহ আল-মামূন থামঃ দড়িসয়া, পোঃ ঝাওয়াইল यिलाः होश्भाइन ।

উত্তরঃ ফজরের ফরয ছালাতের পূর্বে দু'রাক'আত সুন্নাত আদায় করে ডান কাঁধে শয়ন করা রাসূল (ছাঃ)-এর সুন্নতি। তাহাজ্জুদগুযার ও সাধারণ মুছল্লী উভয়ের জন্য এ হুকুম প্রযোজ্য (বিয়াযুছ ছালেহীন পৃঃ ৪৫১, অধ্যায় ১৯৮)।

আয়েশা (রাঃ) থেকে বর্ণিত, তিনি বলেন, রাসূল (ছাঃ) যখন ফজরের দু'রাক'আত সুনাত ছালাত আদায় করতেন, তখন স্বীয় ডান কাঁধে শয়ন করতেন (বৃখারী, ৩/৩৫ পৃঃ; রিয়ায *হা/১১১)*। রাসূল (ছাঃ) আরো বলেন, 'যখন তোমাদের কেউ ফজরের দু'রাক'আত সুনাত ছালাত আদায় করবে, সে যেন ডান কাঁধে শয়ন করে' (আবুদাউদ হা/১২৬১; তিরমিযী शं/४२०, मनम इशेश)।

প্রশ্ন (১৬/৩৩১)ঃ 'ছালাতুর রাসূল (ছাঃ)' বইয়ের ৬৩ পৃষ্ঠায় বলা হয়েছে, ইমাম-মুক্তাদী সকলেই 'সামি'আল্লান্থ শিমান হামিদাহ' বলবে। পক্ষান্তরে 'षाইनी छूरका ও সাमाতে মোন্তका' वर्टेराव २/৫১ পৃষ্ঠায় বলা হয়েছে, ইমাম 'সামি'আল্লাছ লিমান र्राभिमार' এবং মুक्रामीता 'तास्वाना माकाम राम्म'

বলবে। সঠিক উত্তর জানতে চাই।

-আফযাল হোসাইন कानमाउँ वङ्ग वाष्ट्री, भिवशक्ष চাঁপাই নবাবগঞ্জ।

উত্তরঃ ইমাম 'সামি'আল্লাহু লিমান হামিদাহ' বলবেন এবং মুক্তাদীরা 'আল্লা-হুম্মা রব্বানা লাকাল হাম্দ' বলবে এর প্রমাণে একাধিক ছহীহ হাদীছ বর্ণিত হয়েছে *(বুখারী, মুসলিম*, *মিশকাত श/৮৭8)*। তবে ইমাম-মুক্তাদী সকলেই 'সামি'আল্লা-হু লিমান হামিদাহ' ও 'আল্লা-হুমা রব্বানা লাকাল হামদ^{ু বলতে} পারে। রাসূল (ছাঃ) বলেন, 'তোমরা ছালাত আদায় কর যেভাবে আমাকৈ ছালাত আদায় করতে দেখছ' *(বুখারী, মুসলিম, মিশকাত হা/৬৮৩)*। অন্য বর্ণনায় এসেছে, ইমাম নির্ধারণ করা হয় তাকে অনুসরণ করার উদ্দেশ্যে *(বুখারী, মুসলিম, মিশকাত হা/১১৩৯)*। অত্র হাদীছদ্বয় প্রমাণ করে যে, ইমাম-মুক্তাদী সকলেই 'সামি'আল্লাহু লিমান হামিদাহ' বলতে পারে (বিস্তারিত দেখুন, মির'আত ৩/১৮৯, 'রূকু' অনুচ্ছেদ)।

প্রশ্ন (১৭/৩৩২)ঃ আমরা শবে কুদরের রাতে 'ছালাতুত **ं जानीर' जानाग्न कित्र। मेत्रीग्नट्य मृष्टिट** व हामाउ পড়া যাবে কি?

> -আব্দুল জাববার ঝাপাঘাট, কলারোয়া সাতক্ষীরা।

উত্তরঃ রামাযান কিংবা রামাযানের বাইরে যে কোন সময় 'ছালাতুত তাসবীহ' না পড়াই ভাল। কারণ এ সম্পর্কে কোন ছহীহ হাদীছ বর্ণিত হয়নি। বরং এ সম্পর্কিত ইবনু আব্বাস বর্ণিত হাদীছকে কেউ 'মুরসাল' কেউ 'মওকৃফ' কেউ 'যঈফ' কেউ 'মওয়ু' বা জাল বলেছেন। যদিও শায়খ আলবানী (রহঃ) উক্ত হাদীছের যঈফ সূত্রগুলি পরপ্পরকে শক্তিশালী মনে করে স্বীয় ছহীহ আবুদাউদ (হা/১১৫২) থন্থে সংকলন করেছেন এবং ইবনু হাজার আসকালানী 'হাসান' ন্তরে উন্নীত বলেছেন। তবুও এরূপ বিতর্কিত, সন্দেহযুক্ত ও দুর্বল ভিত্তির উপরে কোন ইবাদত বিশেষ করে ছালাত প্রতিষ্ঠা করা যায় না দ্রেঃ ইবনু হাজার আসকালানীর विखातिण जात्माहना; जानवानी, श्रिमकाण शतिमिष्ठ, ७नः शामीइ. ७/১ ११৯-৮२ नृः; जार्नाউन, ইरान् प्राकार, भिगकाण रा/১७२৮-এর হাশিয়া; বায়হাক্বী ৩/৫২; আবুক্লাহ ইবনু আহমাদ, মাসায়েলু ইমাম षाष्ट्रमाम, माञ्राष्ट्रांना नः ४५७, २/२५৫ शृः)।

প্রশ্ন (১৮/৩৩৩)ঃ ইমামের পিছনে সূরা ফাতিহা পড়ার পদ্ধতি কি? বিস্তারিত জানিয়ে বাধিত করবেন।

> -যিয়াউল হকু वर्ष्ण (अनानिवाञ বগুড়া।

উত্রঃ আবু হুরায়রা (রাঃ)-কে ইমামের পিছনে সূরা ফাতিহা পাঠের পদ্ধতি সম্পর্কে জিজ্ঞেস করা হ'লে তিনি বলেন, চুপে চুপে পড়তে হবে (মুসলিম, মিশকাত হা/৮২৩)। সূতরাং মুক্তাদীদেরকে ইমামের পিছনে সরা ফাতিহা চুপে চুপে এবং ইমামের প্রতি আয়াত পড়ার পরে পরে পড়তে হবে।

্ম (১৯/৩৩৪)ঃ 'বালাগাল উলা বিকামাণিহী, काणाकात्माका विज्ञायानिही, हाजूनाङ कामीड विद्यागिही, हान्न 'जानादेरि अग्रा जानिरी' े कि नाकि जानादभाक শেখ ফরীদুদ্দীন-এর শানে নাথিল করেছেন? কুরুআন ও ष्ट्रीट टापीएक वार्णात्क विषद्धित त्रजाने स्नानरन ठाँरै।

> -আকরাম গ্রামঃ ও পোঃ নন্দপুর भूठिया. ताजभाशे ।

উত্তরঃ প্রশ্নে উল্লেখিত বাক্যগুলি কুরআন ও হাদীছের কোথাও নেই। পারস্য কবি শেখ সা'দী হাদীছে বর্ণিত দন্ধদ অত্যাখ্যান করে নবী করীম (ছাঃ)-এর উপর পাঠ করার জন্য এ বিদ'আতী দর্মদটি রচনা করেন। এ দর্মদ যেমন ভিত্তিহীন তেমনি শেখ ফরীদুদ্দীন-এর শানে নাযিল হওয়ার ন্যাপারটিও সম্পূর্ণ ভিত্তিহীন। সুতরাং এ দর্মদ পাঠ করা এবং এরূপ দাবী পরিত্যাগ করা একান্ত যরূরী।

थम (२०/७७*६)* हामार्ख वा हामार्ख्य वाहेरत कृत्रजान মজীদের যে কোন সূরার মধ্য থেকে তেলাওয়াত করলে 'वित्रभिद्याः दिव ब्रह्मा-निव ब्रह्मेम' शृंहरू इत्व कि? এছাড়া সূরা তওবার ব্যাপারটি বিস্তারিত জানিয়ে বাধিত করবেন।

> -মাহবুবুর রহমান সরকারী কলেজ বগুড়া /

উত্তরঃ যেকোন সময়ে সূরার মধ্য থেকে তেলাওয়াত শুরু করলে 'বিসমিল্লা-হির রহমা-নির রহীম' পড়তে হবে না। কেননা এটি একটি আয়াত। দুই সূরার মধ্যে পার্থক্য করার জন্য স্রার শুরুতে এটি পড়া সুনাত। উম্মে সালমা (রাঃ) বলেন, নবী করীম (ছাঃ) 'বিসমিল্লা-হির রহমা-নির রহীম' পড়লেন এবং একটি আয়াত হিসাবে গণ্য করলেন (आবুদাউদ, ইরওয়া হা/৩৪৩)। ইবনু আব্বাস (রাঃ) বলেন, নবী করীম (ছাঃ) 'বিসমিল্লা-হির রহমা-নির রহীম' অবতীর্ণ না হওয়া পর্যন্ত সূরার পার্থক্য বুঝতে পারেননি (ছহীহ আবুদাউদ হা/৭৮৮)। হাদীছের আলোকে সুরা তওবার শুরুতে 'বিসমিল্লা-হির রহমানির রহীম' না থাকার কয়েকটি কারণ পরিলক্ষিত হয়। যথা- (১) নবী করীম (ছাঃ) অহি লেখকদেরকে লিখতে বলেননি। (২) আরবীয়রা চিরাচরিত নিয়ম অনুযায়ী ওয়াদা ভঙ্গকারীর নিকটে চিঠি-পত্র লিখলে বিসমিল্লা-হির রহমা-নির রহীম লিখতেন না। এ সূরাটি ওয়াদা ভঙ্গকারীদের ব্যাপারে নাযিল হয় বিধায় লেখা হয়নি। (৩) সূরাটি পূর্ব সূরা আনফালের অংশবিশেষ, কাজেই লেখা হয়নি (বিস্তারিত দেখুনঃ ফাতহুল ক্বাদীর, ২য় খণ্ড,

সূরা তওবাহ-এর আলোচনা)।

প্রবাশ থাকে যে, কুরআনের যেকোন স্থান থেকে পড়া শুরু করলে আউযুবিল্লাহ... পড়া যর্মনী (নাহল ১৮)।

थम (२১/७७५)8 मृष्ठ वाक्ति शुक्रम र्वांक पित्न **এ**वर मरिना र'रन ब्राएं माक्न क्वरं इय. अक्रभ विधान रॅममार्य जाष्ट्र कि? ज्ञानिस वाधिक कर्त्रदन।

> মাহবৃবুর রহ্যান সরকারী আযীয়ল হক কলেজ

উত্তরঃ মৃত ব্যক্তি পুরুষ হৌক আর নারী হৌক রাতে বা पितन पांकन कता यांग्र। नवी कतीम (ছाঃ) नाती-পुरुत्यत পার্থক্য না করে সকলকেই তিনটি নির্দিষ্ট সময়ে দাফন করতে নিষেধ করেছেন। সূর্যোদয়ের সময়, সূর্যান্তের সময় এবং ঠিক দুপুরে (মুসলিম, মিশকাত হা/১০৪০)। হ্যরত আবুবকর ছিদ্দীক (রাঃ)-কে রাতে দাফন করা হয়েছিল (বৃখারী ১/১৭৯ পঃ)। সূতরাং সুবিধামত যেকোন সময়ে (নিষিদ্ধ সময় ব্যতীত) দাফন করা যায়। তবে রাতে কোন অসুবিধা থাকলে সকাল পর্যন্ত অপেক্ষা করা যায়।

वक थेमान कंत्रम जात्र भारथ वा जात्र स्यस्य किश्वा याणात्र সार्थ विवार वक्तत्व व्यावक रुख्या कारयय रूटव **कि**?

> -আব্দুল হামীদ বায়সা (নূরপুর). কেশবপুর यदनात ।

মুহাম্মাদ সাখাওয়াত হোসাইন নন্দলালপুর, কুমারখালী

উত্তরঃ প্রশ্নে উল্লেখিত কারণে বিবাহ হারাম হবে না। বরং জায়েয হবে। কেননা রক্ত সম্পর্ক ব্যতীত বিবাহ হারাম হওয়ার একমাত্র কারণ হচ্ছে জন্ম থেকে দু'বছর বয়স পর্যন্ত দুধ পান করা। দু'বছর বয়সের মধ্যে দুধ পান করলে বিবাহ হারাম *হবে (লোকুমান ১৪)*। অতএব মুহরামাত নয় এমন কোন নারীকে রক্ত প্রদান করলেও বিবাহ জায়েয হবে।

প্রন্ন (২৩/৩৩৮)ঃ কোন কোন নামায শিক্ষা বইয়ে যেহরী हानाटि विजिशिहार नीव्रत १५८७ इत्व. जावाव त्कान कान वरेरा नीतरव वा अत्रस एडग्ररे भड़ा याग्र वरन উল্লেখ कर्ता रख़रह। সঠिक সমাধান জানিয়ে বাধিত করবেন।

> -আব্দুল লতীফ ताजপुत, कलाताया সাতক্ষীরা /

क्रीक कार कारोक २९ वर्ष ५०व मचा, प्राप्तिक काक वासरीक इस वर्ष ५०व मच्या, मानिक बाक मासीक अर्थ वर्ष ५०व मचा, मानिक व्यव कारोंक इस वर्ष ५०व मचा, मानिक व्यव मासीक देव वर्ष ५०व मचा, উত্তরঃ সর্বাবস্থায় ছালাতে 'বিসমিল্লা-হির রহমানির রহীম' नीतरत পড়তে হবে। আনাস (ताः) বলেন, নবী করীম (ছাঃ), আবুবরক ছিন্দীকু (রাঃ) এবং ওমর (রাঃ) 'আল-হামদুলিল্লা-হি রকিল আ-লামীন' দারা ছালাত শুরু করতেন অর্থাৎ বিসমিল্লাহ... চুপে চুপে পড়তেন (মুরাফার্ আলাইং, বৃল্ভদ মারাম হা/২৭৭ 'ছালাতের নিয়ম' অনুজেদ)। মুসলিম শারীফের এক বর্ণনায় এসেছে, তাঁরা কেউই ক্রিরাআতের শুরু বা শেষে বিসমিল্লাহ... সরবে পড়তেন না। আবুদাউদ ও নাসাঈতেও এরূপ বর্ণনা রয়েছে। ছহীহ ইবনু খুযায়মার এক বর্ণনায় আছে. তাঁরা সকলেই বিস্মিল্লাহ... চুপৈ চুপে পড়তেন (বিস্তারিত দেখুনঃ ছালাতুর রাসূল (ছাঃ) পৃঃ ৪৯-৫০)। প্রকাশ থাকে যে, সরবে বিসমিল্লাহ... পডার হাদীছ যঈফ ও জাল (মুখতাছার ফাতাওয়া ইবনে তাইমিয়াহ, পৃঃ ৪৬)।

প্রশ্ন (২৪/৩৩৯)ঃ জনৈকা মেয়ে স্বীয় পসন্দ করা ছেলেকে विवार कत्रएं ठाउँमा स्परान या स्परान वावारक ना जानिया निष्क ष्रिकारक रुख स्मेर हर्षा जारे মেয়ের বিয়ে দিয়ে দেন। এ বিয়েতে বাবা এখনো সম্ভুষ্ট नन । अक्ररंभ अ विदय्न कि विश्व इद्यादः हरीर ममीलात व्यालाटक উत्तर्ज मिरम वाधिक कन्नर्वन।

> -আবদুস সুবহান বিরামপুর বাজার দিনাজপুর।

উত্তরঃ মেয়ের অভিভাবক বা ওয়ালী হচ্ছে তার পিতা। পিতার অবর্তমানে স্বীয় বংশীয় নিকটতম পুরুষ উত্তরাধিকারীগণ(আউনুল মা'বৃদ (বৈরুতঃ দারুল কুতৃব আল-ইলমিইয়াহ ১৯৯৯) ৩য় খণ্ড, ৬৳ জুয, পঃ৬৯) এবং তাদের অবর্তমানে সমাজের নেতৃস্থানীয় ব্যক্তিগণ (আহমাদ, তিরমিয়ী, আবুদাউদ, ইবনু মাজাহ, দারেমী, মিশকাত হা/৩১৩১)। প্রশ্নে উল্লেখিত বিয়েটি ওয়ালীকে বাদ দিয়ে দেওয়া হয়েছে। সুতরাং এ বিয়ে হয়নি। রাসূল (ছাঃ) বলেন, 'ওয়ালী ব্যতীত বিবাহ সিদ্ধ হয় না' (আহমাদ, আবুদাউদ, তিরমিযী, ইবনু याखार, मात्त्रयी, हरीष्ट्रन खात्य श/१৫৫৫; यिमकाज श/७১७०)। - (কোন মহিলা অপর কোন وَلَاتُزُوِّجُ الْمَرْأَةُ نَفْسَهَا (কোন মহিলার বিয়ে দিবে না এবং কোন মহিলা (ওয়ালী ব্যতীত) নিজেকেও বিবাহ বন্ধনে আবদ্ধ করবে না' *(ইবনু মাজাহ*, यिमकाज श/७১७१, शमीह हरीर। -पुः हरीहम कार्य श/१२৯৮: ইরওয়াউল গালীল হা/৮৪১)।

थम (२५/७८०) १ रयत्र जामात्रमान (चा १)- এর স্ত্রী ও मात्री त्रश्या कछ हिन? छत्निक वका वनलन, जांद्र ही छ मानी *(याँ*ট ১००० छन हिम। मर्ठिक मश्र्या छानिएः বাধিত করবেন।

> -হারেছ गावजनी, वक्ष्मा ।

উত্তরঃ হযরত সোলায়মান (আঃ)-এর স্ত্রী ও দাসী সংখ্যা নিয়ে একাধিক বর্ণনা পাওয়া যায়। ছহীহ বুখারীর বর্ণনা মতে তাঁর স্ত্রী ছিল ৭০ জন (বখারী হা/৩৪২৪)। অন্য বর্ণনায় রয়েছে তাঁর স্ত্রী সংখ্যা ছিল ৯৯ জন (বৃখারী হা/২৮১৯)। অন্য বর্ণনা মতে ৯০ জন (ফাণ্ছল বারী ৯/৪২৪ পঃ 'রাতে দ্রীদের নিকট যাওয়া' অনুদেছদ)। অপর বর্ণনা মতে ৬০ জন (আহমাদ, ফাংকুল বারী ৬/৫৬৯ পঃ 'দাউদের জন্য তার ছেলে সোলায়মানকে দান করা হয়েছে' অনুচ্ছেদ) । ইাহেন্য ইবনু হাজার আসকালানী উপরোক্ত পরম্পর বিরোধী বর্ণনাগুলির সমাধানকল্পে বলেন, 'তাঁর স্ত্রী ছিল ৬০ জন। আর বাকী সকলে দাসী ছিল' (ফাৎহল বারী ৬/৫৭০ পৃঃ)। মুস্তাদরাকে হাকেম-এর এক বর্ণনায় পাওয়া যায়. সোলায়মান (আঃ)-এর স্ত্রী ছিল ৩০০ জন আর দাসী ছিল ৭০০ জন' (ফাৎছল বারী ৬/৫৭০ পঃ)। অর্থাৎ সর্বমোট ১০০০ (এক হাযার) জন।

প্রন্ন (২৬/৩৪১)ঃ আমাদের এলাকার জনৈক ব্যক্তি তার এक ছেলেকে অধিকাংশ সম্পত্তি मिर्च मिरग्रहः। अथरु তার পাঁচটি মেয়ে ও একজন ত্রী রয়েছে। এরপভাবে সম্পত্তি দেওয়া শরীয়তে কতটুকু বৈধ?

> -হুসেন আলী গোছা, মোহনপুর রাজশাহী।

উত্তরঃ সম্পত্তির অন্যান্য অংশীদার থাকা অবস্থায় একজনের নামে এভাবে সম্পত্তি দেওয়া জায়েয নয়। এ বিষয়ে কঠোর হুঁশিয়ারী উচ্চারিত হয়েছে। নু'মান ইবনে বাশীর (রাঃ) বলেন, আমার পিতা আমাকে একটি গোলাম দান করেন। তখন আমার মা বলেন, এ ব্যাপারে রাসূল (ছাঃ)-কে সাক্ষী না রাখা পর্যন্ত আমি রায়ী নই। অতঃপর তার পিতা রাসূল (ছাঃ)-এর নিকটে গিয়ে বললেন, আমার এ ছেলেকে আমি একটি গোলাম দান করেছি। কিন্তু তার মা আপনাকে এতে সাক্ষী রাখার জন্য বলেছে। রাসূলুল্লাহ (ছাঃ) বললেন, 'তুমি কি তোমার সকল ছেলেকে এরপভাবে দিয়েছঃ সে উত্তরে বলল, না। তখন রাসূল (ছাঃ) বললেন, আল্লাহ্কে ভয় কর, তোমার ছেলেদের মাঝে ইনছাফ কর। আমি অন্যায় কাজের সাক্ষী থাকি না' (বুখারী, মুসলিম, মিশকাত হা/৩০১৯)।

প্রশ্ন (২৭/৩৪২)ঃ আমাদের এলাকায় সূরা ফাভিহার मिर्स फेरेंक इश्वरंत जिनवात 'आगीन' वना देश। এভাবে षामीन दमा हरीर रामीह दाता क्षमानिङ कि-ना क्रानिएम বাধিত করবেন ፣

> -মাহবুরুর রহমান রামচন্দ্রপুর, গাইবান্ধা।

উত্তরঃ ছালাতে তিনবার 'আমীন' বলার পক্ষে কোন ছহীহ হাদীছ আমাদের দৃষ্টিগোচর হয়নি। তবে একবার উল্চৈঃস্বরে আমীন বলার পক্ষে একাধিক ছহীহ হাদীছ বর্ণিত হয়েছে (বুখারী ১/১০৭ পৃঃ; আবুদাউদ হা/৯৩২; নাসাঈ হা/৯২৪; ইবনু মাজাহ হা/৮৬২; ইরওয়া হা/৩৪৪)।

প্রশ্ন (২৮/৩৪৩)ঃ ঘোড়ার যাকাত দিতে হবে কি? দিতে হ'লে কি পরিমাণ যাকাত দিতে হবে?

> -আবুদাউদ শ্রীপুর, রামনগর বাগরামা, রাজশাহী।

উত্তরঃ খোড়ার কোন যাকাত নেই। সুতরাং পরিমাণও নেই। আবু হুরায়রাহ (রাঃ) বলেন, রাসূল (ছাঃ) এরশাদ করেন, 'মুসলমানদের উপর তাদের গোলাম ও ঘোড়ার যাকাত নেই' (নাসাঈ হা/২৪৬৬, 'ঘোড়ার যাকাত নেই' অনুচ্ছেদ; সিলসিলা ছহীহা হা/২১৮৯; বুখারী, মুসলিম, মিশকাত হা/১৭৯০)।

উল্লেখ্য যে, প্রত্যেক ঘোড়ার ১ দীনার অথবা ২০ দিরহাম যাকাত দিতে হবে বলে যে হাদীছ রয়েছে তা যঈফ নোয়ল ৪/১৩৭ পৃঃ 'গোলাম, ঘোড়া ও গাধার যাকাত নেই' অনুচ্ছেদ)।

প্রশ্ন (২৯/৩৪৪)ঃ যেকোন ভাবে বীর্যপাত হ'লেই কি शामन कत्रय रति? हरीर मनीन मर जानात्न उपकृष्ठ इव।

> -নাম প্রকাশে অনিচ্ছুক कुष्टिया ।

উত্তরঃ যেকোন ভাবে বা যেকোন কারণে বীর্যপাত হ'লেই গোসল ফর্য হবে। মা আয়েশা (রাঃ) বলেন, এক ব্যক্তির পক্ষ থেকে রাসুল (ছাঃ)-কে জিজ্ঞেস করা হয়েছিল যে. কেউ ঘুম থেকে উঠে তার কাপড় ভিজা দেখতে পেল, কিন্তু স্বপ্লের কথা স্মরণ নেই, তার উপর কি গোসল ফর্য হরে? উত্তরে রাসূল (ছাঃ) বললেন, 'তাকে গোসল করতে হবে' (আবুদাউদ হা/২৩৬, মিশকাত হা/৪৪১)।

थम (७०/७८৫)ः জনৈক जालम महिलात जानाया পড়ানোর সময় জ্বানাযার দো'আটি পরিবর্তন করে थु७ा८व १७.८न । वज्ज वें اللّهُمُّ اغْفَرْ لَهَا وَارْحَمْهَا পরিবর্তন করে পড়া কি জায়েয?

> -মুহাম্মাদ মনীরুযযামান ইসলামকাতি থানাতলা, সাতক্ষীরা।

উত্তরঃ রাসূলুল্লাহ (ছাঃ) হ'তে বর্ণিত দো'আ সমূহ পরিবর্তন পরিবর্ধন করে পড়া যাবে না। তাছাড়া দো'আর প্রথমে 'মাইয়েত' শব্দটি উল্লেখ আছে যা স্ত্রীলিঙ্গ ও পুরুষলিক উভয়ের জন্য ব্যবহৃত হয়। সুতরাং লিক পরিবর্তন করে পড়ার কোন প্রশ্নুই আসে না' (আওন্ল মাবুদ হা/৩১৮৪-এর ভাষা ৮/৪৯৬ পৃঃ; নারল ৫/৭২ ও ৭৪ পৃঃ; ছালাভুর রাস্ল ১১৮ পৃঃ)।

প্রন্ন (৩১/৩৪৬)ঃ জুম 'আর দিন খুৎবার সময় যারা ঘুমের কারণে খুৎবা ওনতে পারে না তাদের কি পাপ হবে?

> -মেহরাব হোসাইন গ্রামঃ আখিলা, পোঃ উজিরপুর **ठाँभा**ই नवांवगक्ष ।

উত্তরঃ জুম'আর দিন খুৎবা তরু থেকে ছালাত শেষ হওয়া পর্যন্ত এই সময়টুকু দো আ কবুলের সর্বোত্তম সময়। যারা খুৎবার সময়ে তন্দ্রায় ঢুলে, তারা ঐ সময়ের ফযীলত হ'তে বঞ্চিত হয়। এ সময় যেন কেউ না ঘুমায় সেজন্য রাসূল (ছাঃ) উত্তম ব্যবস্থা করেছেন। তিনি বলেন, 'তোমাদের মধ্যে যারা জুম'আর দিন ঘুমে ঢুলতে থাকে তারা যেন স্থান পরিবর্তন করে বসে' (তিরমিষী, মিশকাত হা/১৩৯৪: ছালাতুর রাসূল পৃঃ ১১০)। উক্ত ব্যবস্থা অবলম্বন করার পরও যদি তন্ত্রা আসে তবে পাপ হবে না।

थन्न (७२/७८२)**ः थाछ रयका भागी जात मूमा**ভाইয়ের সাথে দেখা করতে পারে कि? পবিত্র কুরআন ও ছহীহ হাদীছের আলোকে উত্তরদানে বাধিত করবেন।

> -নাছরীন সুলতানা বাটরা, সাতক্ষীরা।

উত্তরঃ যে কোন যুবতী মেয়ে মুহরিম ছাড়া অন্য কারু সাথে দেখা করতে পারে না। আর দুলাভাই মুহরিমের অন্তর্ভুক্ত নয়। সুতরাং তার সাথেও দেখা করতে পারবে না। তবে পর্দাসহ একান্ত প্রয়োজনীয় কথা বলতে পারে।

আয়েশা (রাঃ) হ'তে বর্ণিত, তিনি বলেন, একদিন আসমা বিনতে আবুবকর (আয়েশা (রাঃ)-এর বড় বোন) পাতলা কাপড় পরিহিত অবস্থায় রাসূল (ছাঃ)-এর কাছে আসলে তাকে দেখে নবী করীম (ছাঃ) মুখ ফিরিয়ে নেন এবং বলেন, হে আসমা! মেয়েরা যখন যুবতী হয়ে যায় তখন এই অংশ ছাড়া অন্য কোন অংশ প্রদর্শন করা ঠিক নয়। এ সময়ে তিনি মুখমণ্ডল ও হস্তদ্বয়ের দিকে ইশারা করলেন' (আবুদাউদ, মিশকাত হা/৪৩৭২)। সুতরাং পর্দা ছাড়া দুলাভাইয়ের সাথে দেখা করা ঠিক নয়।

প্রশ্ন (৩৩/৩৪৮)ঃ রাসূল (ছাঃ) বলেছেন, 'কুয়ামত হবে ना यण्कन भर्यस উचाए भूशचामी भूगतिकरमत वासर्वक ও मूर्जि भुकात्री ना रत्य'। এ हामीहिं कि हरीद? यमि ष्टरीट दम्न जार'ल मूजनमान कि करत भूगतिक ও मुर्जि পূজারী হবে? বিস্তারিত জানিয়ে বাধিত করবেন।

> -আবু হেনা ও মোশাররফ **शैं।**ठिपाना, नद्रिनश्मी।

উত্তরঃ উক্ত হাদীছটি ছহীহ *(আবুদাউদ, আলবানী, মিশকাত* হা/৫৪০৬ 'ফিতান' অধ্যায়)। এমনকি উক্ত লম্বা হাদীছের শেষ অংশটুকু মুসলিম শরীফে বর্ণিত হয়েছে (দ্রঃ উক্ত হাদীছের ৪নং *টীকা)*। একটু গভীরভাবে চিন্তা-ভাবনা করলে আমরা কিভাবে মূর্তিপূজারী হয়ে যাচ্ছি তা পরিষ্কার হয়ে যাবে। যেমন- নেককার ব্যক্তির কবরে গিয়ে তাকে সিজদা করা, সেখানে বসে প্রার্থনা করা, তার অসীলায় মৃক্তি চাওয়া, সেখানে ন্যর-নিয়ায় পেশ করা, ভক্তিভাজন, পীর বা নেতা-নেত্রীর ছবিতে ফুলের মালা দেওয়া, চিত্রের পাদদেশে শ্রদ্ধাঞ্জলি নিবেদন করা, নীরবে দাঁড়িয়ে শ্রদ্ধা নিবেদন করা. ভার্কর্যের নামে শিক্ষাঙ্গন ও রাস্তার মোড়ে মূর্তি বানিয়ে তার প্রতি সম্মান দেখানো, শিখা অনির্বাণ ও শিখা চিরন্তন

বানিয়ে সেখানে নীরবে সন্মান প্রদর্শন করা, শহীদ মিনার ও স্থৃতিসৌধে শ্রদ্ধাঞ্জলি নিবেদন করা ইত্যাদি শিরক ও মূর্তি পূজার শামিল। এভাবে ক্রমেই মুসলমানরা মুশরিক ও মূর্তিপূজারী হয়ে যাচ্ছে।

প্রশ্ন (৩৪/৩৪৯)ঃ আল্লাহ তা'আলা পুরুষ ও নারীকে পরষ্পরের প্রতি আকর্ষণীয় করে সষ্টি করেছেন। অথচ বোরকা পুরশে তো সে আকর্ষণ থাকে না। এর সঠিক সমাধীন कि?

> -ছাদেকুল ইসলাম *पिक्व श्विमश्त्र, ठडेंग्राम ।*

উত্তরঃ প্রশ্নে উল্লেখিত ধারণা সম্পূর্ণ ভিত্তিহীন। বরং পর্দা অবস্থায় চলাফের। করলে আকর্ষণ বৃদ্ধি পায়। আল্লাহপাক পুরুষ ও নারীকে পরষ্পরের প্রতি আকর্ষণীয় করে সৃষ্টি করেছেন একটি বিশেষ কল্যাণের লক্ষ্যে। এই আকর্ষণকে নিয়ন্ত্রণহীন করলে বাঁধভাঙ্গা বন্যার মত তা সমাজকে অধঃপতনের অতল তলে ডুবিয়ে দিবে। ইতিপূর্বেকার যত সভ্যতা ধ্বংস হয়েছে, তার প্রায় সবগুলিরই কারণ ছিল বল্পাহীন নারী স্বাধীনতা। তাই ইসলাম নারীকে পর্দায় থাকার নির্দেশ দিয়েছে। চলার সময় সে সর্বদা দৃষ্টি অবন্ত করে চলবে। সারা দেহ কাপড়ে আবৃত করে বুকৈর উপর পৃথক চাদর দিয়ে রাখবে *(নূর ৫৯)*। পর-পুরুষের সাথে প্রয়োজনে কথা বলতে হ'লে তাকে তার কণ্ঠস্বরে রুক্ষতা বজায় রাখতে বলা হয়েছে। যাতে তার মিষ্ট কণ্ঠ অন্যের হৃদয়কে দুর্বল না করে ফেলে (আহ্যাব ৩২)। পাতলা কাপড়ে ও অর্ধনগ্র হয়ে আকর্ষণীয় ভঙ্গিতে চলা মেয়েকে জাহান্লামী বলে নির্দেশ করা হয়েছে (মুসলিম হা/২১২৮ 'লোবাক ও সৌন্দর্য' অধ্যায়)।

थम (७৫/७৫०) ध 'बार्टलशमी ह बाटमानन वालाटमम' व नात्मत्र मर्था मःशात्मत्र निर्दाण शास्त्रा यात्वर । मःशाम कर्ता मन्नार्क कि काम हरीर रामीह चारह? एथू कि मां धराण मिर्मेर्ड कर्जना स्मिश नाकि मार्थ मार्थ সংগ্রামও অপরিহার্য?

-মুজীবুর রহমান থামঃ নিমতলা গোমন্তাপুর, চাঁপা নবাবগঞ্জ।

উত্তরঃ ধীন ইসলাম ততদিন কায়েম থাকবে যতদিন তার উপর একদল মুসলমান আন্দোলন বা সংগ্রাম করবে। হ্যরত জাবির বিন সামুরা (রাঃ) হ'তে বর্ণিত, রাসূল (ছাঃ) এরশাদ করেন, 'এই দ্বীন ক্রিয়ামত পর্যন্ত সর্বদা কায়েম থাকবে, যতদিন তার উপর একদল মুসলমান সংগ্রাম করবে' (মুসলিম, মিশকাত হা/৩৮০১ 'জিহাদ' অধ্যায়)। রাসূল (ছাঃ) আরো বলেন, 'আমার উন্মতের মধ্যে কিয়ামত পর্যন্ত সর্বদা একটি দল লোক হত্ত্ব-এর উপর বিজয়ী থাকবে। পরিত্যাগকারীরা তাদের কোন ক্ষতি করতে পারবে না। এমতাবস্থায় ক্রিয়ামত এসে যাবে ও তারা অনুরূপ অবস্থায় থাকবে' (মুসালম হা/১৯২০ 'ইমারত' অধ্যায়)।

তথ্য হক্ত-এর দা'ওয়াত দিলেই চলবে না; বরং সাথে সাথে আন্দোলন বা সংগ্রাম করতে হবে। কারণ দ্বীন প্রতিষ্ঠার জন্য সংগ্রাম অপরিহার্য।

वाफ्रणारी स्रकीन एन्य क्रिनिक

া কেন্দ্ৰ

চাকৎসা

লক্ষীপুর ভ রাজশাহী-৬০০ ফোনঃ ৭৭৫৮০ ু